

মার্কিন যুক্তরাষ্ট্র সমাজ ও সংস্কৃতি



সংখ্যা : ৪



সম্পাদনায়

মোঃ আবদুল হালিম
শরিফ উল্লাহ্ ভূঁইয়া

বাংলাদেশ এসোসিয়েশন ফর আমেরিকান স্টাডিজ
ও
যুক্তরাষ্ট্র তথ্য সরবরাহ কেন্দ্র (ইউসিস), ঢাকা

মার্কিন যুক্তরাষ্ট্রঃ সমাজ ও সংস্কৃতি

সংখ্যা : ৪

মোঃ আবদুল হালিম
শরিফ উল্লাহ্ ডুইয়া
সম্পাদিত

বাংলাদেশ এসোসিয়েশন ফর আমেরিকান ষ্টাডিস
ও
যুক্তরাষ্ট্র তথ্য সরবরাহ কেন্দ্র (ইউসিস), ঢাকা

মার্কিন যুক্তরাষ্ট্রঃ সমাজ ও সংস্কৃতি

চতুর্থ প্রকাশ : সেপ্টেম্বর ১৯৯৪

আশ্বিন ১৪০২

প্রকাশক

বাংলাদেশ এসোসিয়েশন ফর আমেরিকান ষ্টাডিস

ও

যুক্তরাষ্ট্র তথ্য সরবরাহ কেন্দ্র (ইউসিস), ঢাকা

মুদ্রণ ব্যবস্থাপনা

মমিন অফসেট প্রেস

৯, নীলক্ষেত, বাবুপুরা ঢাকা-১২০৫

ফোন : ৫০৯৪০১, ৮৬৬৪৭১

প্রচ্ছদ পরিকল্পনা

সাইদুর রহমান ফিরোজ

The United States of America: Society and Culture, Vol. 4. Edited by Md. Abdul Halim and Sharifullah Bhuiyan. Published jointly by the United States Information Service (USIS), Dhaka, and Bangladesh Association for American Studies (BAAS).

“মার্কিন যুক্তরাষ্ট্রের সমাজ ও সংস্কৃতি”-এর উপর অনুষ্ঠিত চতুর্থ
বার্ষিক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে BAAS-এর সভাপতি
অধ্যাপক নজরুল ইসলামের ভাষণ

GOOD MORNING.

Professor Emajuddin Ahamed, Mr. Donald Bishop, Mr. Chris Rochester, Participants, BAAS members, Ladies and Gentlemen. I welcome you all to this Conference on U.S. Society and Culture. This is the fourth venture in which Bangladesh Association for American Studies and the USIS seek to present to the teachers of various colleges in Bangladesh an opportunity to examine at close range the country, the nation, the people and the society that is America. America, or the United States of America to be more precise, is known to the world by many different definitions. In political terms it is a superpower, in military terms it is a mighty machine, in economic terms it is a giant. While we seek to examine America in all these varieties, we also look for an America revealed in its arts, its poetry, in its songs and the festivities. We try to discover America through its people, the blacks, the whites, the yellows and the browns alike. We try to discover America through its constitution, its civil rights and liberties, through its judges, and the courts, the presidents and the Senate, the political parties and the press. We search for America in the depths of its history, in its colonial past, in its declaration of independence, in the tragedies of its civil war. In our quest we look for a people, a country, a nation and a society as much through great times and big events as through the lives

of common men, women and children; how each life is lived and how each contributes to what ultimately becomes America. Ladies and gentlemen, let me welcome you all to join me and the BASS members in this journey of discovery.

Journeys such as this one, or any journey for that matter of fact, is best accomplished in company of others. What one sees, and hears, feels and experiences in a journey alone is multiplied many fold when shared with others. As we see and we hear, we feel and we experience, we find reasons to differ and to question and find reasons to question and find the need to inquire and to criticize. And thus we learn and share our learning as we journey together. It is because we wish to learn and share that learning that BAAS has been organizing these conferences. Here learning is not one of a student from a teacher but one of fellow travellers on a journey, we learn as we move along and as we move along we help and support our fellow travellers to move along by sharing the knowledge we gathered. Thus we shall see and hear, feel and experience, we shall differ and question, we shall inquire and criticize, we shall learn and share our learning. There is joy in sharing but in a journey the very act of making journey together becomes a joyous occasion. I welcome you all to such a journey.

This journey will take us to the beginning of U.S. history as America becomes a nation from a colony, and a state from a nation. The journey will take us through its political and the judicial system, through its economy and through the intricacies of its foreign policy into very private lives of its citizens. We shall face questions like the freedom of its ethnic groups, and struggles of its women to carve out for themselves a respectable and equal

position in society. As we journey we may listen to a few poems to break the monotony or hear of stories told about these people. In this journey we shall meet other fellow travellers as they themselves journeyed to their promised land through the centuries. And as we travel we may also be fortunate enough, and as Mansur promises us, to avail the railways running across the continent, to relieve us of some of our fatigue. Thus I can assure you all of an interesting and a comfortable journey. A journey that will help us learn and understand the country, the nation, the people and the society that is America.

This journey that we are about to make, like all others, has behind it the same hectic moments of preparations, the same nail biting, anxious waitings, worrying delays and last minutes finishings. Even at this very moment preparations are going on to speed us along on our journey. Therefore, at this point of embarkation, I feel that we need to show our gratitude to those without whose support our enterprise would not succeed.

First, I must thank our honorable chief guest, Professor Emajuddin Ahamed, the Vice-Chancellor of the University of Dhaka. Any one with the experience in administration, nay, no one with or without the experience of administration, will understand what the Vice-Chancellor of Dhaka University has to deal with. That he has found time to be with us can be explained only by his love for us, the members of BAAS, and his very personal interest in American studies. You may be surprised to know but it is true that even before we extended our invitation to join us for this conference, he was already inquiring about the possibility of opening up a

center for American Studies in Dhaka University. On previous occasions also, he showered us with such blessings and all-out support for our cause. I thank him for that, and thanks from all of us.

As you may be well aware, this undertaking would not be possible without financial and other such supports. The USIS and the American Cultural Center, as in the past, offered us the helping hand necessary to take up the task at hand. I thank Mr. Donald Bishop and Mr. Chris Rochester for their support, especially for being with us this morning. Thank you again. The officers and the staff of this Center, particularly Selim Shahabuddin and Zebunnesa Lily, have become so much a part of BAAS activities that we tend to treat them as one of us and as a result I often fail to acknowledge the debt that we all owe to them. Let me take this opportunity to thank them formally for their continued support. Thank you Selim and thank you Lily and similarly Reza and Kabir. Thank you all.

Those of you who have organized seminars and conferences have surely faced a very simple problem of finding the right persons to chair the various sessions. It is unfortunate but painfully true that the number of those who are capable of chairing sessions in a gathering of intellectuals is not only very small but those few who are there have either retired from active life or are on the verge of retirement and only a handful younger ones are available to fill their place. BAAS is definitely proud to say that on different occasions we have been able to invite amongst us the very best of the intellectuals, including the ones who have otherwise retired.

This conference is similarly graced by personalities like Professor Fazlul Halim Chowdhury, the Ex-Vice-Chancellor of Dhaka University, and Professor Abdul Momin Chowdhury, who is a house-hold name not only on campus but in the whole country for various different reasons. I thank them whole-heartedly for the part they will play.

BASS can also be proud that of those few younger ones who get to be called upon to chair intellectual sessions, most number among its members. I thank them for taking time out of their otherwise busy schedules to be with the participants of this conference. Thank you for that.

The primary objective of BAAS is to promote research interest in American Studies. This conference is one such venture. But the other and of equal importance is to encourage new scholarships. With this in mind BAAS has this year invited some younger scholars to work beside their senior colleagues for this conference. Thus you will find senior teachers such as Professor A.B.M. Mahmud, or Professor Syed Manzoorul Islam reading out their papers along with young lecturers like Sadeka Halim and Sajjad Jasimuddin, or fresh contributors to the field as Dr. Nasreen Khundker and Dr. Nurunnabi. I thank them and the other authors for their hard works to make this conference a success.

All the activities of the next three days are centered around our young colleagues who have joined us in this journey of exploring America. They have come from far corners of the country to join their other colleagues from the various colleges of Dhaka and the

surrounding areas. As I promise them three very eventful days I must extend my heartfelt gratitude to the administrators of their institutions for allowing them to participate in this conference. And hope that they will continue to cooperate with the same enthusiasm in the future as well.

Unlike the previous times, this year the entire responsibility for organizing this conference fell on BASS. I am happy and proud to report that BAAS members never lacked initiative in such a task. Sharifullah Bhuiyan and Md. Abdul Halim promptly volunteered to shoulder the responsibility. The successful completion of this conference will be largely due to their contributions. Thank you for taking up this charge.

The responsibility of managing the meager funds that BAAS possesses falls on shoulder of our treasurer Mrs. Hasina Matin. If you thought Shylock was a fictitious character you might try to talk to her about money. Well, you will face ten explanations. First you have to tell her why you need it, second, you will have to tell her why you need it, third time you have to tell her why you need it. The next seven times she will tell you why you can't have it. But an organization such as ours could not have survived without such control. That we can function at all, that is financially, is because of her and in situations like these because of a band of followers that she manages to attract to work as volunteers. I thank her for all of that, and through her the volunteers-- Hassan, Rahman, and Kamal. Let me also take this opportunity to thank the BAAS members who will be working all through the conference to make it a success. Like all other organizations, the

whole edifice of BAAS rests on the able shoulders of Fakrul, our General Secretary, who, as you will find, manages things without even trying. My only problem with him is that we tend to agree on most things. I wish all presidents had such secretaries. That would make the presidency so much easier (as if presidents are supposed to work). In any case, I thank him for all his support.

I guess that takes care of all that I had to say: I have explained the purpose and the objectives of this conference, I have thanked the guests, the participants and I have thanked the treasurer and the BAAS members and lastly the Secretary of the organization. Well, that's it. Except that I have a nagging feeling that I have missed someone.

Of course, how could I forget, I have not thanked the President of the organization; that's me. Well that does not matter, does it? After all we presidents do a lot of work too. I asked Sharifullah and Halim to organize the conference and they did; they talked to me about the chair persons and the paper writers. Of course I did not have time to go through the details, that's why I selected them. After all, what are the conference coordinators for. I asked Mrs. Matin to work out a tight budget, she did. Of course she showed it to me and explained all the various sectors, But I cannot bother with those-- it is her duty. After all what are treasurers for. Fakrul in his usual ways organized things, made me chair numerous meetings. I sat through those, though I tend to be a little sleepy in the afternoon meetings. I think, I sat through those. He made me sign this or that paper; I did not look at them-- that's his duty. After all what are the General Secretaries for. And

now, I feel tired from all that work, but a man has got to do what he has got to do. So I did all those works: delegated the responsibilities, signed papers and slept through meetings. After all what are Presidents for.

Thank you.

ভূমিকা

“মার্কিন যুক্তরাষ্ট্রের সমাজ ও সংস্কৃতি”র উপর চতুর্থ বার্ষিক সেমিনারটি ১৯৯৪ সনের ২০শে থেকে ২২শে সেপ্টেম্বর ঢাকাস্থ মার্কিন তথ্য কেন্দ্রের (USIS) মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ এসোসিয়েশন ফর আমেরিকান স্টাডিস (BAAS) ও USIS কর্তৃক যৌথভাবে আয়োজিত এ সেমিনারে বাংলাদেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত ৪৩ জন কলেজ শিক্ষক/শিক্ষিকা অংশগ্রহণ করেন। পুরো সেমিনারটি মার্কিন সমাজ ও সংস্কৃতির বিভিন্ন বিষয়ের উপর আলোচনা সম্বলিত মোট সাতটি কর্ম অধিবেশনে বিভক্ত ছিল। এ ছাড়াও উদ্বোধনী অনুষ্ঠান, গোল টেবিল আলোচনা, সার্টিফিকেট বিতরণ, মার্কিন সমাজ ও সংস্কৃতিকে প্রতিফলিত করে এমন ভিডিও প্রদর্শনী ও পরিশেষে অংশগ্রহণকারীদেরকে সম্বর্ধনা প্রদান ইত্যাদি মিলে অন্যান্য বারের মত এ বছরের সেমিনারটিও ছিল খুবই প্রাণবন্ত।

উদ্বোধনী অনুষ্ঠানে সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন মার্কিন সাংস্কৃতিক কেন্দ্রের পরিচালক ক্রিস রচেষ্টার। আরও ভাষণ দেন BAAS-এর সাধারণ সম্পাদক অধ্যাপক ফকরুল আলম ও USIS-এর পরিচালক ডোনাল্ড বিশপ। সেমিনারটি উদ্বোধন করেন প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দীন আহমদ। BAAS-এর সভাপতি অধ্যাপক নজরুল ইসলামের ভাষণের মধ্যদিয়ে উদ্বোধনী অনুষ্ঠান শেষ হয়।

কর্ম অধিবেশনগুলোতে সভাপতিত্ব করেন যথাক্রমে অধ্যাপক ফকরুল আলম, অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, অধ্যাপক আবদুল মমিন চৌধুরী, অধ্যাপক মমতাজ উদ্দীন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক ফজলুল হালিম চৌধুরী, অধ্যাপক নিয়াজ জামান ও অধ্যাপক নজরুল ইসলাম। এবারে সর্বমোট তেরটি নিবন্ধ উপস্থাপিত হয়। প্রতিটি নিবন্ধ উপস্থাপনের পরপরই মুক্ত আলোচনার ব্যবস্থা রাখা হয়, এবং নিবন্ধকার অংশগ্রহণকারীদের উত্থাপিত বিভিন্ন প্রশ্নের জবাব দেন। এ কর্ম অধিবেশনগুলো শেষ হবার পর “বাংলাদেশে মার্কিন যুক্তরাষ্ট্রে সম্পর্কিত অধ্যয়ন” শীর্ষক যে গোলটেবিল আলোচনার ব্যবস্থা রাখা হয় তাতে সভাপতিত্ব করেন BAAS-এর সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম, এবং এখানে বিভিন্ন অনুসন্ধিৎসার জবাব দেবার জন্য বিশেষভাবে উপস্থিত ছিলেন সেমিনারের যৌথ সমন্বয়কারী শরিফ উল্লাহ

ভুঁইয়া ও মোঃ আবদুল হালিম, এবং BAAS-এর কোষাধ্যক্ষ মিসেস হাসিনা মতীন। বাংলাদেশে মার্কিন যুক্তরাষ্ট্র সম্পর্কে অধ্যয়ন কেন গুরুত্বপূর্ণ ও এ ব্যাপারে করণীয় সম্পর্কে খোলামেলা মত বিনিময় করা হয়। এ ছাড়াও হাক্কা মেজাজে পরিচালিত এ আলোচনার মাধ্যমে কর্ম অধিবেশনগুলোতে পঠিত বিভিন্ন নিবন্ধে আলোকপাত করা সম্ভব হয়নি কিন্তু অনেকের মনে মার্কিন যুক্তরাষ্ট্র সম্পর্কে যে সকল কৌতূহলের উদ্রেক হয়েছিল তা নিবৃত্ত করা সহজসাধ্য হয়।

এখন আমরা মার্কিন সমাজ ও সংস্কৃতিকে প্রতিফলনকারী নিবন্ধসমূহ সম্পর্কে পাঠককে কিঞ্চিৎ ধারণা প্রদানের প্রয়াস পাচ্ছি।

প্রথমেই অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম “সাম্প্রতিক আমেরিকান উপন্যাস” সম্পর্কে আলোচনা করেছেন। তাঁর মতে, আমেরিকান সাহিত্যে একটি শক্তিশালী মাধ্যম হল উপন্যাস। বেশ কয়েকজন বিশিষ্ট উপন্যাসিক বর্তমান শতাব্দীর প্রথম দশক থেকে সাহিত্যের এ শাখাটি উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। অধ্যাপক ইসলাম তাঁদের অধিকাংশ, যেমন ফকনার, ফিটজেরাল্ড, হেমিংওয়ে, ষ্টাইনবেক, বেলো প্রমুখের সাহিত্যকর্ম সম্পর্কে সংক্ষিপ্ত কিন্তু চমৎকার মন্তব্য রেখেছেন।

এরপর শাহীন মাহমুদ “সমসাময়িক মার্কিন কবিতা” শীর্ষক নিবন্ধে সে দেশের বিশিষ্ট কবিদের কবিতার নতুনত্ব ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করেছেন। তাঁদের কবিতায় মার্কিন সমাজ জীবনের বিভিন্ন অভিব্যক্তি কিভাবে ধরা পড়েছে তা তাঁর আলোচনায় পরিস্ফুট। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল মানবজীবনের যৌন পরিচিতি ও অভিজ্ঞতা, নারীবাদী চিন্তাধারা, ভিয়েতনাম যুদ্ধের প্রভাব, ইত্যাদি। কিন্তু নিবন্ধটির সংশোধিত কপি আমাদের নিকট যথা সময়ে এসে না পৌঁছায় এটি ছাপানো গেল না।

সাহিত্য থেকে এরপর দৃষ্টিপাত করা হয়েছে মার্কিন ইতিহাসের দিকে। সুদীর্ঘদিনের ঔপনিবেশিক শাসন, শোষণ ও নিপীড়নের বিরুদ্ধে অস্ত্রধারণ নিঃসন্দেহে আমেরিকাবাসীদের মনোজগতে সৃষ্টি এক ভাবাদর্শ ও আকাঙ্ক্ষারই প্রতিফলন। কিন্তু সে আকাঙ্ক্ষা কি ছিল? “আমেরিকান বিপ্লব” প্রবন্ধে অধ্যাপক এ, বি, এম, মাহমুদ বিভিন্ন ঘটনাবলীর সংক্ষিপ্ত বর্ণনাসহ আমেরিকার স্বাধীনতা যুদ্ধের পটভূমি ও উক্ত কালজয়ী ঘটনার প্রভাব, প্রকৃতি ও বৈশিষ্ট্য সম্পর্কে

বিভিন্ন পণ্ডিত ও ইতিহাসবেত্তাদের দৃষ্টিভঙ্গি, মূল্যায়ন ও মতামত উদ্ধৃত করেন। আমেরিকান বিপ্লবের চরিত্র বিশ্লেষণই লেখাটির প্রধান উপজীব্য বিষয়।

মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার ব্যবস্থার শীর্ষদেশে অধিষ্ঠিত সর্বোচ্চ আদালত সুপ্রীম কোর্ট এর মৌলিক এখতিয়ারসহ সকল "আইনের ব্যাখ্যা, বিচার বিভাগীয় সমীক্ষার ক্ষমতা এবং সংবিধানের ব্যাখ্যা কর্তা ও নিয়ামক শক্তি" হিসেবে অনন্যসাধারণ ক্ষমতার অধিকারী। অধ্যাপক এম, নজরুল ইসলাম "মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্ট: একটি সংক্ষিপ্ত পর্যালোচনা" শীর্ষক প্রবন্ধে আমেরিকান সুপ্রীম কোর্টের গঠন, ক্ষমতা ও এখতিয়ার এবং কোর্টের ভূমিকা বিষয়ে বিশদ আলোচনা করেন। মার্কিন সমাজ ও রাষ্ট্র জীবনে উক্ত প্রতিষ্ঠানের গুরুত্ব এ লেখাটিতে স্থান পেয়েছে।

সেমিনারে উপস্থাপিত পরবর্তী প্রবন্ধে মিসেস জেবুনেসা রহমান "মার্কিন যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা" সম্পর্কে আলোচনা করেছেন। তাঁর উপস্থাপিত বিষয়টি প্রায়োগিক দিক থেকে অর্থবহ, কারণ কোন বাংলাদেশী যদি মার্কিন যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষা গ্রহণের জন্য যেতে চায় তবে তাকে কি কি করতে হবে সে সম্বন্ধে ধারণা প্রদানের জন্য এ প্রবন্ধটি, এবং পরবর্তী প্রশ্নোত্তর ছিল অত্যন্ত সহায়ক। তবে যেহেতু এ প্রবন্ধটি গতবারের সেমিনারেও উপস্থাপিত হয়েছিল এবং *মার্কিন যুক্তরাষ্ট্র: সমাজ ও সংস্কৃতি*-এর ৩য় সংখ্যায় ছাপা হয়েছিল, তাই বর্তমান সংখ্যায় এটি আর পুনর্মুদ্রিত করা হল না।

মার্কিন অর্থনীতির সাম্প্রতিক দু'টো গুরুত্ববহ বিষয়ে আলোকপাত করেছেন নাসরীন খন্দকার ও সাজ্জাদ এম, জসীমউদ্দীন। নাসরীন "তৃতীয় বিশ্বে রেগানোমিস্ট্রের প্রভাব" শীর্ষক প্রবন্ধে অত্যন্ত সংক্ষিপ্ত পরিসরে প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট রেগান কর্তৃক অনুসৃত অর্থনীতির মূলনীতিসমূহ, এবং শুধু মার্কিন সমাজ ও অর্থনীতিই নয়, তৃতীয় বিশ্বেও এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে মত প্রকাশ করেছেন।

"বাণিজ্যিক জোট নাফটাঃ প্রকৃতি ও প্রভাব" শীর্ষক প্রবন্ধে জসীমউদ্দীন নাফটা গঠনের পটভূমি, সদস্য দেশসমূহে বিশেষতঃ মার্কিন যুক্তরাষ্ট্রে নাফটার প্রভাব, এবং সর্বোপরি সদস্য বহির্ভূত দেশে, বিশেষ করে বাংলাদেশে, নাফটার কোন বিরূপ প্রতিক্রিয়া দেখা যাবে কিনা তা মূল্যায়ন করেছেন। তবে বিশেষ কারণে এটি বর্তমান সংকলনে অন্তর্ভুক্ত করা হল না।

একথা সর্বজনবিদিত যে মার্কিন যুক্তরাষ্ট্রে বিশ্বব্যাপী উচ্চকণ্ঠে মানবাধিকার প্রচার করে থাকে। আপাতদৃষ্টিতে মনে হয় মানবাধিকার ধারণাটি মার্কিনীদের সমাজ জীবনের সাথে ওতপ্রোতভাবে জড়িত। কিন্তু বাস্তবেও কি তাই? এর কিঞ্চিৎ জবাব পাওয়া যাবে দু'টো নিবন্ধে। প্রথমে অধ্যাপক মোস্তফা চৌধুরী “আমেরিকায় মানবাধিকার” প্রবন্ধে মানবাধিকারের সংজ্ঞা ও ব্যাখ্যা দেন এবং এ ধারণাটির বিকাশ কিভাবে বিভিন্ন জাতি গোষ্ঠীর মধ্যে সঞ্চারিত হয় তা দেখানোর প্রয়াস পান। তিনি যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ঘোষণা, ১৭৮৭ সালে প্রণীত যুক্তরাষ্ট্রের শাসনতন্ত্র ও এর সংশোধনীগুলোর আলোকে আমেরিকান সমাজে পর্যায়ক্রমে মৌলিক মানবাধিকারের স্বীকৃতি কিভাবে আসে তা পর্যবেক্ষণ করেন।

এরপর সাম্প্রতিক কালে মার্কিন যুক্তরাষ্ট্র বহিঃবিশ্বে মানবাধিকার সম্মুত রাখতে কি ব্যবস্থা নিচ্ছে সে সম্পর্কে ধারণা প্রদান করেছেন শামসুল ইসলাম খান “ক্লিনটন শাসনামলে মানবাধিকার ও মার্কিন বৈদেশিক নীতি” শীর্ষক নিবন্ধে। খান প্রতিপন্ন করেছেন যে “ক্লিনটন সরকার তার বৈদেশিক নীতিতে গণতন্ত্রায়ন ও মানবাধিকারকে অন্যতম প্রধান উপাদ্য বিষয় হিসেবে স্থান দিয়েছে এবং বিভিন্ন দেশে এর বিস্তৃতি ও প্রসারের জন্যে প্রয়োজনে ‘মুলা-মুগুর নীতি’ অনুসরণের সিদ্ধান্ত নিয়েছে। অবশ্য বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করতে গিয়ে কিছু কিছু দেশে এই ‘মুলা-মুগুর নীতি’ সফলভাবে প্রয়োগ করতে সক্ষম হলেও যে সব দেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মার্কিনী অর্থনৈতিক এবং/অথবা ভূ-রাজনৈতিক স্বার্থ জড়িত রয়েছে যেমন নাফটাভুক্ত দেশসমূহ ও গণচীন-- সেখানে অসম, প্রায় আপসমুখী একটি বৈদেশিক নীতি অনুসরণ করতে বাধ্য হচ্ছে।”

মানবাধিকারের মত সমান গুরুত্বপূর্ণ হল স্বাধীনতা। মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসনকারীদের বসতিস্থাপনের শুরু থেকে গত শতাব্দীর মাঝামাঝি সময় পর্যন্ত চলতে থাকা আফ্রিকার নিগ্রো ক্রীতদাসদের উপর অত্যাচার-নির্যাতন ও তা থেকে তাদের মুক্তি লাভের আকুল আকাঙ্ক্ষা ও প্রচেষ্টা সম্পর্কে আলোচনা করেছেন খালিকুজ্জামান ইলিয়াস “ফ্রেডারিক ডগলাসের কাহিনীতে মুক্তি-চেতনা” নিবন্ধে। ফ্রেডারিক ডগলাস তাঁর ক্রীতদাস জীবনের মর্মস্বন্দ কাহিনী ও মুক্ত জীবনের আনন্দ যে অনবদ্য ভাষা ও আবেগে প্রকাশ করেছেন, ইলিয়াস তাঁর নিজস্ব সাবলীল রচনাশৈলীর মাধ্যমে তা যথার্থভাবে ফুটিয়ে তুলতে চেষ্টা করেছেন এবং বহুলাংশে সফলও হয়েছেন।

বর্তমান নারীমুক্তি আন্দোলনের পথিকৃৎ হিসেবে বিবেচিত মার্কিন যুক্তরাষ্ট্রে "নারীবাদী তাত্ত্বিকরা অন্যান্য বিষয়ের সাথে সাথে দেখাবার চেষ্টা করেন, কিভাবে অদক্ষ ক্ষেত্রে, স্বল্প আয়ের ভিত্তিতে মহিলাদের নিয়োগ করা হয়"-- এতদসম্পর্কিত আলোচনা স্থান পেয়েছে সাদেকা হালিমের " সাংগঠনিক বিশ্লেষণে জেন্ডার ইস্যুজ" শীর্ষক নিবন্ধে। কিন্তু লেখিকা বর্তমানে বিদেশে অবস্থান করায় তাঁর নিকট থেকে নিবন্ধে ব্যবহৃত বিভিন্ন রেফারেন্স পাওয়া যায়নি যে কারণে এটিও বর্তমান সংকলনে অন্তর্ভুক্ত করা সম্ভব হল না।

একথা বলার অপেক্ষা রাখে না যে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রধানতঃ অভিবাসী অধ্যুষিত দেশ। এ অভিবাসন প্রক্রিয়া সে দেশের জনসংখ্যাকেই গুঁধু স্ফীত করেনি, দেশটির সার্বিক বিবর্তনেও গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। এ.কে.এম, নূর-উন-নবী "বিশ শতকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী অভিবাসনের মাত্রা ও ধারা" শীর্ষক নিবন্ধে বর্তমান শতাব্দীতে আমেরিকায় বিদেশী অভিবাসন নিয়ন্ত্রণ আইনের উল্লেখসহ অভিবাসীদের সংখ্যা ও হার এবং তাদের তুলনামূলক জাতিগত অথবা দেশজ পরিচয় অর্থাৎ অভিবাসনের উৎস সম্পর্কে আলোকপাত করেছেন।

কর্মশালার সর্বশেষ নিবন্ধে নুরুল হুদা আবুল মনসুর "মার্কিন যুক্তরাষ্ট্রের রেল ব্যবস্থা"য় আমেরিকার রেল সড়ক ও রেল পরিবহন ব্যবস্থা বিকাশের তথ্যভিত্তিক ও চিত্তাকর্ষক বর্ণনা দিয়েছেন। রেল ব্যবস্থার বিকাশকে তিনি চারটি পর্যায়ে ভাগ করেন এবং পরিসংখ্যানসহ সে অগ্রগতির ধারাকে চিহ্নিত করতে প্রয়াসী হন। আমেরিকায় নগর সভ্যতার বিস্তার এবং অর্থনৈতিক উন্নয়নে রেলপথ যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা মনসুরের লেখায় চমৎকারভাবে ফুটে উঠে।

"মার্কিন যুক্তরাষ্ট্রঃ সমাজ ও সংস্কৃতি"র এ চতুর্থ সংখ্যাটি প্রকাশ করা সম্ভব হয়েছে BAAS-এর উদ্যোগ গ্রহণের ফলে এবং মার্কিন তথ্য কেন্দ্রের অর্থানুকূলে। আর্থিক সহায়তা দান ছাড়াও উৎসাহ প্রদানের জন্য আমরা মার্কিন সাংস্কৃতিক কেন্দ্রের পরিচালক ক্রিস রচেষ্টারের নিকট ঋণী। এ কেন্দ্রের সংস্কৃতি বিষয়ক বিশেষজ্ঞ সেলিম শাহাবুদ্দীন সেমিনার অনুষ্ঠানের ব্যাপারে এবং প্রকাশনার কাজে যথেষ্ট সহায়তা করেছেন যে জন্য তাঁকে জানাই আন্তরিক ধন্যবাদ। BAAS-এর সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ফকরুল আলম এবং কোষাধ্যক্ষ মিসেস হাসিনা মতীন এ সংকলনটির প্রকাশনার বিভিন্ন ক্ষেত্রে আমাদেরকে যে সহযোগিতা প্রদান করেছেন সেজন্য তাঁদের সবাইর নিকট আমরা কৃতজ্ঞ। মমিন

অফসেট প্রেসের স্বত্বাধিকারী মোঃ সাইদুর রহমান ফিরোজ ও তাঁর কর্মচারীবৃন্দ অতি অল্প সময়ে এ সংকলনটি ছাপিয়ে আমাদের ধন্যবাদার্থ হয়েছেন। পরিশেষে আমাদের বিনীত নিবেদন এই যে অতি দ্রুত মুদ্রণের কাজ সম্পন্ন করার জন্য বর্তমান সংকলনটিতে কিছু ভুল-ত্রুটি থাকা স্বাভাবিক যা আমরা আশা করি পাঠক ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।

বিনয়াবত,

ঢাকা, সেপ্টেম্বর, ১৯৯৫

মোঃ আবদুল হালিম
শরিফ উল্লাহ ভূঁইয়া

সূচীপত্র

সাম্প্রতিক আমেরিকান উপন্যাস সৈয়দ মনজুরুল ইসলাম	১
আমেরিকান বিপ্লব এ, বি, এম, মাহমুদ	১৫
মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীম কোর্ট: একটি সংক্ষিপ্ত পর্যালোচনা এম, নজরুল ইসলাম	২৬
তৃতীয় বিশ্বে রেগানোমিন্সের প্রভাব নাসরীন খন্দকার	৩৬
আমেরিকায় মানবাধিকার মোস্তফা চৌধুরী	৪০
ক্লিনটন শাসনামলে মানবাধিকার ও মার্কিন বৈদেশিক নীতি শামসুল ইসলাম খান	৪৮
ফেডারিক ডগলাসের কাহিনীতে মুক্তি-চেতনা খালিকুজ্জামান ইলিয়াস	৫৬
বিশ শতকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী অভিবাসনের মাত্রা ও ধারা এ, কে, এম, নূর-উন-নবী	৬৬
মার্কিন যুক্তরাষ্ট্রের রেল ব্যবস্থা নুরুল হুদা আবুল মনসুর	৮০

লেখক পরিচিতি

খালিকুজ্জামান ইলিয়াস

অধ্যাপক, ইংরেজী বিভাগ
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

এম, নজরুল ইসলাম

অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

সৈয়দ মনজুরুল ইসলাম

অধ্যাপক, ইংরেজী বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

নাসরীন খন্দকার

সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

শামসুল ইসলাম খান

সহযোগী অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

মোস্তুফা চৌধুরী

অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

এ, কে, এম, নূর-উন-নবী

সহযোগী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

নুরুল হুদা আবুল মনসুর

সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

এ, বি, এম, মাহমুদ

অধ্যাপক ইতিহাস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

সম্পাদক পরিচিতি

শরিফ উল্লাহ্ ডুইয়া

সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

মোঃ আবদুল হালিম

অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

সাম্প্রতিক আমেরিকান উপন্যাস

সৈয়দ মনজুরুল ইসলাম

১. আধুনিক আমেরিকান উপন্যাসের একটি শক্তিশালী উত্থানকাল ছিল বিংশ শতাব্দীর প্রথম কয়েক দশক, যখন সিনক্লেয়ার লিউইস, উইলিয়াম ফকনার, এফ. স্কট ফিটজেরাল্ড এবং আর্নেস্ট হেমিংওয়ের মত লেখকের আত্মপ্রকাশ ঘটে। ইউরোপে ও আমেরিকায় এ সময়টি ছিল আধুনিকতার বিকাশকাল। যুগের চিন্তায় ও মননে সে সময় উনিশ শতাব্দীর প্রভাব হ্রাস পেতে থাকে, ব্যক্তিকেন্দ্রিকতা, ব্যক্তির অস্তিত্বের নানা সংকট-বিচ্ছিন্নতা, নিঃসঙ্গতা এবং পারক্যাবোধ-প্রাতিষ্ঠানিক নানা বিশ্বাসের ভঙ্গুরতা, মনস্তাত্ত্বিক জটিলতা, নগরায়ন এবং এর বিবিধ প্রভাব পরিবর্তিত করে সাহিত্যের বিষয় আশয়, তার ভাষা, মানুষের চিন্তাভাবনা, আখ্যানের শৈলী এবং লেখকের অবস্থান। আমেরিকাতে প্রধানতঃ হেনরি জেমস-এর প্রভাবে উনিশ শতকের শেষ ভাগেই উপন্যাসের শৈলীতে যুগান্তকারী পরিবর্তন আসে। জেমস এর বিষয় যদিও ছিল প্রধানত নৈতিক : অভিজ্ঞতা এবং নিষ্পাপতার আন্তঃসম্পর্ক, অথবা বৈরি সমাজে শিল্পীর অবস্থান, তাঁর ভাষা ছিল সচেতন সৃষ্টি, তাঁর চরিত্রায়ন মনস্তাত্ত্বিক দিক থেকে জটিল। তিনি দৃষ্টি দেন চরিত্রের মুহূর্তের ভিতরে, তার অন্তরসময়ে, তার অভিজ্ঞতার কেন্দ্রে: এবং এসব ফুটিয়ে তুলতে গিয়ে তাঁর আখ্যানটি হয়ে দাঁড়ায় মুহূর্ত থেকে মুহূর্তে বিস্তৃত একটি চিত্রময় পটের মত। ইউরোপে চেতনা প্রবাহ পদ্ধতির যে সফল প্রয়োগ আমরা জেমস জয়েস বা ভার্জিনিয়া উলফ-এ দেখি, তার একটি প্রারম্ভিক রূপ হেনরি জেমস- এ আবিষ্কার করা যায়। বলা যায় হেনরি জেমস ম্যালার্মে কথিত গোত্রের ভাষা পরিশ্রুত করার কাজটি করে গেছেন, তার ওপর পরবর্তী লেখকরা তাদের আখ্যান নির্মাণ করেছেন।

ফকনার, ফিটজেরাল্ড, হেমিংওয়ে অথবা জন স্টাইনবেক আধুনিকতার সংজ্ঞাকে প্রশস্ত করেছেন তাদের কাজের মধ্য দিয়ে। ফকনার চেতনা প্রবাহ পদ্ধতির সফল প্রয়োগ করেছেন, একটি নির্দিষ্ট ভূগোলে মানুষকে স্থাপন করে তাকে নিকট থেকে পর্যবেক্ষণ করেছেন, কিন্তু আসলে তাঁর উদ্দেশ্য ছিল নিঃসঙ্গ এবং অনিকেত মানুষের স্বরূপ অন্বেষণ। ফিটজেরাল্ড তাঁর সময়কে নিজেই 'জাজ যুগ' বলে অভিহিত করেছেন এবং বলেছেন এটি এক নতুন প্রজন্মের সময়, যে প্রজন্ম বড় হয়ে দেখেছে সব দেবতারাই মৃত, সব যুদ্ধ লড়া হয়ে গেছে, এবং মানুষের ওপর সব বিশ্বাস গেছে হারিয়ে। এই শূন্যতাবোধ থেকে ফিটজেরাল্ড সৃষ্টি করেছেন উন্মাদক চরিত্র, যারা জীবনটাকে উৎসবের আমেজে দেখতে চায়: দেখে, সেই শূন্যতাবোধ থেকে নিকৃতি পেতে

চায়। হেমিংওয়ের উপন্যাসে এই শূন্যতাবোধ একটি বিশাল ছায়া হয়ে মানুষকে গ্রাস করতে চায়। হেমিংওয়েকে বলা হয় আমাদের সময়ে নেতির সবচেয়ে প্রবল রূপকার। স্পেন-এ গৃহযুদ্ধ এবং প্রথম মহাযুদ্ধের ধ্বংসযজ্ঞ এবং বীভৎসতা তাঁকে হতাশার চূড়ায় নিয়ে গেছে; তাঁর উপন্যাসের হারিয়ে যাওয়া প্রজন্ম আমাদের সময়ের হৃদয়হীন সমাজব্যবস্থার এক শক্তিশালী উপমা। হেমিংওয়ে চেষ্টা করেছিলেন নেতির প্রকোপ থেকে মানুষকে রক্ষা করার জন্য, কিছু ব্যক্তিগত বৈশিষ্ট্যের একটি মূল্যবোধ সৃষ্টি করতে। তাঁর নায়কেরা ওই মূল্যবোধের প্রকাশক। হেমিংওয়ের চমৎকার ভাষা, তাঁর সংলাপ, তাঁর অন্তরঙ্গ মুহূর্তগুলির উন্মোচন আমেরিকান উপন্যাসে যোগ করেছে নতুন মাত্রা।

জন স্টাইনবেক প্রধানত চেষ্টা করেছেন অর্থনৈতিক ভাবে বিপর্যস্ত কৃষি সম্প্রদায় ও নিম্নবিত্ত মানুষের জীবনের বাস্তব এবং বিশ্বস্ত কড়চা রচনা করতে। তাঁর উপন্যাস এজন্য বাস্তববাদী এবং প্রকৃতি-ধর্মী অথচ তাঁর লেখার একটা মরমী আকর্ষণও আছে, যা আমাদের দৃষ্টি নিবদ্ধ করে স্টাইনবেকের কুশলী শৈলীর প্রতি। বলা হয়, স্টাইনবেক তাঁর উপন্যাসে বিষয় ও শৈলীর যে বিশ্বস্ত আন্তঃসম্পর্ক রচনা করেছেন, তা পরবর্তীতে সমাজঘনিষ্ঠ উপন্যাসে জোরালো প্রভাব ফেলেছে।

আধুনিকতার একটি প্রকাশ হচ্ছে এর সচেতন সৃষ্টিকুশলতা; অর্থাৎ শিল্পীরা তাঁদের সৃষ্টিকর্মের পেছনে কোনো বহিঃস্থ উদ্দেশ্যকে স্বীকার না করে তাকে আখ্যানরচনার একটি সূচিস্তিত এবং সচেতন প্রয়াস থেকে উদ্ভূত বলে বিবেচনা করেছেন। আধুনিক শিল্প ও সাহিত্য বুদ্ধিনির্ভর; আত্মসমালোচনামূলক এবং নিরন্তর নিরীক্ষাধর্মী। এই গুণাবলী সাহিত্যকে একই সঙ্গে হৃদয় ও বুদ্ধির যমজ প্রক্রিয়ার ফসল হিসেবে চিহ্নিত করে।

আধুনিকতার এই চারিত্রলক্ষণগুলি প্রবলভাবে প্রকাশিত হয় ফকনারের 'এজ আই লে ডায়িং', অথবা ফিটজেরাল্ডের 'দি গ্রেট গ্যাটসবী' অথবা হেমিংওয়ের 'দি সান অলসো রাইজেস' বা 'দি ওল্ড ম্যান এন্ড দি সী' উপন্যাসে। আমরা বলতে পারি আমেরিকার উপন্যাস একটি বৈশ্বিক মান অর্জন করে এসব উপন্যাসিকের লেখার মধ্য দিয়ে, যা হেনরি জেমকেও হয়তো একই সাথে আনন্দিত এবং বিস্মিত করত, যদি তিনি বেঁচে থাকতেন। কিন্তু এর পর যে উপন্যাসিকরা সামনে এগিয়ে আসেন, যাদের জন্ম হেনরি জেমসের মৃত্যুর পর, এবং যাদের উপন্যাস চল্লিশ ও পঞ্চাশের দশকে তুমুল আলোড়ন সৃষ্টি করে প্রকাশিত হতে থাকে, তাঁরাও তাঁদের পূর্বসূরীদের খ্যাতির প্রতি সম্মান দেখিয়ে তা আরো বৃদ্ধি করেছেন। এই দলে, যাদের দ্বিতীয় প্রবাহের

ঔপন্যাসিক' বলে কোনো কোনো সময় অভিহিত করা হয়, আছেন জেমস এজী, বার্নার্ড মালামুড, সল বেলো, জে.ডি. স্যালিঙ্গার, জেমস বন্ডউইন, উইলিয়াম স্টাইরণ এবং ফ্লেনারী ও'কনর এর মত লেখক। যদিও সল বেলোকে বাদ দিলে আর কারো সেই উচ্চতা বা খ্যাতি ছিলনা ফকনার বা হেমিংওয়ের মত, তাঁদের লেখাতেও সমকালের অনেক জিজ্ঞাসার সমস্যা ও সংকট, কোনো কোনো ক্ষেত্রে কিছুটা আশাবাদ, অস্তিত্বের নানা প্রশ্ন, নগর সভ্যতার অন্তঃসারশূন্যতা এবং আত্মিক বিশৃঙ্খতার বিষয় ঘুরে ফিরে আসে। তাঁদের ভাষা যুগের প্রয়োজনে পরিবর্তিত হয়েছে, শৈলীতে নিরীক্ষাধর্মিতার প্রচলন ছায়াপাত রয়েছে। দ্বিতীয় মহাযুদ্ধে আমেরিকা জড়িত থাকলেও সেদেশের মূল ভূখণ্ডে কোন যুদ্ধ হয় নি, একমাত্র হাওয়াই ছাড়া, মানুষও যুদ্ধের বীভৎসতা বা তার সংহারি রূপটি সরাসরি প্রত্যক্ষ করেনি। কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধ এক প্রতীকী অর্থে যে অশুভের জন্ম দিয়েছিল, বা যে অশুভকে সামনে নিয়ে এসেছিল, তার স্পর্শটি আমেরিকার জীবনে একটি গভীর ক্ষতের সৃষ্টি করেছিল। তাই দ্বিতীয় বিশ্ব যুদ্ধোত্তর আমেরিকান উপন্যাসের চিন্তা চেতনায় এই ক্ষতটি এক বিশাল অনিশ্চয়তার জন্ম দিয়েছিল। জে.ডি স্যালিঙ্গার সম্ভবত সবচেয়ে কুশলতার সাথে এই অনিশ্চয়তার একটি চিত্র এঁকেছেন তাঁর নানা ছোটগল্পে এবং উপন্যাসে। যুদ্ধ পরবর্তী যুগের তারুণ্য কিভাবে শূন্যতাবোধে আক্রান্ত হয়ে মুখ খুবড়ে পড়ে, সে তারুণ্যের সঙ্গে পূর্ববর্তী প্রজন্মের ব্যবধান কিভাবে ট্রাজিক পরিণতির দিকে নিয়ে যেতে পারে হতাশাগ্রস্ত তরুণ তরুণীকে, তাঁর গল্প উপন্যাসে এই চিন্তাগুলি প্রধান হয়ে ওঠে। তাঁর 'দি ক্যাচার ইন দি রাই' উপন্যাসে এই শূন্যতাবোধ, যৌনতার নানা সংকট, অনিকেত ও ভাসমান তরুণের নানা প্রশ্ন ও বিস্ময়বোধকে স্যালিঙ্গার তাঁর তীব্র অথচ বাস্তববাদী শৈলীতে উত্থাপন করেছেন। চলতি ভাষাকে, বিশেষ করে প্রতিদিনের ব্যবহারের ভাষাকে, তিনি এক বিশিষ্ট শিল্পমহিমা দান করেছেন।

উইলিয়াম স্টাইরণও, স্যালিঙ্গারের মত, প্রজন্ম ব্যবধান, আত্মহত্যা, পারক্যবোধ ইত্যাদি বিষয়কে প্রাধান্য দেন তাঁর উপন্যাসে। স্টাইরণ ছিলেন দক্ষিণের মানুষ; সেই সুবাদে হয়তো ফকনারের প্রভাব পড়েছে তার উপর। কিন্তু 'লাই ডাউন ইন ডার্কনেস' উপন্যাসে তিনি দৃষ্টি নিবদ্ধ করেন ভূগোলে নয়, মানুষের আন্তঃসম্পর্কে। এর বিষয়টি এক মদ্যপ পিতা এবং তার কন্যাকে নিয়ে রচিত এবং মেয়েটির আত্মহত্যা নির্ধারণ করে উপন্যাসটির ট্রাজিক চরিত্র। কিন্তু প্রতীকী অর্থে উপন্যাসটি তুলে আনে যুদ্ধ পরবর্তী আমেরিকান সমাজের অস্থিরতা, গন্তব্যহীনতা, সর্বগ্রাসী অনিশ্চয়তা, একাকীত্ববোধ এবং প্রজন্ম ব্যবধানের বিষয়গুলিকে। জেমস এজীর উপন্যাসেও আসে দক্ষিণের ভূগোল, মৃত্যু এবং পারিবারিক সম্পর্কের বিষয়, যার প্রতীকী অর্থটি খুঁজে নিতে

আমাদের কোনো সমস্যা হয়না। অবশ্য এ ক্ষেত্রে ঔপন্যাসিকের শিল্পী সত্তা, তথা শিল্প ও শিল্পীর মধ্যে যে সম্পর্ক, সেটিও উল্লেখযোগ্য হয়ে দাঁড়ায়। 'এ ডেথ ইন দি ফ্যামিলি' উপন্যাসে আত্মজীবনীমূলক উপাদানগুলি সুচিহ্নিত। কিন্তু তাদের উপস্থিতি আমাদের মনোযোগ আকর্ষণ করে শিল্পীর বেড়ে ওঠার জটিল সময়গুলির দিকে। কিছুটা জেমস জয়েসের মত এজীর দৃষ্টিভঙ্গী, এবং পরিবেশনা। কিন্তু লক্ষ্যণীয়, মৃত্যুর প্রসঙ্গটি এজীর উপন্যাসেও এক ধরনের প্রাকৃতিক নিয়মের মত অবধারিতভাবে আসে।

পারিবারিক যে সম্পর্কের প্রসঙ্গ এখানে তোলা হল, যার ক্রমশঃ বিলীয়মান ও ক্ষয়িষ্ণু রূপটি যুদ্ধ-পরবর্তী আমেরিকান উপন্যাসে যুগপৎ শঙ্কা, উদ্বেগ এবং হতাশার সৃষ্টি করে, অত্যন্ত সফলভাবে উপস্থাপনা করেন সল বেলো: এবং একই সাথে ব্যক্তির অনিশ্চয়তা, বিচ্ছিন্ন তাবোধ, তার অর্থহীন দিনকাল এসবও তিনি অত্যন্ত দরদ দিয়ে ফুটিয়ে তোলেন। বেলো অনেকগুলি উপন্যাস লিখেছেন, তাদের দু'তিনটি বাদে সবগুলিই নন্দিত হয়েছে পাঠক এবং সমালোচক কর্তৃক। কিন্তু এদের মধ্যে যেটি পাঠকের মনোযোগ সবচেয়ে বেশী আকর্ষণ করেছে, 'সীজ দি ডে', তাতে বেলো আধুনিক কালের সমস্যাগুলিকে ব্যবচ্ছেদ করেছেন নিদানিক নিম্পৃহতায়। অথচ আমরা জানি, বেলোর সহানুভূতি পরিপূর্ণভাবে সক্রিয় ছিল ব্যর্থ নায়কটির প্রতি। আমেরিকান উপন্যাসে প্রতি-নায়ক কথাটি আগেরও ছিল, কিন্তু ভিকটিম-হিরো বা দুর্ভাগা-নায়কের রূপায়নটি বেলোর একান্ত নিজস্ব। তাঁর প্রধান চরিত্ররা অসফল- 'লীজ দি ডে'র টমি উইলহেম না সফল স্বামী বা সন্তান হিসেবে, না সে সমর্থ জীবনে স্বাচ্ছন্দ্য আনতে, যদিও তার পিতা একজন কোটিপতি, সফল। পিতা তাকে শেষ পর্যন্ত ঘৃণার চোখেই দেখেন, কারণ সে পৃথিবীর ভাষায় অপদার্থ। কিন্তু কেন সে অসফল? বেলো দেখান, তার ভিতরে বাসা বেঁধেছে এক সর্বনাশী নিষ্ক্রিয়তা, উদ্দেশ্যহীনতা, গন্তব্যবিমুখতা। বেলোর প্রথম উপন্যাসের নামকরণ থেকেই বোঝা যায়, কি ধরনের চরিত্র নিয়ে তিনি কাজ করবেন- 'দি ড্যান্সলিং ম্যান' বা ঝুলন্ত মানুষ ওই দুর্ভাগাদেরই প্রতীক। অন্য একটি উপন্যাসের নাম 'দি ভিকটিম'। কিন্তু 'সীজ দি ডে' উপন্যাসে বেলোর ভিকটিম চরিত্র সবচেয়ে সরাসরিভাবে উপস্থাপিত। এইসব পরাজিত, নিয়তি-নির্দিষ্ট মানুষজনের রূপায়নে যে উদ্ভটতা এবং মহিমার সমাহার ঘটান বেলো তাকে তুলনা করা যায় ফ্রানৎস কাফকার অতুলনীয় সৃষ্টিগুলির সাথে।

বেলোর উপন্যাসে সামাজিক বা রাজনৈতিক প্রসঙ্গগুলির প্রাধান্য নেই, আছে অস্তিত্ববাদী এবং বুদ্ধিবৃত্তিক চিন্তাভাবনার। এদিক দিয়ে বিচার করলে তাঁর উপন্যাসে বাস্তববাদের উৎসার

ঘটার কথা নয়: কিন্তু বাস্তবের সকল অনুষ্ণই সেখানে উপস্থিত। আমেরিকান সমাজে ব্যক্তির কি স্থান, এবং ওই ব্যক্তি তার নিজের সঙ্গে বোঝাপড়া করে কিভাবে যাপন করে তার জীবন, এই বিষয়টি দেখাতে গিয়ে বেলা বাস্তবকেই আসলে উন্মোচিত করেন। তাঁর ভাষা কাব্যিক; এক ধরনের তীব্রতা আছে সে ভাষায়, যা পাঠককে ধরে রাখে: তার ভিতরে সৃষ্টি করে অশস্তি এবং অসুখের অনুভূতি। যেন বেলা যে দৃশ্য বর্ণনা করেন, যে মুহূর্তের উন্মোচন করেন, তার বাইরে পালাতে পারলেই আমরা বাঁচি।

সে তুলনায় বার্নার্ড মালামুড-এর শৈলীতে একটি আপাতঃ নিম্পৃহতা আছে, যা দূর থেকে আমাদের আকর্ষণ করে। কিন্তু তীব্র কোনো অশস্তির উৎপাদন না করেই আমাদের ধরে রাখে। আধুনিক অনেক উপন্যাসে, বিশেষ করে ল্যাটিন আমেরিকার লেখকদের, যে-যাদু বাস্তবতা বা ম্যাজিক রিয়ালিজমের দেখা পাওয়া যায়, তার একটি প্রকাশ প্রচ্ছন্নভাবে হলেও, মালামুডের উপন্যাসে দেখা যায়। আসলে মালামুড বাস্তবতা ও গল্প-আখ্যানের যে সম্মিলন ঘটান, তাতে বাস্তবতার রূপ পরিবর্তিত হয়ে যায়, এবং আমাদের চেনা দৃশ্যাবলী, খন্ড খন্ড ঘটনা এক বিচিত্র আবরণে সমানে আসতে থাকে। মালামুডের প্রথম উপন্যাস, 'দি ন্যাচারাল'-এই দূরবর্তী বাস্তবতাকে উপজীব্য করে। তবে তিনি, বেলোর মত, প্রান্তিক মানুষকে আখ্যানের কেন্দ্রে নিয়ে আসেন। 'দি এসিস্ট্যান্ট' উপন্যাসে প্রান্তিক মানুষ তার ভালত্ব নিয়ে যখন আত্মপ্রকাশ করতে থাকে, তখন আমাদের মনে হয়, মালামুড সমাজের দৃষ্টির অন্ধতাকেই তুলে ধরতে চান।

আসলে বেলা এবং মালামুড, আরো কয়েকজন ইহুদী আমেরিকান উপন্যাসিকের মত, একটি সাংস্কৃতিক উত্তরাধিকারকে ধারণ করেছিলেন বলে তাঁদের উপন্যাসে কিছু কিছু বিষয় আপনা থেকেই চলে এসেছিল, যেসব তৎকালীন (এবং বর্তমান) আমেরিকান সমাজের প্রেক্ষাপটে অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে দাঁড়িয়েছিল। বেলা ও মালামুড উভয়েরই পরিবার মাত্র দুই প্রজন্ম ধরে আমেরিকায় বসবাস করছিলেন; ইউরোপ থেকে অভিবাসী হয়ে তারা আমেরিকা এসেছিলেন। একেতো অভিবাসী, তার ওপর ভেসে বেড়ানো ইহুদী-যাদের অস্তিত্ব ইতিহাসে প্রায় সব সময় সংকট কবলিত, এবং নিজস্ব ঐতিহ্য ও সংস্কৃতি ধরে রাখার যাদের আপ্রাণ প্রয়াস, তাতে আমেরিকার ইহুদী সম্প্রদায়ের অনিশ্চয়তা বোধ নিঃসঙ্গতা এবং বিচ্ছিন্নতার নানা চিন্তা অবধারিতভাবেই এসেছিল। কিন্তু ইহুদী সম্প্রদায়টি পরিবারিক সম্পর্ককে উচ্চ মূল্য দেয়। পরিবার তাকে সুরক্ষা করেছে। কিন্তু যখন পরিবারই ক্রমশঃ ক্ষুদ্র হয়ে এসেছে, তার বাঁধনগুলি খুলে যেতে শুরু করেছে, এবং সার্বিক মূল্যবোধে নেমেছে ধস, তখন ট্রাজিক চিন্তা এইসব

পতনের চিত্রকল্প থেকে উঠে আসতে থাকে। বেলো ও মালামুড যখন এরকম অনিকেত ব্যক্তিকে নিয়ে লিখছেন, যাদের কাছে পরিবার দূরের কোনো ছায়ার মত, তখন আমেরিকার পাঠক তাতে গোটা আমেরিকান সমাজের একটি ছায়াপাতই লক্ষ্য করেছেন। এজন্য এ দুজন ঔপন্যাসিক এত জনপ্রিয় হয়েছেন।

এঁদের সমসাময়িক আরেকজন ঔপন্যাসিক, জেমস বন্ডউইনও পারক্যাবোধকে আশ্রয় করে জীবনের কিছু সমাধানহীন প্রশ্নকে কণ্ঠ দেন তাঁর নানা উপন্যাসে। বন্ডউইন প্রথম সত্যিকার সফল কালো ঔপন্যাসিক। বেলো ও মালামুডের যেমন ইহুদী পরিচিতিটি তাঁদের লেখার জন্য প্রয়োজনীয়, তেমনি বন্ডউইনের কালো পরিচয়টি। বন্ডউইনের জীবন শুরু কষ্ট, দারিদ্র্য আর বঞ্চনার মধ্য দিয়ে, যা আমেরিকার কৃষ্ণাঙ্গ অধিবাসীদের জন্য অত্যন্ত স্বাভাবিক, কিন্তু বন্ডউইনের নিয়তি ছিল অমোঘ। তার পিতার পরিচয় তিনি জানতেন না, তাঁর সং পিতা তাঁকে অল্প বয়সে ঘর থেকে তাড়িয়ে দেয়, অত্যন্ত সংকীর্ণ ধর্মীয় গোঁড়ামি এবং অসহিষ্ণুতার পরিচয় দিয়ে। সংপিতা ছিলেন ধর্মযাজক; তার সাথে পাল্লা দিতে বন্ডউইনও মাত্র ১৪ বছর বয়সে যাজক হিসেবে আত্মপ্রকাশ করেন। এটি ছিল পরবর্তীতে তাঁর পেশা। কিন্তু বন্ডউইন উপন্যাস লিখেছেন আমেরিকান সমাজের অন্যান্য অন্ধকার দিকগুলি নিয়ে, মানুষের নানা প্রবৃত্তি অথবা মানসিকতা নিয়ে। 'গো টেল ইট অন দি মাউন্টেন' ছিল তাঁর প্রথম এবং সবচেয়ে বিখ্যাত উপন্যাস। এটিতে, এবং 'জিওভানিস রুম' সহ দু একটি অন্য উপন্যাসে, বন্ডউইন উপজীব্য করেন যৌনতা এবং সমকামিতাকে, বয়োঃসন্ধির নানা সমস্যাকে। ইউরোপে আধুনিক যুগ যখন আসে, একটি প্রধান অর্জন তার ছিল মানুষের চিন্তাভাবনার সম্পূর্ণ স্বাধীনতা নিশ্চিত করা। যে সব বিষয় আশয় একসময় লুকিয়ে রাখাটাই ছিল রেওয়াজ-যেমন সমকামিতা সেটি খুব সহজে উপন্যাসের রাজ্যে চলে আসে। উপন্যাস এভাবে খোলামেলা হয়, সহজ হয়, বিশ্বস্ত হয় জীবন ও অভিজ্ঞতার কাছে। বন্ডউইন, তাঁর কিছু পূর্বসূরীর মত, এই বিষয়টিকে সাহস ও সততা নিয়ে উপস্থাপন করেছেন।

দ্বিতীয় প্রবাহের আরো অনেক ঔপন্যাসিক আছেন, যাদের প্রসঙ্গে স্থানাভাবে আলোচনা করা সম্ভব নয়, অথচ যারা গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন উপন্যাসের বিষয় ও শৈলীতে। তাঁদের মধ্যে জন ডস পাসোস এর নাম সর্বপ্রথমে উল্লেখযোগ্য। অবশ্য ডস পাসোস তাঁর গুরুত্বপূর্ণ অনেক কাজ শেষ করেছেন দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে; তবুও চিন্তা চেতনায় তিনি দ্বিতীয় প্রবাহের লেখকদের সঙ্গে অনেক বেশী তুলনীয়। জন 'ও হারা, রাইট মরিস, নরম্যান মেইলার, এবং

জোন ডিভিয়ন বিভিন্নভাবে আমেরিকান উপন্যাসকে সমৃদ্ধ এবং সংহত করে গেছেন। তবে, সার্বিকভাবে, দ্বিতীয় প্রবাহের ঔপন্যাসিকরা যেসব বিষয়কে প্রাধান্য দিয়েছেন, তার ভিতর ছিল যুদ্ধ ও যুদ্ধোত্তর আমেরিকার প্রজন্ম ব্যবধান, পরিবার ও তার ক্ষয়, মূল্যবোধের সংকট, ব্যক্তির নানা সমস্যা, পুঁজিবাদী সমাজে সফলতা ও অসফলতার খতিয়ান এবং অসফল মানুষের আত্মঅনুসন্ধান, মৃত্যু, আত্মহত্যা, যৌনতা ইত্যাদি। এসময় উপন্যাসের শৈলীতেও পরিবর্তন এসেছে; ভাষা হয়েছে আরো সরাসরি, কোনো কোনো ক্ষেত্রে চলিত, অথবা প্রতীকী, অথবা কাব্যিক। কিন্তু উপন্যাস যে একটি আখ্যান-প্রধান শিল্প, যেখানে একটি গল্প বলাটাই প্রধান, এ ধারণাটি প্রতিষ্ঠা পেয়েছে। কাজেই বলার ধরন নিয়ে নানা পরীক্ষা নিরীক্ষা হয়েছে। মনস্তাত্ত্বিক জটিলতাগুলি যখন অল্প পরিসরে খুঁটিয়ে দেখে বর্ণনা করা হয়, তখন ভাষায় তীব্রতা আসাই স্বাভাবিক; কিন্তু সে ভাষা ক্রমাগতই স্ব-সচেতন হয়েছে। একসময় দেখা গেল, বলার ভঙ্গীটি গল্পের বিকল্প হিসেবেও দাঁড়িয়ে যেতে পারে। এভাবেই ক্ষেত্র প্রস্তুত হল উত্তর-আধুনিক সাহিত্যের।

২. সাম্প্রতিক আমেরিকান উপন্যাস-মাত্র যে উত্তর-আধুনিক, তা নয়; এবং 'উত্তর আধুনিক' বিষয়টির কয়েকটি দিক এখানেই সুরাহা করে নেয়া ভাল। প্রথমতঃ উত্তর-আধুনিক বলতে যে সাধারণ একটি পরিচিতি সেটি প্রধানত কালিক; অর্থাৎ আধুনিক যুগকে যদি আমরা কালের বিচারে বিগত বলে ভাবি কারণ আধুনিকতার অনেক চরিত্র বৈশিষ্ট্য ষাটের দশক থেকেই আর প্রাসঙ্গিক নয়, তাহলে ষাট-পরবর্তী সময়কে, হাল্কাভাবে, উত্তর-আধুনিক যুগ বলা যায়। এভাবে সংজ্ঞায়িত করার মধ্যে একটি তড়িঘড়ি ভাব আছে, তার থেকে বেশী আছে সমকালকে একটি পরিমাপ-যোগ্য বর্ণনার মধ্যে নিয়ে আসার প্রয়াস। যখন অনেক আধুনিক চরিত্র বৈশিষ্ট্যকে কাটিয়ে আরো গভীর কিছু চিন্তাভাবনা শিল্প সাহিত্যে চলে আসে, তখন প্রচলিত কাল-সংজ্ঞাটি আর কার্যকর থাকে না। তখন প্রয়োজন হয় নতুন সংজ্ঞার, বর্ণনার। একটি উদাহরণ দিয়ে বিষয়টি বোঝানো যায়। সাহিত্যে, ষাটের দশক থেকেই মূলতঃ আত্ম-কৌতুক অথবা স্ববিশ্লেষণী একটি মনোভাব কাজ করতে থাকে, কুট ভনেগুট বা জন বার্থের প্রসঙ্গ-আলোচনায় যা আরো পরিষ্কার হবে, যার প্রভাবে লেখক নিজেই ক্রমাগত নিজেকে ব্যঙ্গ করেছেন, কৌতুক ও লঘুত্ব হয়েছে আখ্যানের মূল সুর; এবং নীতির গুরুভার অনেক প্রশ্ন, যা পশ্চিমা আধুনিক সভ্যতায় কাফকা থেকে শুরু করে এলিয়ট পর্যন্ত অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে, এ সাহিত্যে পরিবেশিত হয় অনিশ্চিত ভাবে, লেখক যেন ক্রমাগত ভেতর থেকে নিজের যুক্তিগুলিই দুর্বল করে

যান। এর ফলে শেষ পর্যন্ত একটি অনিশ্চয়তার মধ্যে কোনো লেখা শেষ হলেও পাঠকের কোনো সন্দেহ থাকে না লেখকের আসল উদ্দেশ্য কি। উত্তর-আধুনিকতা তাই একটি দৃষ্টিভঙ্গি, একটি লিখন-প্রথার নাম, কিন্তু যেহেতু একটি কালিক মাত্রায় তার উৎসার, উত্তর-আধুনিকতার সময়কালও তাই অতিসাম্প্রতিক। কিন্তু উত্তর আধুনিকতার দ্বিতীয় বর্ণনাটি কালিক নয়, এটি দৃষ্টিভঙ্গির বিষয়। যখন সময়ের অভিঘাতে মানুষের চেতনায় সৃষ্টি হয় গভীর থেকে গভীরতর পারক্যবোধ, যখন জ্ঞান, বুদ্ধি ও প্রজ্ঞার এবং অভিজ্ঞতার প্রচলিত বিন্যাসগুলি অসফল হয় সেই পারক্যবোধের প্রশমনে, এবং প্রচলিত সাহিত্যভাষা যতই ব্যক্তিগত আখ্যানরচনার বাহন সে হোক না কেন, সফল হয়না তার প্রকাশে, অর্থাৎ এ যাবৎ সৃষ্ট সংকেতগুলি, signifier বা সূচক ও signified বা সূচিত, পারেনা সে মানুষের বিস্ময় এবং হতাশার বিষয়গুলিকে মোটামুটি গ্রহণযোগ্য কোনো কাঠামোয় নিয়ে আসতে, তখন প্রয়োজন হয় নতুন সংকেতের, নতুন চিহ্ন পদ্ধতির। এটি একজন শিল্পীর ক্ষেত্রে ঘটতে পারে, একাধিক শিল্পীর ক্ষেত্রে ঘটতে পারে। কুড়ির দশকে যে পরাবাস্তবতার প্রকাশ ঘটল, সেটি প্রকৃতপক্ষে প্রতি আধুনিক, কারণ এর অনেক চারিত্রলক্ষণ আধুনিকতার বৈশিষ্ট্যগুলি থেকে পৃথক। বলা যায় এদের থেকে উত্তরণ। মার্ক শাগালের ছবিতে, উদাহরণ স্বরূপ, স্মৃতি এসেছে বর্ণনা হয়ে, বাস্তব হয়ে এবং আখ্যান হয়ে, অথচ তার ছবিতে লঘুত্ব (এমনকি কমিক অনেক উপাদান) ক্রমাগত তার নিজের চিন্তা, নষ্টালজিয়া, মরমীবাদ অথবা ঐতিহ্যচিন্তাকে কুরে কুরে খায়। তার ছবির ক্যানভাসে জন্ম নেয় এক সংকটের দ্বন্দ্বিকতা। প্যাট্রিসিয়া ওয়াও তাঁর 'প্র্যাক্টিসিং পোষ্টমডার্ন রিডিং মডার্নিজম' (লন্ডনঃ এডওয়ার্ড আর্নল্ড, ১৯৯২) গ্রন্থে বলেছেন, উত্তর-আধুনিকতা আসলে বিশেষভাবে নান্দনিক আধুনিক চিন্তার ধারায় একটি সর্বশেষ সংযোগ যার উদ্বোধন করেছিলেন কান্ট-এর মত দার্শনিকরা। আর উত্তর-আধুনিকতার তৃতীয় বর্ণনাটি দেয়া যায় এর চর্চাকারীরা কি করেছেন বা না করছেন, তা থেকে। প্যাট্রিসিয়া ওয়েও এর বিবরণ থেকেঃ

আমেরিকান সমালোচনায় উত্তর-আধুনিকতার প্রকাশ ঘটে

পঞ্চাশের দশকে চার্লস ওলসনের কাব্য প্রয়াসকে বর্ণনা

করতে গিয়ে। ওলসন চেষ্টা করেছিলেন একটি নতুন

অ- মনুষ্যকেন্দ্রিক কাব্যধারার, যার হইডেগেরীয়

প্রতি-মানবিকতা মানুষকে পৃথিবীতে অবস্থানরতই দেখবে,

অর্থাৎ অন্য যে কোনো বস্তুর মতই বৈপুবিকভাবে অবস্থানরত। একই

প্রবণতা দেখা যায় এসময় নব্যফরাসী উপন্যাসে এবং

এলা রব-গ্রিলে কর্তৃক এর তাত্ত্বিকায়নে, এবং
 সুসান সনটাগ কর্তৃক 'বুদ্ধিবৃত্তিক', গভীরতা/উপরিতল
 মডেলের ব্যাখ্যা প্রত্যাখ্যানের মধ্য দিয়ে যার উদ্দেশ্য ছিল
 শিল্পের অভিজ্ঞতাকে একটি ইন্দ্রিয়নির্ভর উপরিতল হিসেবে
 বা সাহিত্যের কামসূত্র হিসেবে দেখা। জন বার্থ অবসাদের
 সাহিত্যকে বাদ দিয়ে পুনর্জীবনের একটি একান্ত ব্যঙ্গ-নির্ভর
 পদ্ধতি গ্রহণের কথা বলেন, লেজলী ফিডলার বলেন
 এমন এক শিল্পের কথা যা উচ্চ ও গণ-সংস্কৃতির সংযোগ ঘটাবে এবং
 উচ্চমার্গীয় স্বয়ংসম্পূর্ণতার অবসান ঘটাবে.....
 সনটাগ ও ইহাব হাসান উভয়ের জন্য উত্তর আধুনিকতা ছিল,
 উপরিতল (Surface) এর শিল্প এডর্নো কথিত
 'আধুনিকতার' নঞর্থক নন্দনতত্ত্বের' উত্তর শিল্প নিজে
 অস্বচ্ছ আবদ্ধ এবং ব্যাখ্যার জন্য দূরূহ করার মাধ্যমে, তার কার্যকর
 নীরবতার মধ্য দিয়ে, ভোগবাদকে অস্বীকার করবে, যদিও
 ভোগবাদের সংস্কৃতি থেকে গ্রহণ তা করতে পারে। (৪)

উত্তর-আধুনিকতার চর্চা এখন ক্রমান্বয়ে এমন একটি সাহিত্যের সৃষ্টি করছে, যে গুরুত্বপূর্ণ
 দার্শনিক সিদ্ধান্তগুলি অনায়াসে গ্রহণ না করে প্রশ্ন করছে, মানুষের অভিজ্ঞতার নানা পরিমন্ডল
 থেকে প্রত্নতত্ত্ব, নৃবিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান, সাংবাদিকতা, আড়তদারি, কালোবাজারি, শিক্ষকতা
 (এমন কোনো বিষয় নেই যা উত্তর-আধুনিকতা গ্রহণ অথবা বর্জন না করতে পারে)- বিষয় এনে
 একটি অস্বচ্ছ কাঠামোয় স্থাপন করে পাঠককে নিজের সামনে দাঁড় করিয়ে দিচ্ছে। মানুষের
 নান্দনিক, জ্ঞানতাত্ত্বিক, নৈতিক এবং সার্বভৌম সকল পদ্ধতিকে খুঁটিয়ে দেখা হচ্ছে। শিল্পে এর
 একটি ছোট উদাহরণ এ্যান্ডি ওয়ার্ল ও পপ শিল্প সাহিত্যে জন বার্থ, কুর্ট ভনেগুট, তবে
 সঙ্গতভাবে, সকল সমসাময়িক সাহিত্য উত্তর-আধুনিক নয়। কারণ কালিক বিচারটি কখনো বড়
 কথা নয়। প্রবণতা চিন্তা, দৃষ্টিভঙ্গি, এসবই গুরুত্বপূর্ণ। এমনকি উত্তর- আধুনিকতা নিজেই
 কালিক বিচারকে ব্যঙ্গ করবে।

৩. সমসাময়িক আমেরিকান উপন্যাস প্রসঙ্গে দুটি জিনিস তাই গুরুত্বপূর্ণ। এক, যেহেতু
 সাহিত্য সমালোচনা ও সাহিত্য তত্ত্বে আমরা উত্তর- আধুনিকতা, উত্তর-কাঠামোবাদ এবং
 মেটাফিকশন কথাগুলি শুনে অভ্যস্ত যা এসময়ের সাহিত্যের কিছু পরিচয়কে তুলে ধরে, এসব

বিষয়ে কিছু ধারণা থাকা আমাদের আবশ্যিক: এবং একই সঙ্গে, সকল সমসাময়িক লেখকের ক্ষেত্রেই যে এসব অভিধা প্রয়োগ করা যায় না, সেটিও আমাদের বুঝতে হবে। আর দ্বিতীয়ত, আধুনিকতার দ্বিতীয় প্রবাহের লেখকদের মত এই দলেও আছেন তাঁদের সমসাময়িক কিছু ঔপন্যাসিক, যাদের সঙ্গে সময়ের ব্যবধান ততটা না হলেও শিল্প-দর্শন ও রচনামূল্যের ক্ষেত্রে পার্থক্য রয়েছে দ্বিতীয় প্রবাহের ঔপন্যাসিকদের সঙ্গে। এক্ষেত্রেও বক্তব্য হচ্ছে, উত্তর-আধুনিকতা একই সময়ের দুজন ঔপন্যাসিকের একজনের মধ্যে থাকতে পারে। অথচ অন্যজনের ক্ষেত্রে সেটি হতে পারে অনুপস্থিত।

উত্তর-কাঠামোবাদ বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে বলা মুশকিল। কিন্তু এর মূল কথা হচ্ছে, বিশেষ সাহিত্যিক আখ্যান বলে কিছু নেই; ভাষার ভিতরেই আখ্যানের অর্থ লুকিয়ে থাকে। রাশান ফর্মালিষ্ট এবং নিউ ক্রিটিকরা ভাষিক স্থাপনার ভিতর-দৃষ্টি মেলে অনুসন্ধান করেন সাহিত্যিক ভাষার বিশেষ প্রকৃতি আর উত্তর কাঠামোবাদীর ভাষা থেকে সকল রেফারেন্স বাদ দিয়ে তাকে একটি স্ব-চিন্তক (self-reflexive) এবং স্ব-নির্মাণক্ষম একক হিসেবে জ্ঞান করেন। মেটাফিকশনের ক্ষেত্রে এই চিন্তাগুলি আরো বিস্তৃত হয়; দেখানো হয়, ভাষার স্ব-নির্মাণক্ষম শক্তি নিজস্ব রেফারেন্স তৈরী করে ফিকশনের জগৎটিকে সার্বভৌম করে তোলে। ইতিহাস, সমাজ অথবা সামাজিক বিষয় আশয় একটি নির্দিষ্ট দৃষ্টিকোণ থেকে, স্থির কিছু বিষয় হিসেবে না এসে বরং মেটাকিকশনে ক্রমপরিবর্তনশীল, ক্রম-উদ্ভাবনশীল এবং নতুন নতুন বিন্যাসে সজ্জিত হয়ে আসতে সক্ষম। বিষয়ের খন্ডিতকরণ, তাকে এক সঙ্গে নানা দৃষ্টিকোণ থেকে দেখা সম্ভব এই উপন্যাসে যদিও শেষ পর্যন্ত খন্ড খন্ড চিত্র থেকে একটি পূর্ণাঙ্গ অবয়ব পাওয়া যায়। অনেকটা কিউবাদী চিত্রের মত মেটাফিকেশন রূপ বা appearance-কে ভেঙ্গে একসঙ্গে নানা তল থেকে দেখে ঘটনার এবং অভিজ্ঞতার ভিতরের নির্ঘাস বা essence-টুকু গ্রহণ করতে চায়।

সমসাময়িক ঔপন্যাসিকদের ক্ষেত্রে এসেও আমাদের একটি সীমাবদ্ধতা গ্রহণ করতে হয়। আমাদের আলোচনায় অতি সাম্প্রতিক, অর্থাৎ যারা সত্তর আশি বা নব্বইয়ের দশকে আত্মপ্রকাশ করেছেন, তাদের লেখা নিয়ে কিছু বলা সম্ভব নয়। এই অতি সাম্প্রতিক লেখকগণ এখনও লিখছেন। ক্ষেত্র প্রস্তুত করছেন, সময়কে দেখছেন, সমাজকে দেখছেন। কিন্তু একবাক্যে তাদের চিহ্নিত করা যায়, এমন পরিচিতি তারা এখনও লাভ করেন নি। হয়তো আরো কিছুকাল পর তাদের নিয়ে পূর্ণাঙ্গ আলোচনার সুযোগ হবে আমাদের।

৪. সমসাময়িক ঔপন্যাসিকদের মধ্যে আমরা দুজনের ওপর বিশেষ আলোকপাত করবো যারা উত্তর-আধুনিকতা ও মেটাফিকশনের চর্চা করেছেন অথচ সমালোচনার যে কোনো সূত্র অনুযায়ী তাঁরা ভাল সাহিত্য রচনা করেছেন। কুর্ট ভনেগুট যে বিচিত্রধর্মী কাজ করেছেন তা প্রথাগত সমালোচনা বা প্রতিষ্ঠানের কাছে সমাদর পায়নি। একটি উদাহরণঃ

তাঁর কাজ খারাপ হয়ে গেছে। খুব সহজে বলা যায়, তিনি আর
সিরিয়াস লেখক নন। তিনি সহজ সরল কল্প-বিজ্ঞানের ফর্মের
ওপর অনেক বেশী নির্ভরশীল হয়ে পড়ছেন এবং
'সর্বৈব হতাশবাদী'র চরিত্রে তিনি একটি পুনরাবৃত্তিমূলক
অভিনয় করে যাচ্ছেন ('মার্টিন সীমুর স্মিথ, গাইড টু মডার্ন
ওয়াল্ড লিটারেচার' লন্ডনঃ পেপারব্যাক, ১৯৮৬: ১৪৭)।

সীমুর-স্মিথ যে বিষয়গুলি ক্রটি হিসেবে দেখেছেন, আসলে সবই হচ্ছে ভনেগুটের শক্তি। তিনি সিরিয়াস লেখক নন, তবে আপাতঃ দৃষ্টিতেই; কারণ তাঁর পরিবেশনায় আধুনিক সাহিত্যের সিরিয়াসনেস অনুপস্থিত। বরং হাস্য কৌতুক, ব্যঙ্গ তামাশাকে ভনেগুট চমৎকার ভাবে শৈল্পিক মাত্রায় বিন্যস্ত করেছেন। ভনেগুট মানুষের প্রবৃত্তির নানা অন্ধকার অঞ্চলে আলো ফেলেন। যুদ্ধ, রক্তপাত, বীভৎসতা, আধুনিক জীবনযাত্রার ভীতিসমূহ ব্যাখ্যা করা, সেগুলো ঘুরিয়ে ফিরিয়ে দেখানো তাঁর উদ্দেশ্য। তাঁর সিরিয়াসনেস-এর অভাবের জন্মই পাঠক তাঁকে অনেক বেশী বিশ্বাস করেন। ভনেগুট কল্প-বিজ্ঞান ব্যবহার করেন, কারণ এতে একই সঙ্গে বিশ্বাস-অবিশ্বাসকে একটি সমতলে স্থাপন করা যায়। কল্প-বিজ্ঞান, বলা যায়, আমাদের সময়ের অনিশ্চয়তা এবং উদ্দেশ্যহীনতার প্রেক্ষিতে নিশ্চয়তার প্রতি মানুষের সহজাত পক্ষ প্রদর্শনের একটি উৎপ্রেক্ষা। ভনেগুট উদ্ভটের আশ্রয় নেন, সেন্টিমেন্টাল এবং অতিনাটকীয় বিষয় আশ্রয়ের আশ্রয় নেন, অনেক সময় তাঁর উপন্যাসের পরিণতি ইচ্ছা করেই এমন করেন যেন মনে হয় সাজানো। এসবের মধ্য দিয়ে তিনি কিন্তু চমৎকারভাবে তার আখ্যানটি বলে যান, বক্তব্যগুলি পরিবেশন করে যান। তাঁর উপন্যাসের লঘুত্ব, ভাষার অগভীর বিন্যাস, চটুলতা, তাঁর অসম্ভব দৃশ্যকল্প এসবই ফিকশনের বৈধতা আনতে শেষ পর্যন্ত অত্যন্ত কার্যকর হয়। 'স্লটার হাউজ ফাইভ' অথবা 'গালাপাগোস' ঘুরিয়ে ফিরিয়ে একই কথা বলে: কিন্তু ভনেগুট প্রথমেই প্রচলিত ফিকশন চিন্তা থেকে দূরে সরে যান। পাঠকের সঙ্গে একটি সহজ সম্পর্ক স্থাপন করে নেন বলে তিনি তাঁর আস্থা অর্জন করেন। ভনেগুটের বিষয় যে হাল্কা, এ কথাটি কেউ কখনো বলবেনা।

জন বার্থ সম্পর্কেও সমালোচক মহলে রয়েছে দ্বিধা। তাঁর 'গাইলস গোটবয়' সম্বন্ধে বলা হয়, এ বইটি হয় একটি মাস্টারপিস, অথবা কিছুই নয়। এই দ্বিবিধতার কারণ কি? কারণ এই যে, উপন্যাসটি নিজের বিষয় আশয়কে নিজেই ব্যঙ্গ করতে থাকে, যেন যা বলা হচ্ছে তার কিছুই বিশ্বাস করা যাবে না, অথচ বার্থের উদ্দেশ্য এটি দেখানো যে লেখক নিজেই একটি বিশ্ব নির্মাণ করতে পারেন, যাতে ঈশ্বরের অপূর্ণতাগুলিও লেখক ভরাট দিতে পারেন। এ উপন্যাসটিকে একটি প্রতিনিধিত্বমূলক উপন্যাস হিসেবে বিবেচনা করা হয়েছে, যা জয়েসের 'ফিনেগানস ওয়েইক' এর মত তীব্র জ্ঞানতত্ত্বনির্ভর, মহাকাব্যিক অথচ ভিতরসন্ধানী। বার্থের ভাষায় 'পান' গুরুত্বপূর্ণ, তিনি খিস্তি খেউড়, চলতি ভাষায় খন্ড খন্ড বর্ণনা, প্যারোডি, কৌতুক এসবে পরিপূর্ণ করে রাখেন তার বর্ণনা। বার্থ নিজে যদিও একাডেমিক মানুষ, তার উপন্যাসে প্রতীকাডেমিক বিষয় অথবা ভঙ্গি সহজেই সনাক্ত করা যায়। জন বার্থ পাঠককে বাড়তে দেন আখ্যানের সাথে, তার সাথে কথা বলেন, রসিকতা করেন, কিন্তু তার অংশগ্রহণের ক্ষেত্রগুলিও প্রস্তুত করে দেন।

টমাস পিনচন এবং ডোনাল্ড বার্থেম-এর কথা সঙ্গতকারণে ভনেগুট ও বার্থের সঙ্গে উচ্চারিত হয়। কারণ তাঁরাও সচেতন শিল্প সৃষ্টিতে বিশ্বাসী; বর্ণনা ও আখ্যানের নানা ভঙ্গি ও সম্ভাবনাকে ব্যবহার করে তারা যে ফিকশন তৈরী করেন, তাতে সময় ও মানুষ, সমাজ, মানুষের আন্তঃ সম্পর্ক, ইত্যাদি চমৎকারভাবে মূর্ত হয়। পিনচনের 'ডি' উপন্যাসটি মনস্তত্ত্বের নানা জটিলতাকে গ্রহণ করে দেখতে চায় এবং এ প্রক্রিয়ায় তিনি ফ্রয়েড থেকে অনেক ধারণা তুলে নেন। কিন্তু পিনচনের পরিবেশনায় পরাবাস্তব প্রভাবটিই প্রবলভাবে আসে। বলা হয় আমাদের সময়ের অন্তর্হীন সব দুঃস্বপ্নের একটি পাঠ তিনি দিতে চান, এসবের উৎস অনুসন্ধান করতে চান। এজন্য তিনি আবেগকে প্রাধান্য দেননি, অনুসন্ধানী মনের যা করণীয় সেই বুদ্ধির খেলাকে তিনি গুরুত্ব দিয়েছেন। পিনচনের ভাষা জটিল, তাঁর ব্যাখ্যা অতিশয় বিমূর্ত; কিন্তু দুঃস্বপ্নের অনুভূতিগুলি তিনি ঠিকই পৌছে দেন পাঠকের কাছে।

ডোনাল্ড বার্থেমকে মূল্য দেয়া হয় তাঁর উদ্ভাবনী প্রতিভার জন্য। তাঁর ভাষা তৈরী করে ভাষিক ক্রিয়া; তাঁর উপস্থাপনার তীর্যক ও কৌতুকময় দিক তুলে আনে আমেরিকার জীবনের নানা অসঙ্গতি। তাঁকে বলা হয় 'অযুক্তি বিশৃঙ্খলা এবং অনিবার্য ক্ষয়ের' একজন রূপকার। তাঁর লেখার যে চরিত্র, তাকে খন্ডিত একটি মানসহ ধরা পড়ার কথা; কারণ তিনি ধাঁধার মত জটিল নির্মাণে আগ্রহী, তার ছবিগুলি সবই খন্ডিত; তাঁর রচনায় না আছে সুনির্দিষ্ট কোনো প্লট, না চরিত্রায়ন। তিনি যে ছবি দেন তাঁর উপন্যাস-গল্পে, তাতে বাস্তবতা প্রতিফলিত হয়না বরং কিছু উদ্ভট

চিত্রকল্পের সমাহার ঘটে। অথচ 'স্নো হোয়াইট' এবং 'দি ডেড ফাদার' উপন্যাসে তিনি পাঠককে স্পর্শ করেন। বার্থেম প্রথাগত সমাজে বিশ্বাসী নন, কারণ এ সমাজে মানুষ সহজেই পতিত হয় নানা বিভ্রমে; মানুষকে বাঁচাতে হলে তাকে দিতে হবে ব্যাখ্যার স্বাধীনতা। সত্য কী? এই প্রশ্নের জবাবে বার্থেম বলেন, অংক এবং ধর্মের মাঝখানে কোথাও হয়তো ওই বস্তুটি লুকিয়ে আছে, যাকে দেখা যায় না, শুধু অনুভব করা যায়: এবং যাকে তুলে আনতে ভিন্ন একটি পদক্ষেপের প্রয়োজন। বাস্তবকে অস্বীকার করে, প্রচলকে পেছনে ফিলে তিনি তাই করেন।

টনি মরিসন এবং জয়েস ক্যারল ওটস সমসাময়িক দুই শক্তিশালী উপন্যাসিক, যদিও ভনেগুট, বার্থ বা বার্থেমের মত নয় তাদের দৃষ্টিভঙ্গি, অথবা তাদের শৈলী। টনি মরিসন সম্প্রতি আরো বিখ্যাত হয়েছেন গত বছরের নোবেল পুরস্কারটি পাওয়ার জন্য। মরিসন কালো মানুষদের নিয়ে প্রধানত লেখেন-এ অর্থে তাঁর লেখা রাজনৈতিক: কিন্তু তিনি আসলে মানবতার দিকে পাঠকের দৃষ্টি ফেরাতে চান। তার বিভিন্ন উপন্যাসে আসে বিভিন্ন সমস্যা - 'দি ব্রুয়েস্ট আই'-তে একটি তরুণী, যাকে তার পিতা ধর্ষণ করে, জীবনকে বুঝতে চেষ্টা করে, ভালবাসা কামনা করে। 'সুলা'য় এক শূন্যতাবাদী হতাশা নির্মাণ করে উপন্যাসের কাঠামো, 'সং অফ সলোমন' উপন্যাসে জীবনের অর্থ খোঁজা হচ্ছে উদ্ভিষ্ট। মরিসন মিথ ও প্রতীক, কল্পনা এবং সমসাময়িক বাস্তবতার অপূর্ব সমীকরণ ঘটান; আমাদের সময়ের সমস্যাগুলিকে সামনে নিয়ে আসেন, আনুপঙ্গ তাদের রূপ বিশ্লেষণ করেন। সে তুলনায় জয়েস ক্যারল ওটস দৃষ্টি দেন ইতিহাসে জীবনের বিস্তীর্ণ প্রেক্ষাপটে: তাঁর লেখা গুরুগম্ভীর, মাঝে মধ্যে একটি পরিবারের ইতিহাসকে তিনি পরিবর্তিত করেন একটি বৃহত্তর উৎপ্রেক্ষায়। 'বেলফ্লোর' উপন্যাসে যেমন, একটি জাতির উৎপ্রেক্ষায় কিন্তু ওটস তেমন নিয়ন্ত্রণ রাখতে পারেন না তার বিষয়ের ওপর। তাঁর ভাষায় তেমন চমৎকারিত্ব দেখাতে পারেন না।

ট্রুম্যান ক্যাপোট, জন আপডাইক, ফিলিপ রথ, জেমস পার্ডি এবং উইলিয়াম গাস সমসাময়িক লেখকদের মধ্যে উল্লেখযোগ্য। ট্রুম্যান ক্যাপোট এক ধরনের উল্টো-গথিক উপন্যাস লেখেন, যাতে অশুভের উপস্থিতি প্রবল অথচ অশুভকে নিয়ে হাসি তামাশাও তিনি করেছেন। ক্যাপোট আধুনিক জীবনের নানা সমস্যাকেও তুলে ধরেন, তার প্রথম উপন্যাসে এ সমকামিতার প্রসঙ্গ আসে, অন্য একটি উপন্যাস 'কোল্ড ব্লাড' একটি খুনকে কেন্দ্র করে লেখা এবং এ দু'টি উপন্যাসের মাঝখানে অন্যান্য উপন্যাসগুলিতে ক্যাপোট সমাজের নানা চালচিত্রকে তুলে আনেন। তার ভাষা বিচিত্র, কখনো একজন সাংবাদিকের, কখনো একজন বিজ্ঞানীর। ক্যাপোটের উদ্দেশ্যে

ছিল সত্যানুসন্ধান। আপডাইক-কে বলা হয় এ সময়ের সবচেয়ে উজ্জ্বল' সবচেয়ে কৌতুকময় এবং বুদ্ধিমান লেখক। তবে তার প্রথম উপন্যাস, 'দি পুওরহাউস ফেয়ার' থেকে নিয়ে 'এস' পর্যন্ত আপডাইক সমাজের উচু-নিচু সকল শ্রেণীর মানুষকে দেখতে চেষ্টা করেছেন। প্রথম উপন্যাসের উপজীব্য বৃদ্ধ লোকদের বিদ্রোহ। 'বুকানান ডাইং' এ বুকানান হচ্ছেন আমেরিকার অন্যতম একজন প্রেসিডেন্ট। আপডাইকের সহানুভূতি দেখা যায় সেইসব মানুষদের প্রতি, যারা প্রচলিত প্রথার দূরে অবস্থান করে। ফিলিপ রথ ছিলেন ইহুদী এবং ইহুদীজাতির ঐতিহ্যে তিনি অবস্থান নেন। তবে বেলা বা মালামুডের মত শক্তিশালী তিনি নন। ইহুদীদের 'ব্ল্যাক হিউমার' তিনি ব্যবহার করেছেন। কিন্তু তিনি ব্যক্তির নানা ভঙ্গির যার কিছু মেকী অন্তসারশূন্যতা তুলে ধরতেই প্রধানতঃ প্রয়াস পেয়েছেন। তার 'পনয়স কমপ্লেন্ট' একটি চমৎকার উপন্যাস। এতে রথ মানুষের সম্পর্কহীনতা বা সম্পর্ক সৃষ্টিতে তার সাফল্যের একটি বিবরণ দেন। জেমস পার্ভি লেখেন সমকামিতা বিষয়ে এবং সমাজের নানা অসঙ্গতি তুলে ধরে তিনি উৎরে যান তার শৈলী ও ভাষার জোরে। উইলিয়াম গাস বিশ্বাস করেন পৃথিবীতে ফিকশনের শব্দসমূহ ছাড়া আর কোনো ঘটনা নেই। বিষয়টি তিনি মূর্ত করেন তাঁর বিখ্যাত 'ওমেনসেটারস' নামক উপন্যাসে যেখানে শব্দরাই হয়ে দাঁড়ায় ধারণা, আইডিয়া। এই উপন্যাসে তিনি অ্যাথানকে ভেঙ্গে তার জায়গায় ভাষাকে ধ্রুব হিসেবে বসাতে চেয়েছেন। কিন্তু গল্পটি একসময় গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়। আসলে গাস চেষ্টা করেন বৈশ্বিক একটি ধাঁধার সামনে-যা অস্তিত্বের সংকটই আসলে-দাঁড়িয়ে ভাষা দিয়ে তার অর্থ উদ্ধার করতে।

সমসাময়িক ঔপন্যাসিকদের মধ্যে আরো আছেন এ্যান টাইলার, জন হকস্, রিচার্ড ব্রটিগান, জন গার্ডনার, চার্লস রাইট, রোনাল্ড সুকেনিক, জেরসি কসিনস্কি এবং আরো আনেকে: স্থানাভাবের জন্য তাঁদের সম্পর্কে বিস্তারিত কিছু আলোচনা করা সম্ভব হল না।

আমেরিকান বিপ্লব

এ, বি, এম, মাহমুদ

আমেরিকান বিপ্লব মানবিক ক্রিয়াকান্ডের ধারা বহিঃভূত কোন দৈবিক ঘটনা নয়। এ বিপ্লবের পটভূমি দীর্ঘদিনের এবং ধারাবাহিকভাবে সংঘটিত সে সব ঘটনারই স্বাভাবিক পরিণতি। যুক্তরাষ্ট্রের দ্বিতীয় প্রেসিডেন্ট জন অ্যাডামসের মতে স্বাধীনতার বীজ এবং বিপ্লবের স্পৃহা ছিল মানুষের অন্তরে। ১৭৭৬ সালের আমেরিকার বিপ্লব ছিল সে দেশের ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা। বস্তুতঃ বিপ্লবের প্রত্যক্ষ এবং পরোক্ষ কারণগুলি নিহিত ছিল উপনিবেশগুলির প্রতিষ্ঠা, প্রকৃতি এবং শাসন প্রণালীর মধ্যে।

১৬০৭ সালে ভার্জিনিয়ার Jamestown এর গোড়াপত্তন থেকে শুরু হয় তাদের যাত্রা। কালক্রমে ১৬৯ বছর অর্থাৎ বিপ্লব পূর্ব অবধি সেখানে আটলান্টিক উপকূল ঘেঁসে গড়ে উঠে ১৩ টি উপনিবেশ অভিবাসকারীদের নিজস্ব উদ্যোগে এবং প্রচেষ্টায়, অনেকটা স্বাধীনভাবে। প্রতিষ্ঠালগ্ন হতে পরস্পর হত কিছুটা ভিন্নতর প্রকৃতির অবস্থার জন্য তাদের মাঝে একতা ছিল কালেভদ্রে। অন্তর্দ্বন্দ্ব প্রায়ই লেগে থাকতো। এদের জোড়াতালি দিয়ে একত্রীভব রেখেছিল একজন রাজা। তিনি বাস করতেন আটলান্টিকের অপর পাড়ে ইংল্যান্ডে, তিন হাজার মাইল দূরে। ফলে সেখানে তাঁর শাসন এবং সামরিক নিয়ন্ত্রণ ছিল খুবই দুর্বল ও শিথিল। ভৌগলিক দূরত্ব, কেন্দ্রীয় শাসনের ঔদাসীন্য ও দুর্বল প্রশাসন ব্যবস্থার মাঝে নিহিত ছিল বিপ্লবের বীজ ও স্বাধীনতা সংগ্রামের কারণ ও সূচনা। প্রথম থেকে উদ্ভব ঘটে দু'ধরনের শাসন প্রণালী:- একটি কলোনিগুলির নিজস্ব প্রতিনিধির মাধ্যমে স্থানীয় স্বায়ত্ত্ব শাসন, অপরটি ছিল বৃটিশ রাজকীয় শিথিল শাসন ব্যবস্থা। পারিপার্শ্বিক অবস্থা এবং বিচিত্র পরিবেশের কারণে কলোনিগুলি একদিকে যেমন আত্ম প্রত্যয়ী হয়ে উঠে তেমনি স্বায়ত্ত্বশাসনের ফলে স্বনির্ভর হবার সুযোগ পায়। ধীরে ধীরে তারা অভ্যস্ত হয় নিজস্ব সমাজ, এবং স্বকীয় বৈশিষ্ট্যমণ্ডিত এক জীবন প্রণালীতে, ফলে তারা নিজেদের অধিকার এবং স্ব-শাসন সম্পর্কে অত্যন্ত স্পর্শকাতর হয় এবং যে কোন হস্তক্ষেপ তাদের নিকট মনে হয় অসহনীয়। তবে তারা বৃটিশ ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি ছিল পূর্ণ আস্থাশীল। তাদের মাঝে ধর্মীয় স্বাধীনতা, পরমত সহিষ্ণুতা ও মুক্ত চিন্তার বিকাশের মাধ্যমে এগিয়ে চলে উদার জীবন ধারা।

প্রথমে আমেরিকান জনগণের অধিকাংশই ছিল কৃষি নির্ভর। ধীরে ধীরে জাহাজ নির্মানের মাধ্যমে ব্যবসা বানিজ্যের বিকাশ ঘটে। শিল্প বিকাশের প্রধান অন্তরায় ছিল বৃটিশ ঔপনিবেশিক নীতি। প্রচলিত mercantalism বা বাণিজ্যবাদী অর্থনীতির মাধ্যমে বৃটেন স্বীয় স্বার্থে কলোনিগুলির সম্পদ ও কাঁচামালের বাজারজাতকরণ নিজেদের নিয়ন্ত্রণে রাখার প্রয়াস পায়। এ ছাড়া সরকার কয়েকটি Navigation Acts এর মাধ্যমে কলোনিগুলির ব্যবসা বানিজ্য রক্ষা ও নিয়ন্ত্রণ করতো। প্রথমে এ সব আইনের বিরুদ্ধে আমেরিকানরা তেমন আপত্তি করেনি। কারণ আইনগুলি কখনও কঠোরভাবে পালিত হত না। এ আইনের শিথিলতা ও বৃটিশ রণতরীর নিরাপত্তার সুযোগে কলোনিগুলি পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ, ফরাসী ও স্পেনীয় উপনিবেশগুলির সঙ্গে লাভজনক ব্যবসা বানিজ্য করার সুযোগ পায়। ফলে বোষ্টন, নিউইয়র্ক এবং ফিলাডেলফিয়া এক শ্রেণীর ধনী ব্যবসায়ী ও পুঁজিপতির বিকাশ ঘটে। এই শ্রেণীই পরবর্তীকালে ১৭৩৩ সালের পর আইনের কঠোর প্রয়োগ ও অন্যান্য বিধি নিষেধের ফলে ধনী ব্যবসায়ীদের অবৈধ ব্যবসা বানিজ্য বন্ধ হবার উপক্রম হলে তারা দারুণভাবে ক্ষুব্ধ হয়। এই বিক্ষুব্ধ বনিক শ্রেণীই ছিল আমেরিকা বিপ্লবের অন্যতম কাভারী।

এটা অনস্বীকার্য যে স্বাধীনতা যুদ্ধ ও বিপ্লবের জন্য প্রধানতঃ দায়ী ছিল তৎকালীন বৃটিশ উপনিবেশ নীতি ও নেতাদের দূরদর্শিতার অভাব। প্রকৃত পক্ষে মাতৃভূমির সঙ্গে সম্পর্কচ্ছেদের সূচনা হয় ১৭৬০ এর দশকে, কয়েকটি গুরুত্বপূর্ণ ঘটনাকে কেন্দ্র করে। বৃটিশ সরকারের হঠকারণিতা, স্বৈচ্ছাচার ও দমননীতি এক সময়ে বিবাদমান কলোনিগুলিকে জাতীয় চেতনায় উদ্বুদ্ধ করে। তারা ঐক্যবদ্ধ হয় দীর্ঘদিনের অর্জিত স্বায়ত্ত্বশাসনকে রক্ষার জন্য এবং সচেষ্টিত হয় নিজেদের স্বাধীকার ও গণতান্ত্রিক অধিকার আদায়ে। এ সময় বৃটিশ রাজনীতিতে এক বিরাট পরিবর্তন সূচিত হয়। সুদীর্ঘ অর্ধশতাব্দী ব্যাপী যে উদার Whig দল ইংল্যান্ডের রাজনীতিকে নিয়ন্ত্রণ করতো তার অবসান হয়। তাদের পতন বিপ্লবকে ত্বরান্বিত করে। ১৭৬০ সালে ইংল্যান্ডের সিংহাসনে বসেন রাজা তৃতীয় জর্জ। তিনি ছিলেন একরোখা এবং স্বৈরাচারী মনোভাব সম্পন্ন। মায়ের প্ররোচনায় তিনি পার্লামেন্ট ও সংবিধানের বাধা নিষেধকে তেমন তোয়াক্কা করতেন না। মা সবসময় তাকে বলতেন "George, be a king and not a servant of the Parliament and the nation." রাজার স্বৈরশাসন ও স্বৈচ্ছাচারে জনগণ তাদের স্বাধীনতা ও সংবিধানিক অধিকার হতে বঞ্চিত হওয়ার উপক্রম হয়। পার্লামেন্ট তার হাতের ক্রীড়নকে পরিনত হয়। তৃতীয় জর্জ বৃটিশ রাজনীতি থেকে Whig দের উৎখাত করে রাজভক্ত Tory দের ক্ষমতায় বসান। রাজার স্বৈচ্ছাচার ও ক্ষমতার অপব্যবহারে কোন নিয়ন্ত্রক ছিল না।

ফলে কলোনিগুলি ও তার পীড়নমূলক আচরনের শিকার হয়। এ সময়কার ইঙ্গ-ফরাসীরা সপ্তবর্ষব্যাপী যুদ্ধ (১৭৫৬-৬৩) আন্তর্জাতিক কুটনীতির ইতিহাসে তাৎপর্যপূর্ণ। আমেরিকার ইতিহাসে এ যুদ্ধের ফলাফল ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। বস্তুতঃ নতুন মহাদেশের কর্তৃত্ব ও নিয়ন্ত্রণ নিয়ে এটাই ছিল শেষ যুদ্ধ। দীর্ঘদিন যাবত ফরাসীরা বৃটিশ উপনিবেশগুলির জীবন ও নিরাপত্তার প্রতি হুমকি স্বরূপ ছিল। তারা ছিল উপনিবেশগুলির পশ্চিমে অগ্রযাত্রার প্রধান বাধা, যদিও যুদ্ধটি উপনিবেশকারীদের চোখে দুই সাম্রাজ্যবাদী শক্তির প্রভূত্ব প্রতিষ্ঠার একটি সংগ্রাম মাত্র ছিল। সে জন্য তারা এ যুদ্ধকে আন্তরিকভাবে সমর্থন দানে ব্যর্থ হয়। বরঞ্চ এ সময় উপনিবেশগুলি সরকারী নিষেধ উপেক্ষা করে পশ্চিম ভারতে ফরাসী উপনিবেশগুলির সঙ্গে গোপনে তাদের ব্যবসা বানিজ্য চালিয়ে যায়। বস্তুতঃ "এর অর্থ ছিল শত্রুর সাথে বানিজ্য"। দীর্ঘ ৭ বছর চলে এ যুদ্ধ। শেষ পর্যন্ত বৃটিশ নৌবাহিনীর শ্রেষ্ঠত্ব ও বৃটিশ কুটনীতি ও সমর মন্ত্রী বড় পিটের যোগ্য নেতৃত্বে ইংল্যান্ড এ যুদ্ধে বিজয়ী হয়। ১৭৬৩ সালে প্যারিসের শান্তি চুক্তির মাধ্যমে উভয় দেশের মধ্যে শান্তি স্থাপিত হয়। এ যুদ্ধের ফলাফল হয়েছিল সুদূর প্রসারী। এ যুদ্ধে কানাডায় ফরাসী উপনিবেশ 'কুইবেক' ১৭৫৯ সালে তাদের হস্তচ্যুত হয় এবং এরই সঙ্গে ধূলিসাৎ হয় উত্তর আমেরিকায় তাদের সাম্রাজ্য স্থাপনের স্বপ্ন। এ যুদ্ধের প্রেক্ষাপট রাজাকে উপনিবেশগুলির উপর কর্তৃত্বের সুযোগ করে দেয়। রাজার নির্দেশে গ্রাণ্ডভিল মন্ত্রিসভার পার্লামেন্ট উপনিবেশ শাসন ব্যবস্থাকে সুসংহত ও শক্তিশালী করার পরিকল্পনা হাতে নেয়। যুদ্ধে ইংল্যান্ডের অর্থনীতি দারুণভাবে বিপর্যস্ত হয়। এ সঙ্কটাবস্থা থেকে উদ্ধার ও কলোনিগুলিতে সরকারের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলাবোধ প্রতিষ্ঠার জন্য পার্লামেন্ট কতকগুলি সঙ্ক আইন পাস করে এবং নতুন নতুন বিষয়ের উপর কর আরোপ করে। এগুলি হ'ল ১৭৬৪ সালের কারেন্সী আইন, ১৭৬৫ সালের স্ট্যাম্প আইন সেনাবাহিনীর রাখার জন্য 'কোয়াটারিং আইন' ইত্যাদি। বস্তুতঃ এ সব আইন পাস করে বৃটিশ পার্লামেন্ট, যা-ইতিমধ্যে রাজার তাঁবেদারে রূপান্তরিত হয়। স্বাধীনচেতা বৃটিশ আদর্শ ও ঐতিহ্যের ধারক ও উত্তরসূরী উপনিবেশগুলি প্রথমে কর আরোপের প্রতিবাদ এবং পরবর্তীকালে বিক্ষোভ ও প্রতিরোধ আন্দোলন গড়ে তোলে। তাদের যুক্তি ছিল যে আমেরিকার জনগণের সম্মতি ছাড়া বৃটিশ পার্লামেন্টের অর্থসংগ্রহের জন্য আইন পাস সংবিধান পরিপন্থী। তাদের বক্তব্য ছিল "No taxation without representation" অর্থাৎ পার্লামেন্টে যেহেতু তাদের কোন প্রতিনিধি নেই, সে হেতু তারা কর দিতে বাধ্য নয়। বিতর্কের ঝড় উঠে শাসনতান্ত্রিক প্রশ্নে। মেসাসচুসেট্‌সের এক অনল বর্ষী James Otis লিখেন যে, "পার্লামেন্টের একটি মাত্র আইন যা মাত্র ছয় মাসের মধ্যে এতবেশী সংখ্যক আমেরিকানকে ক্ষুব্ধ ও চিন্তাভাবনায় ফেলেছিল যা ইতিপূর্বে কখনও

ঘটেনি"। তারা স্ট্যাম্প আইন প্রত্যাখান করে। ব্যবসায়ীদের অনেকে বৃটেনের সাথে লেনদেন বন্ধ করে দেয় এবং কর প্রত্যাহার করা না হলে বৃটিশ দ্রব্য বর্জনের সিদ্ধান্ত নেয়। বস্তুতঃ কোন কোন ঐতিহাসিক কলোনিগুলির এ ধরনের দৃষ্টতামূলক আচরনকে সংঘাতের জন্য দায়ী করে। কলোনিগুলি দ্রুত সংঘবদ্ধ হয় এবং জাতীয় চেতনায় উদ্বুদ্ধ হয় এবং প্রতিনিধিত্বহীন পার্লামেন্ট কর্তৃক আরোপিত কর দিতে অস্বীকার করে। এ আন্দোলনের নেতৃত্ব দেন ম্যাসাচুসেট্‌সের Samuel Adam I Johns Hankok. অ্যাডামস্‌ তার "Sons of Liberty" এর মাধ্যমে জনগণের মাঝে স্বাধিকারের চেতনা জাগ্রত করেন। বস্তুতঃ Stamp Act এর বিরুদ্ধে সবচেয়ে বেশী ক্ষুব্ধ হয় পেশাজীবী শ্রেণী। তাদের প্রতিবাদ ক্রমশঃ বিদ্রোহানলে পরিণত হয়। এ সময় প্রেট্রিক হেনরী কর্তৃক উজ্জীবিত ভার্জিনিয়া আইন পরিষদ স্বাধিকার হরণকারী প্রতিনিধিত্বহীন পার্লামেন্টের আইনের বিরুদ্ধে প্রতিবাদ ও তীব্র নিন্দা জ্ঞাপন করে। শেষ পর্যন্ত অবস্থা বেগতিক দেখে পার্লামেন্ট সমঝোতায় আসতে বাধ্য হয় এবং বিতর্কিত Stamp আইন বাতিল ঘোষণা করে। একই সময় Declaratory Act পাস করে পার্লামেন্ট কর আরোপের ক্ষমতা পূন ব্যক্ত করে।

ইতিমধ্যে বৃটিশ মন্ত্রিসভার পরিবর্তন হয়। নতুন মন্ত্রিসভার অর্থমন্ত্রী চালর্স টাউনসেন্ড তার বিখ্যাত 'Townsend Act' এর মাধ্যমে চা, কাগজ, কাঁচ প্রভৃতির উপর কর ধার্য করেন। উপনিবেশগুলি পূর্বের মতই নতুন শুক আইনের তীব্র প্রতিবাদ জানায়। এরই ফলশ্রুতিতে বোষ্টন বন্দরের জনগন শুক বিভাগের কর্মকর্তাদের শুক আদায়ে বাধা দেয় এবং তাদের প্রতি কঠোর ও জঙ্গী আচরন করে। ফলে সরকার যেখানে সৈন্য পাঠাতে বাধ্য হয়। বৃটিশ সৈন্যদের উপস্থিতি সংগ্রামী জনতাকে আরও ক্ষিপ্ত করে তোলে ও সেখানকার বেসামরিক জনগনের মাঝে দেখা দেয় তীব্র প্রতিক্রিয়া। বিপ্লবের আগুন ধুমায়িত হয় গণআক্রমণে। শেষ পর্যন্ত সৈন্যরা আত্ম রক্ষার্থে গুলি ছোঁড়ে। কয়েকজন লোক হতাহত হয়। ইহাই ঐতিহাসিক "বোষ্টন হত্যাকাণ্ড" নামে পরিচিত। এই হত্যাকাণ্ড কলোনিগুলিতে বিদ্রোহের ইন্দন যোগায়। তারা এ হত্যার জন্য 'স্বৈরাচারী বৃটিশ সরকারকে দায়ী করে। মার্কিন ঐতিহাসিক Franklin Wickwire এর মতে এ ঘটনা "left the American colonies with no choice but revolution. The struggle that followed was not only for American independence, but for freedom from royal oppression as well" অবস্থার দ্রুত অবনতি ঘটে। কলোনিগুলি বৃটিশ কোম্পানী কর্তৃক আমদানীকৃত চা বর্জন করে। অবশ্য ইতিমধ্যে চা ছাড়া

অন্যসব কিছুর উপর কর বাতিল করা হয়। রাজা জর্জ দৃঢ়ভাবে বিশ্বাস করতেন যে, কর আরোপের ক্ষমতা বৃটিশ পার্লামেন্টের সার্বভৌম অধিকার। এতে কোন আপত্তি করা চলবে না। দেশপ্রেমিক আমেরিকানদের নিকট এ যুক্তি গ্রহণযোগ্য ছিল না। তারা রাজার যুক্তি মেনে ও নেয় নি। তাদের নেতা Samuel Adams তখন নিরলসভাবে স্বাধীনতার জন্য কাজ করে যান। ইতিমধ্যে চা বিবাদকে কেন্দ্র করে একদল স্বাধীনতাকামী লোক রেডইন্ডিয়ানদের ছদ্মবেশে বোষ্টন বন্দরে নোংগর করা জাহাজের চা সমুদ্রে নিক্ষেপ করে। বৃটিশ সরকার "চা চক্রের" কাজকে দস্যুতা বলে নিন্দা করে, এবং কলোনিগুলিকে শাস্ত ক করার জন্য কয়েকটি দমনমূলক আইন পাস করে। এ ঘটনা বিপ্লবের পথকে প্রশস্ত করে। স্বাধীনতাকামীরা এ সময় Thomas Paine রচিত 'Common Sense' পড়ে স্বেচ্ছাচারের বিরুদ্ধে উজ্জীবিত হয় এবং স্বাধীনতা সংগ্রামকে তাদের নৈতিক কর্তব্য বলে মনে করে। এ সময় ভার্জিনিয়া পরিষদের পক্ষে Patrick Henry কর্তৃক উদ্ভূত পরিস্থিতি ও বিবিধ সমস্যা আলোচনার জন্য ফিলাডেলফিয়ায় এক সম্মেলন ডাকা হয়। তারা সরকার গৃহীত নিপীড়নমূলক আইনের প্রতি ক্ষোভ প্রকাশ করে এবং নিয়মতান্ত্রিকভাবে এর বিরুদ্ধে প্রতিবাদ জানায়। তারা কলোনিগুলোর জন্য "ডামিনিয়ন" মর্যাদা ঘোষণা করে। অবশ্য মধ্যমপন্থী রাজানুরাগীরা রাজার নিকট আপোষের প্রস্তাব দেয়। কিন্তু তৃতীয় জর্জ কলোনিগুলিকে কোন প্রকার ছাড় দিতে অথবা তাদের সঙ্গে সমঝোতায় আনতে রাজী হলেন না। উপরন্তু জাতীয়তাবাদী নেতা Samuel Adams কে গ্রেফতার করা হয়। এ ঘটনার পর লেক্সিংটন ও কনকর্ডে বৃটিশ বাহিনী ও উপনিবেশের মিলিশিয়ার সঙ্গে বিচ্ছিন্ন সংঘর্ষ বাধে। ঐতিহাসিক Franklin Wickwire বলেন, ঘটনাটি যতই তুচ্ছ বলে মনে হয় আসলে তা নয়। "Yet, that confrontation ...across Lexington Green began a struggle that heralded the birth of a nation"। বিপ্লবীরা স্বাধীনতার ডাক দেয়। পরবর্তীকালে এ সম্পর্কে কবি Ralph Waldo Emerson মন্তব্য করেন, "The shot heard round the world echoed through."। এর পরের ঘটনা অতি সংক্ষিপ্ত। দ্বিতীয় কন্টিনেন্টাল কংগ্রেস ১৭৭৬ সালের ৪ঠা জুলাই আনুষ্ঠানিকভাবে স্বাধীনতা ঘোষণা করে। এই ঘোষণাপত্র মানব ইতিহাসে এক অবিস্মরণীয় দলিল। এর প্রণেতা ছিলেন তৎকালীন আমেরিকার সবচেয়ে প্রতিভাবান মনীষী টমাস জেফারসন। ঘোষণার প্রারম্ভে বলা হয়ঃ আমরা এই সত্যগুলোকে স্বয়ংসিদ্ধ বলে মনে করি যে জন্মগতভাবে সকল মানুষ সমান এবং সৃষ্টী তাদেরকে কতকগুলি অবিচ্ছেদ্য অধিকার প্রদান করেছেন, এ সব অধিকারের মধ্যে রয়েছে "বেচে থাকার অধিকার, স্বাধীনভাবে জীবনযাপনের অধিকার এবং সুখ সন্ধানের অধিকার"। এ ঘোষণায়

আরোও বলা হয়েছে "জনগণের রায়ই সরকারের সকল ন্যায় ক্ষমতার উৎস।" আমেরিকার স্বাধীনতা ঘোষণার মধ্যে শুধু একটি জাতির জন্মের সূচনা হয়েছিল তা নয়, এর প্রভাব এবং অভিজ্ঞতা ও চিরন্তন বানী পরবর্তীকালে সারা বিশ্বে গণতান্ত্রিক আন্দোলন ও বিপ্লবের পথ নির্দেশনা দেয়। জেনারেল জর্জ ওয়াশিংটন ছিলেন স্বাধীনতা যুদ্ধের অবিসংবাদিত মহানায়ক। তার বলিষ্ঠ নেতৃত্ব এবং দেশপ্রেমের উজ্জ্বল দৃষ্টান্তে সাড়া দিয়ে ১৩ টি উপনিবেশ সক্রিয়ভাবে স্বাধীনতা যুদ্ধে অংশ নেয়। এ যুদ্ধে আমেরিকানরা ফরাসীদের সাহায্য এবং সমর্থন পায়। প্রায় ছয় বছর গড়ায় এ যুদ্ধ। অবশেষে ওয়াশিংটনের দৃঢ় প্রত্যয় রনকৌশল এবং ধৈর্য্য আমেরিকানদের কাঙ্ক্ষিত বিজয় এনে দেয় ১৭৮১ সালের ১৭ ই অক্টোবর বৃটিশ সেনাপতি লর্ড কর্নওয়ালিসের আত্মসমর্পণের মাধ্যমে। এর দু'বছর পর ১৭৮৩ সালের প্যারিসের শান্তি চুক্তিতে গ্রেটব্রিটেন আনুষ্ঠানিকভাবে আমেরিকার স্বাধীনতা মেনে নেয়। এ ভাবে বহু ত্যাগ এবং তিতিক্ষায় অর্জিত আমেরিকান স্বাধীনতা পূর্ণতা লাভ করে।

কিন্তু আমেরিকান বিপ্লব এখানেই শেষ হয় নি। এর অমর বানী "inalienable right to life, liberty and property"র যুগান্তকারী প্রভাব যে যুগ যুগ ধরে বিশ্বের নির্যাতিত ও বঞ্চিত স্বাধীনতাকামী দেশ প্রেমিক জনগণকে উৎপীড়ন ও অন্যায়ের বিরুদ্ধে স্বেচ্ছার এবং প্রতিবাদী আন্দোলন এবং সংগ্রামী ভূমিকা গ্রহণে উদ্বীপনা যোগাবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। প্রখ্যাত বৃটিশ ঐতিহাসিক ও দার্শনিক Sir Arnold Toynbee ১৯৬১ সালে পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ে এক ভাষণে বলেন, "The American Revolution has gone thundering on, 'nothing can stop it, not the American hands that first set it rolling'" তাঁর মূল্যবান বক্তব্য তুলে ধরে আমেরিকা বিপ্লবের অভিজ্ঞতা, সর্বজনীনতা ও সামগ্রিকতা। এ বিপ্লবের প্রভাব সর্বত্র। "Liberty and Independence" কোন দেশের একার অধিকার নয়। এর আবেদন সর্বজনীন, দেশ কাল ও সময়কে জয় করে তা চলে নিজস্ব ধারায়।

আমেরিকার বিপ্লবের প্রভাব ও অভিজ্ঞতা ১৭৮৯ সালের যুগান্তকারী ফরাসী বিপ্লবে তাৎক্ষণিকভাবে অনুভূত হয়। "The influence of the American Revolution on France was tremendous"। বস্তুতঃ আমেরিকান বিপ্লব ছিল ফরাসী বিপ্লবের পূর্বসূরী ও পথিকৃৎ। প্রখ্যাত ফরাসী লেখক ও চিন্তাবিদ Abbe Barruel সহ অনেক ঐতিহাসিকের অভিমত যে ১৭৮৯ ও ১৮৪৮ সালের ফরাসী বিপ্লব এবং ইউরোপের বহু বিপ্লব এবং ১৮১০

সালের মেক্সিকান বিপ্লবসহ ল্যাটিন আমেরিকান অন্যান্য বিপ্লব প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে আমেরিকান বিপ্লবের কাছে ঋণী। ১৭৮৬ সালের ফরাসী বিপ্লবের প্রধান নায়কদের মধ্যে Lafayette সহ অনেকে সক্রিয়ভাবে আমেরিকার স্বাধীনতা বিপ্লবে অংশ গ্রহন করেন এবং বিপ্লবের অগ্নি মন্ত্রে দীক্ষিত হন। তাদের বিপ্লবী চিন্তা ও অভিজ্ঞতা নিঃসন্দেহে ফরাসী বিপ্লবকে তরাসিত ও প্রভাবিত করেছিল, এটা বলাই বাহুল্য। তবে এটা ও বলা সঠিক হবে না যে, The French Revolution was the child of the American Revolution। আমেরিকার বিপ্লবের পটভূমিও চারিত্রিক বৈশিষ্ট্য ফরাসী বিপ্লব অথবা এ শতকের গোড়ার দিকের রুশ বিপ্লবের ন্যায় "Radical" ছিল না। রুশ বিপ্লবের প্রধান দাবী ছিল "Peace, Bread and Land"। আর ফরাসী বিপ্লবের মূল আদর্শও বানী ছিল "Liberty, Equality and Fraternity and Sovereignty of the People",। এর পরিধি এবং ব্যাপ্তি ছিল অনেক বিশাল ও ব্যাপক। তাৎক্ষনিকভাবে এ বিপ্লব ফ্রান্সের দীর্ঘদিনের স্বৈরাচারী রাজতন্ত্র, সুবিধাভোগী সামন্ত অভিজাত ও ধর্মব্যবসায়ী পুরোহিত শ্রেণীকে উৎখাত করে। এবং উচ্চ শ্রেণীর শাসন ও শোষণ থেকে সাধারণ জনগণকে মুক্ত করে। ঐ বিপ্লবের ফলে ফ্রান্সের সমগ্র রাষ্ট্র কাঠামো ও ঘূনেধরা সমাজ জীবনে সূচিত হয় এক নতুন অধ্যায় ও বৈপ্লবিক পরিবর্তন। প্রতিষ্ঠিত হয় জনগণের গণতান্ত্রিক অধিকার "the right of man and citizen" ও সমতা। দূর হয় অর্থনৈতিক ও সামাজিক বৈষম্য এবং অবসান হয় স্বৈরশাসন ও শোষণের। তবে এ সমতা ও মুক্তি অর্জিত হয় প্রচুর রক্তক্ষরণের মাধ্যমে। বিপ্লবের ধারাবাহিকতাকে টিকিয়ে রাখতে "ত্রাসের রাজত্বের" মত ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়। সেখানে সৃষ্টি হয়েছিল দারুণ অরাজকতা, আইন শৃঙ্খলার স্কুল প্রয়োগ এবং সশস্ত্র রক্তপাত। টমাস জেফারসনের মত প্রগতিশীল চিন্তাবিদ ও ফরাসী অনুরাগী যিনি স্বচক্ষে ফরাসী বিপ্লব দেখার সুযোগ পেয়েছিলেন, তিনিও বিপ্লবের নিষ্ঠুরতা, ভয়াবহতা ও অরাজকতা দেখে হতাশ ও মর্মান্বিত হন। তবে এটা বলার অপেক্ষা রাখেনা যে, ফরাসী বিপ্লবের প্রত্যাশা, আবেদন ও সাড়া জাগানো দর্শন ছিল বিশ্বজনীন, এবং এর ফলাফল ছিল ব্যাপক ও সুদূর প্রসারী। সেদিক থেকে মূল্যায়ন করলে আমেরিকান বিপ্লব ছিল অনেকটা সাদামাটা, Orderly এবং Conservative এবং তা জন্ম দেয়নি তেমন সাড়া জাগানো রাজনৈতিক মতবাদ। সে জন্য কেউ কেউ এ বিপ্লবকে "a Revolution without Dogma" বলে থাকেন। এর গুণগত আদর্শ ও লক্ষ্য ১৭ দশ শতকের ইংল্যান্ডের 'গৌরবময় বিপ্লবের' সঙ্গে তুলনীয়। একে বলা চলে গৌরবময় বিপ্লবের সফল উত্তরাধিকারী। ফরাসী বিপ্লবের প্রধান লক্ষ্য ছিল সমাজে Equality প্রতিষ্ঠা করা, অন্যদিকে আমেরিকার বিপ্লবীরা অধিক গুরুত্ব

দিয়েছে Liberty উপর। সেই দিক থেকে এর চারিত্রিক বৈশিষ্ট্য ছিল বুর্জোয়া এবং এর rallying point ছিল "inelienable right to life, liberty এবং Property"। আমেরিকার বিপ্লবীরা শক্তিশালী গণতান্ত্রিক সরকারের বিশ্বাসী ছিল, যার মাধ্যমে তারা তাদের কষ্টার্জিত স্বাধীনতা, গণতান্ত্রিক মূল্যবোধ ও ব্যক্তি স্বাধীনতা পূর্ণতা পায়। এরই প্রতিফলন দেখতে পাওয়া যায় ১৭৮৭ সালের লিখিত সংবিধান ও ফেডারেল সরকার গঠনের মাধ্যমে। এ সংবিধানের প্রধান বৈশিষ্ট্য হল 'Checks and Balance' যা গণতান্ত্রিক প্রক্রিয়াকে সুসংহত করে এবং স্বৈরাচারকে নির্বাসন দেয়। "Bill of Rights" পাসের মাঝে লক্ষনীয় ব্যক্তি স্বাধীনতা, ধর্ম ও পরমতসহিষ্ণুতা এবং স্বৈর শাসন থেকে মুক্ত থাকার অঙ্গীকার ও একটি Enlightened সরকার গঠনের দীপ্ত প্রত্যয়। একমাত্র মানুষে মানুষে সমতা, ন্যায় বিচার, স্বাধীনতা ও বৈষম্য দূর করা ছাড়া উভয় বিপ্লবের মাঝে আদর্শগত মিল খুঁজে পাওয়া শক্ত। আমেরিকার বিপ্লবের নায়করা ছিলেন প্রধানতঃ ব্যবসায়ী, ভূস্বামী ও খামারের মালিক এবং আবাদকারী চাষী ও গ্রামীণ আইনজীবী। সে দিক থেকে ফরাসী বিপ্লব পরিচালিত হয়, শহর বাসী শিক্ষিত, মধ্যবিত্ত, বুদ্ধিজীবীদের দ্বারা। তাদের বিপ্লবের উদ্দেশ্য, লক্ষ্য ও আদর্শ এবং পটভূমি ছিল ভিন্ন এবং আলাদা প্রকৃতির।

আমেরিকার বিপ্লবের প্রকৃতি, কারণ ও ইহার চারিত্রিক বৈশিষ্ট্য নিয়ে বুদ্ধিজীবী এবং ইতিহাসবেত্তাদের মাঝে বিতর্কের শেষ নেই। কেউ কেউ এ অভিমতও ব্যক্ত করেছেন যে, আমেরিকায় প্রকৃত পক্ষে কোন বিপ্লবই হয় নি। যেখানে যা ঘটেছিল, সেটা হল একটি সফল বিদ্রোহ যা পরবর্তীকালে স্বাধীনতা যুদ্ধে মোড় নেয়। ঐতিহাসিক George Bancroft এর মতে এই বিপ্লব ছিল "a struggle between American quests for liberty and British tyranny": যার ফলশ্রুতিতে যেখানে অবসান হয় দীর্ঘ দিনের ঔপনিবেশিক শাসন ও শোষণ। আধুনিক কালে বিপ্লব বলতে যা বুঝায় সে দৃষ্টিকোণ থেকে বিচার করলে আমেরিকার বিপ্লব ছিল 'মডারেট' এবং রক্ষণশীল। বিপ্লবী নেতারা সমাজে স্থিতিশীলতা, গণতান্ত্রিক ঐতিহ্য ও মূল্যবোধের উপর অধিক গুরুত্ব দিয়েছিলেন। এ প্রসঙ্গে প্রখ্যাত মার্কিন ঐতিহাসিক Daniel Boorstin এর উক্তি প্রনিধান যোগ্য। তার কথায় 'The significance of the American Revolution..... lay not in social change and conflict but in consensus and continuity'। আমেরিকার বিপ্লবী নেতাদের রাজনৈতিক অথবা আর্থ-সামাজিক জীবনে বিরাট বৈপ্লবিক পরিবর্তন সাধন করা তাদের অভীষ্ট বা লক্ষ্য ছিল না। তারা

চেয়েছিল স্বাধীনতা অর্জনের মাধ্যমে বাইরের হস্তক্ষেপ থেকে মুক্তি এবং নিজেদের পছন্দমত গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার অধিকার। যে সরকার ব্যক্তি স্বাধীনতা, ধনসম্পত্তি, মানমর্যাদার স্থায়ী নিশ্চয়তা দিবে। এদের মতে রাজনৈতিক ও শাসনতান্ত্রিক সঙ্কটই ছিল বিপ্লবের মূল কারণ। এ মতের প্রধান প্রবক্তা হলেন ঐতিহাসিক Charles M. Andrews; তার দৃষ্টিতে বিরোধটি ছিল "Constitutional in nature"। এ জন্য তিনি তৎকালীন বৃটিশ রাজনীতিকে দায়ী করেন। রাজার স্বৈরশাসন, মন্ত্রীদের অদূরদর্শিতা এবং পার্লামেন্টের তাবেদারী- ভূমিকা উপনিবেশগুলিকে বিপ্লবের পথ বেছে নিতে বাধ্য করে। তিনি স্বীকার করেন যে, আমেরিকার সমাজ ব্যবস্থা ছিল বৃটেনের তুলনায় অনেক বেশী প্রগতিশীল ও গতিময়। তখন বৃটিশ রাজনীতি ও সমাজ ব্যবস্থা ছিল পরিবর্তনবিমুখ এবং রক্ষনশীল। সুতরাং উভয়ের মধ্যে সংঘাত ছিল অবধারিত। আবার Sir Lewis Namier এর মত ঐতিহাসিক এবং তার অনুসারী "The Imperial School" মনে করেন যে আমেরিকার বিপ্লবের কারণ হিসেবে সে দেশের ক্ষুদ্র গন্ডিতে বৃটিশ উপনিবেশনীতিকে বিচার ও মূল্যায়ন করা সঠিক হবে না। এদের মতে সময়সাময়িককালের অন্যান্য উপনিবেশশক্তির তুলনার বৃটিশনীতি ছিল অনেক উদার এবং শিথিল, যে কারণে উপনিবেশগুলি ব্যবসা বানিজ্যের মাধ্যমে সমৃদ্ধশালী হবার সুযোগ পায়। সুতরাং ১৭৬০ দশকের পার্লামেন্ট কর্তৃক কর ধার্য এবং আইন পাসের মাধ্যমে কলোনীগুলিতে শৃঙ্খলা ও দায়িত্ববোধ ফিরিয়ে আনাই ছিল এর প্রধান উদ্দেশ্য। উৎপীড়ন করা তাদের মোটেই অভিপ্রায় ছিল না। তাদের অভিমত হল, রাজনৈতিক বিচক্ষণতার অভাবে শাসনতান্ত্রিক সঙ্কটের সৃষ্টি এবং এবং বিতর্ক ছিল বিপ্লবের জন্য দায়ী। প্রখ্যাত আমেরিকান ঐতিহাসিক Charles A. Beard Ges Mary R. Beard এর মতে আমেরিকার বিপ্লবের উদ্দেশ্য শুধু স্বাধীনতা অর্জনই ছিল না। এর প্রধান তাৎপর্য হল এ বিপ্লব আমেরিকার চিন্তা, চেতনা ও আদর্শের মৌলিক পরিবর্তনসহ আর্থ-সামাজিক জীবনে বৈষ্ণব্য দূর করে একটি সুখী স্বাধীন জীবন যাপনের অঙ্গীকার। অন্যদিকে প্রফেসর Arthur Schlessinger অর্থনৈতিক কারণের উপর গুরুত্ব দিয়েছেন সর্বাধিক। তাঁরমতে অর্থনীতি হল সকল কর্মকাণ্ডের চালিকা শক্তি। প্রাক-বিপ্লব যুগে আমেরিকান উচ্চবিত্ত ও স্বল্পবিত্তের জনগনের মাঝে সুযোগ সুবিধার অনেক তারতম্য ছিল। সমাজ জীবনে ছিল অসংগতি ও অগনতান্ত্রিক ব্যবস্থা। যেন স্বল্পবিত্তের জনগনের ভোটাধিকার হতে বাঞ্ছিত ছিল। তবে ফ্রান্সের অথবা রাশিয়ার মত ধনী দরিদ্রের ব্যবধান অত তীব্র আকার ধারণ করেনি। গড়ে উঠেনি বৈষম্যের পাহাড়। সে জন্য আমেরিকার বিপ্লবকে শ্রেণী সংঘাতের বহিঃপ্রকাশ বলা মোটেই যুক্তিসিদ্ধ হবে না। যদিও Schlessinger এ মতের ধারক। তার মতে

বিপ্লবের পটভূমি রচিত হয়েছিল স্বাধীনতা যুদ্ধের বহু পূর্বে, "The Revolution was effected before the war commenced" তার সঙ্গে প্রায়ই একই সুরের প্রতিধ্বনি করেন ঐতিহাসিক Franklin Jameson। তিনি আমেরিকার বিপ্লবকে একটি বিরাট 'Social Movement' রূপে আখ্যায়িত করেন। তার মতে আমেরিকার রাজনীতি, অর্থনীতি এবং সংস্কার সমূহ প্রাক-বিপ্লব যুগের কায়েমী স্বার্থপরায়ন উচ্চবিত্ত অভিজাত শ্রেণীর জন্য ছিল এক বিরাট চ্যালেঞ্জম্বরূপ। বিপ্লব তাদের ক্ষমতা দারুণভাবে খর্ব করে। অনেক রাজানুগত ভূস্বামীর জমিদারী ও সম্মতি বাজেয়াপ্ত করে সাধারণ জনগণের মাঝে বিতরণ করা হয়। তবে এটা সত্য যে অযথা হত্যা, বিশৃঙ্খলা বা অস্থিরতা সৃষ্টি করা হয়নি। সেদিক থেকে বিচার করলে আমেরিকার বিপ্লব সে দেশে গণতন্ত্রের প্রসারসহ আর্থ-সামাজিক জীবনে অনেক পরিবর্তন সাধন করে। বিপ্লবের আদর্শে উজ্জীবিত হয়ে অনেক অঙ্গরাজ্য দাস প্রথার বিলুপ্তি ঘোষণা করে। অনেক ঐতিহাসিক Jameson এর বক্তব্যকে অতিরঞ্জন মনে করেন। কারন আমেরিকার বিপ্লব সেখানকার ৫ লক্ষ কৃষকায় (তৎকালীন মোট জনসংখ্যার এক চতুর্থাংশ) নিগ্রোদের পীড়নমূলক জীবনে কোন অবদান বা সুফল অথবা আশার বানী বহন করেনি। নিগ্রোদাসরা তাদের অত্যাচারী প্রভুদের সম্পত্তিরূপে ব্যবহৃত হতো। স্বাধীনভাবে চলার কোন অধিকার তাদের ছিল না। ছিল না রাজনৈতিক ভূমিকা। নিগ্রোরা নিজস্ব সমাজ, সংস্কৃতি ও ঐতিহ্য হতে বিচ্ছিন্ন হয়ে সুদূর নতুন মহাদেশে এক অপরিচিত পরিবেশে মানবেতর জীবনযাপন করতো। বর্ণবাদের অভিষাপসহ, সামাজিক বৈষম্য এবং অর্থনৈতিকভাবে নিগৃহীত ও নিপীড়িত হতো। এ ঘৃণ্য দাস প্রথা বিপ্লবের প্রায় ১০০ বছর পরও সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সৃষ্টি করেছিল এক অস্থিরতা ও সঙ্কট। যার ফলশ্রুতি ১৮৬১-৬৫ সালের গৃহযুদ্ধ। উদার মানবতাবাদী প্রেসিডেন্ট লিঙ্কনের বিচক্ষণতা ও দূরদর্শিতা এবং বলিষ্ঠ নেতৃত্বে শুধু দেশের অখণ্ডতাই রক্ষা করেনি, তিনি এ ঘৃণ্য, অমানবিক ও নিপীড়নমূলক দাস প্রথার বিলুপ্তি ও ঘোষণা করেন। আমেরিকার নিগ্রোরা দীর্ঘ দিনের এক অভিশপ্ত জীবন থেকে মুক্তি পায় এবং সংবিধানের সংশোধনের মাধ্যমে অর্জন করে স্বাধীনতা, নাগরিকত্ব ও ভোটাধিকার। কিন্তু বাস্তবক্ষেত্রে গৃহযুদ্ধের ১২৫ বছর পর আজ ও প্রকৃত অর্থে নিগ্রোসহ অন্যান্য সংখ্যালঘু বহুলাংশে সামাজিক বৈষম্য ও প্রতিবন্ধকতা এবং শোষণের শিকার। সে দিক থেকে মূল্যায়ন করলে আমেরিকার বিপ্লবের শ্বাসতঃ বাণী "Life, liberty and pursuit of happiness" এর অঙ্গীকার এখনও বহু আমেরিকানের নিকট অলীক স্বপ্ন "American Dream"ই রয়ে গেছে। তবে এটা অনস্বীকার্য যে, আমেরিকান বিপ্লবের আবেদন ও প্রাসঙ্গিকতা শেষ হবার নয়। আমেরিকার বিপ্লবই ছিল আধুনিক বিশ্বের সর্ব প্রথম

মুক্তিসংগ্রাম, যা যুগ যুগ ধরে এশিয়া, আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকাসহ বিশ্বের সর্বত্র উপনিবেশবাদ, সাম্রাজ্যবাদ ও নয়া উপনিবেশবাদ সহ সকল প্রকার নিপীড়ন ও শোষণের বিরুদ্ধে মুক্তিকামী মুক্তিকামী মানুষের অন্তরে এক উজ্জীবনী শক্তিরূপে অনুপ্রেরনা যোগিয়েছে এবং ভবিষ্যতে ও যোগাবে।

Selected Bibliography

- 1) *The American Revolution : How Revolutionary was It*
Ed by George Athan Billias
The Dryden Prcs. Hans dale. Illiviois:1965
- 2) *The American Revolution: Two Centuries of Interpretation*
Ed by Edmund S. Morgan, Prentice Hall. Inc, NJ.1965
- 3) *The Reinter pretation of the American Revolution 1763-1789*
Ed by Jack. P. Green, Harperk Row, New York, 1968
- 4) *The impact of the American Revolution Abroad,*
Library of Congress, Washington, 1976
- 5) *Main Problems in American History, Vol. I*
Ed by Quint Albertson Cantor
The Dorsey Press, Homewnd, Illinois 1968.

মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্টঃ একটি পর্যালোচনা

ডঃ এম. নজরুল ইসলাম

(সারসংক্ষেপঃ মার্কিন বিচারব্যবস্থার শীর্ষস্থানে অধিষ্ঠিত সেদেশের সুপ্রীমকোর্ট। সুপ্রীমকোর্টই হচ্ছে মার্কিন জাতির সর্বোচ্চ আদালত। অবশ্য মার্কিন যুক্তরাষ্ট্রে সাংবিধানিক ইতিহাসের গুরুত্বপূর্ণ দিকে সুপ্রীমকোর্টের ভূমিকা খুব একটা ব্যাপক ও কর্তৃত্বপূর্ণ ছিল না, কিন্তু বর্তমানে যুক্তরাষ্ট্রীয় আদালত এবং সংবিধানের অভিভাবক ও রক্ষাকর্তা হিসাবে মার্কিন সুপ্রীমকোর্ট তার প্রভাব-প্রতিপত্তিকে করেছে সুদূর প্রসারী। বিশ্বের অন্য যে কোন দেশের সর্বোচ্চ আদালত অপেক্ষা মার্কিন সুপ্রীমকোর্ট অধিক ক্ষমতার অধিকারী। কোর্ট আইন ও শাসন বিভাগের মধ্যে ক্ষমতার বিভাজনকে বলবৎ করে এবং উভয় বিভাগের মধ্যে ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে পালন করেছে গুরুত্বপূর্ণ ভূমিকা। সুপ্রীমকোর্ট মার্কিন ন্যায় বিচারের ধারণাকে সুস্পষ্ট ও সুপ্রতিষ্ঠিত করার ব্যাপারে সক্রিয়ভাবে সাহায্য করেছে। মার্কিন সংবিধানের মৌলিক নীতিগুলোকে করে তুলেছে আরো গতিশীল ও তাৎপর্যপূর্ণ। জাতীয় সরকারের প্রাধান্য বিস্তারের ক্ষেত্রে মার্কিন সুপ্রীমকোর্টের অবদান অনস্বীকার্য। এ বিচারে মার্কিন যুক্তরাষ্ট্রের শাসনকার্য পরিচালনা, রাজনৈতিক ব্যবস্থা এবং বিশ্ববাসীর জীবনধারার উপর সুপ্রীমকোর্টের প্রভাব অপরিমিত। নাগরিক অধিকার সংরক্ষণ, 'আইনের যথাবিহিত পদ্ধতি' ও বৈধতা বিচার, আইনের ব্যাখ্যা, বিচার-বিভাগীয় সমীক্ষার ক্ষমতা এবং সংবিধানের ব্যাখ্যাকর্তা ও নিয়ামক শক্তি হিসাবে মার্কিন সুপ্রীমকোর্ট যে অনন্যসাধারণ ভূমিকা পালন করেছে - সে সম্পর্কে একটি বস্তুনিষ্ঠ এবং সংক্ষিপ্ত আলোচনা স্থান পেয়েছে এ প্রবন্ধে।)

ভূমিকা :

মার্কিন যুক্তরাষ্ট্রের আদর্শ ও জনগণের সার্বভৌমিকতার চিরঞ্জীব অনুপ্রেরণা হলো সে দেশের সংবিধান। এ সংবিধান মার্কিন যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ব্যবস্থা, দেশ ও দেশবাসীর ঐতিহাসিক বিকাশ ও বিবর্তনের সাথে গভীরভাবে সম্পৃক্ত। ঐক্য, ন্যায়, অভ্যন্তরীণ শৃঙ্খলা, প্রতিরক্ষা ব্যবস্থা সর্বোপরি সুখ ও শান্তিময় জীবনের অভিপ্রায়কে সামনে রেখে মার্কিন জনগণ বিধিবদ্ধ ও প্রতিষ্ঠিত করেছে তাদের এই সুমহান সংবিধান। আইনগত, নৈতিকভিত্তি এবং গণ-সার্বভৌমত্বের প্রস্তাবনাসহ মার্কিন সংবিধান বিশ্বের বহু দেশের সংবিধান রচয়িতাদের নিকট তাদের সংবিধান প্রণয়নের জন্য একটি উৎকৃষ্ট 'মডেল' হিসাবে বিবেচিত হয়েছে। মার্কিন গণতন্ত্রের সুস্পষ্ট মৌল দলিল হলো- তাদের সংবিধান। অতি সংক্ষিপ্ত, ৪০০০ শব্দে রচিত যা' কিনা পাঠ করতে ৩০ মিনিটের বেশী সময়ের প্রয়োজন পড়েনা- এমনই একটি প্রাণবন্ত ও

গতিশীল সংবিধান মার্কিন ব্যবস্থাকে দান করেছে একটি আলাদা স্বকীয়তা-একটি স্বতন্ত্র অভিনবত্ব।

নিঃসন্দেহে মার্কিন সংবিধানের কাঠামো, প্রকৃতি ও বৈশিষ্ট্য সে দেশের আর্থ সামাজিক ও রাজনৈতিক বিন্যাসের সাথে গভীরভাবে প্রোথিত। মার্কিন যুক্তরাষ্ট্রের এমনি একটি শাসনব্যবস্থায় সুপ্রীমকোর্টের ভূমিকা বিশেষ তাৎপর্যের সঙ্গে তুলে ধরা হয়েছে। 'আইনের যথাবিহিত পদ্ধতি' ও বৈধতা বিচার, বিচার-বিভাগীয় সমীক্ষার ক্ষমতা, নাগরিক অধিকার সংরক্ষণ এবং সংবিধানের অভিভাবক ও ব্যাখ্যাকর্তা হিসাবে ভূমিকা পালনের মাধ্যমে মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্ট তার ক্ষমতা ও কার্যবলীর পরিধিকে প্রশস্ত করেছে বহুগুণে। এ বিচারে বিশ্বের অন্য যে- কোন দেশের সর্বোচ্চ আদালত অপেক্ষা মার্কিন সুপ্রীমকোর্ট অধিক ক্ষমতার অধিকারী। মার্কিন যুক্তরাষ্ট্রে বিচারালয়ের শীর্ষে অবস্থিত সুপ্রীমকোর্টের ভূমিকার গুরুত্ব অনন্য সাধারণ।

মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান রচয়িতাগণ যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থা প্রবর্তনের প্রয়োজনে যুক্তরাষ্ট্রীয় বিচারব্যবস্থার প্রয়োজনীয়তা সম্পর্কে বিশেষভাবে অবহিত ছিলেন। সংবিধান রচয়িতাদের মতে, সংবিধান ব্যাখ্যা ও রক্ষা করার জন্য যুক্তরাষ্ট্রীয় বিচারব্যবস্থার অপরিহার্যতা ছিল।^১ মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানানুযায়ী যুক্তরাষ্ট্রীয় বিচারব্যবস্থা এবং অংগ রাজ্যগুলোর সংবিধান অনুসারে বিভিন্ন অংগরাজ্যের বিচারব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। অর্থাৎ দ্বৈত বিচারব্যবস্থা মার্কিন যুক্তরাষ্ট্রীয় বিচারব্যবস্থার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। যুক্তরাষ্ট্রীয় আদালত ও অংগরাজ্যসমূহের আদালত নামে মার্কিন বিচারব্যবস্থায় দুটি অংগ রয়েছে। যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্রে এ দু'ধরনের বিচারালয়ের ব্যবস্থা করা হয়েছে। মার্কিন সংবিধানের ৩(১) ধারায় সুপ্রীমকোর্ট স্থাপনের ব্যবস্থা করা হয়েছে এবং অন্যান্য যুক্তরাষ্ট্রীয় আদালত গঠনের দায়িত্ব কংগ্রেসকে দেয়া হয়েছে।^২ যদিও মার্কিন যুক্তরাষ্ট্রের কেন্দ্র ও অংগরাজ্যের বিচারব্যবস্থা আলাদা, তথাপি একেবারে স্বতন্ত্র নয়। অংগরাজ্যগুলোর সংবিধান যেমন মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের অধীন, তেমনি অংগরাজ্যগুলোর বিচারব্যবস্থা যুক্তরাষ্ট্রীয় বিচারব্যবস্থার অধীন।^৩

যুক্তরাষ্ট্রীয় বিচারব্যবস্থা শীর্ষস্থানে অবস্থিত সুপ্রীমকোর্ট এবং কংগ্রেসের আইন দ্বারা স্থাপিত নিম্নতম যুক্তরাষ্ট্রীয় বিচারালয়সমূহ নিয়ে গঠিত। নিম্নতম যুক্তরাষ্ট্রীয় বিচারালয়গুলো আবার তিনভাগে বিভক্তঃ (ক) মূল এলাকা সমেত যুক্তরাষ্ট্রীয় জেলা আদালত, (খ) ডায়াম্যান আপীল আদালত এবং (গ) অন্যান্য বিশেষ আদালত। বর্তমানে সর্বসমেত ৯১ টি যুক্তরাষ্ট্রীয় জেলা আদালত, ১১ টি ডায়াম্যান মার্কিন আদালত, একটি দাবী আদালত, একটি শুদ্ধ আদালত এবং একটি শুদ্ধ ও পেটেন্ট সংক্রান্ত আপীল আদালত রয়েছে।^৪

মার্কিন সুপ্রীম কোর্টের গঠন ও এখতিয়ারঃ

মার্কিন সংবিধান অনুসারে মার্কিন যুক্তরাষ্ট্রে বিচারালয়ের শীর্ষস্থানে অধিষ্ঠিত সুপ্রীমকোর্ট। সুপ্রীমকোর্ট মার্কিন জাতির সর্বোচ্চ আদালত হিসাবে বিবেচিত। মার্কিন যুক্তরাষ্ট্রে সাংবিধানিক ইতিহাসের শুরুর দিকে সুপ্রীম কোর্টের ভূমিকা খুব একটা ব্যাপক ও কর্তৃত্বপূর্ণ ছিল না, কিন্তু বর্তমানে যুক্তরাষ্ট্রীয় আদালত এবং সংবিধানের অভিভাবক ও রক্ষাকর্তা হিসাবে মার্কিন সুপ্রীমকোর্ট তার প্রভাব প্রতিপত্তিকে প্রসারিত ও প্রতিষ্ঠিত করেছে।

১৮৬৯ সালের আইনানুসারে বর্তমানে মার্কিন সুপ্রীমকোর্ট ১ জন প্রধান বিচারপতি এবং ৮ জন সহকারী বিচারপতি নিয়ে গঠিত হয়। বিচারকার্য সম্পাদনের সময় অন্তত ৬ জন বিচারপতির উপস্থিতি অপরিহার্য। সুপ্রীমকোর্ট সংখ্যাগরিষ্ঠ বিচারপতির সমর্থনে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। মার্কিন কংগ্রেস কোন বিচারপতিকে অসদাচরণের অভিযোগের ভিত্তিতে ইম্পিচমেন্টের মাধ্যমে পদচ্যুত করতে পারে। সুপ্রীমকোর্টের বিচারপতিদের কার্যকাল অনির্দিষ্ট। বিচারপতিদের কার্যকাল সংবিধানে নির্দিষ্ট করে দেয়া হয়নি। বিচারপতিগণ যতদিন ইচ্ছা স্বপদে বহাল থাকতে পারেন। সুপ্রীমকোর্টের বিচারপতিদের বেতন ও ভাতা মার্কিন কংগ্রেস আইনের মাধ্যমে নির্দিষ্ট করে দেয়। প্রধান বিচারপতি বাৎসরিক ৬৫,৬০০ ডলার এবং অন্যান্য সহকারী বিচারপতিগণ বাৎসরিক ৬৫,০০০ ডলার বেতন পান। প্রধান বিচারপতি সুপ্রীমকোর্টের অধিবেশনে সভাপতিত্ব করেন।^৫

সুপ্রীমকোর্টের বিচারপতিগণ নিযুক্ত হন রাষ্ট্রপতি কর্তৃক। অবশ্য এই নিয়োগ সিনেট এর অনুমোদন সাপেক্ষ। মার্কিন সংবিধানে সুপ্রীমকোর্টের বিচারপতিদের প্রয়োজনীয় যোগ্যতা সম্পর্কে কোন উল্লেখ নেই। মার্কিন যুক্তরাষ্ট্রে সুপ্রীমকোর্টের বিচারপতি নিয়োগের ক্ষেত্রে রাজনৈতিক প্রভাব লক্ষ্য করা যায়। রাজনৈতিক আনুগত্যের পুরস্কার হিসাবে বিচারপতিদের নিয়োগ দেওয়া হয়। রাষ্ট্রপতি ওয়াশিংটন নিজের দলের সদস্যদের মধ্য থেকেই বিচারপতি নিয়োগের নজীর সৃষ্টি করেন। পরবর্তী প্রত্যেক রাষ্ট্রপতিই এই দৃষ্টান্ত অনুসরণ করেছেন। সুপরিচিত বিচারপতিদের মধ্যে মার্শাল, টফট, হিউজেস, আর্লওয়্যারেন, আর্থার গোল্ডবার্গ প্রমুখ সকলেই ছিলেন ক্ষমতাসীন রাষ্ট্রপতির দলের লোক।^৬

মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্টের মূল ও আপীল-উভয় এখতিয়ার রয়েছে। মার্কিন সংবিধানের ৩(২) ধারা অনুসারে রাষ্ট্রদূত, অন্যান্য কূটনৈতিক প্রতিনিধি ও কঙ্গাল সম্পর্কিত সকল মামলা অথবা যে মামলায় কোন একটি পক্ষ হিসাবে কোন অঙ্গরাজ্য জড়িত সেই সকল মামলার বিচার সুপ্রীমকোর্টের ক্ষমতার অন্তর্ভুক্ত।^৭ সুপ্রীমকোর্টের মূল এখতিয়ার সামান্য সংখ্যক

মামলারই বিচার হয় এবং আদালতের কার্যপদ্ধতি ও ভূমিকা অনুধাবন করার জন্য এ ধরনের মামলা বিশেষ গুরুত্বপূর্ণ নয়। মার্কিন সুপ্রীমকোর্টের অধিকাংশ মামলার বিচার হয় আপীল সংক্রান্ত। সুপ্রীমকোর্টের আপীল এলাকায় দু'ধরনের মামলার বিচার হয়ঃ (ক) নিম্নতম যুক্তরাষ্ট্রীয় আদালতের বিশেষত যুক্তরাষ্ট্রীয় আপীল আদালতের রায়ের বিরুদ্ধে এবং (খ) অংগরাজ্যের নিম্নতম আদালতের বিচারের সংগে যুক্তরাষ্ট্রীয় প্রশ্ন জড়িত মামলার রায়ের বিরুদ্ধে। সুপ্রীমকোর্টের গুরুত্বপূর্ণ ক্ষমতাসমূহ আপীল এলাকার মধ্যেই নিহিত। সুপ্রীমকোর্ট অনুমোদিত ক্ষমতা প্রয়োগের মাধ্যমে তার আপীল এলাকাকে সম্প্রসারিত করতে সক্ষম হয়েছে।

নাগরিক অধিকার সংরক্ষণে মার্কিন সুপ্রীমকোর্টঃ

মার্কিন সংবিধানের শুরুই হয়েছে 'আমরা মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণ' (We, the people of the United States) এই কথাগুলোর দ্বারা।^৮ সংবিধানের প্রস্তাবনায় এই রকম উল্লেখ গণ-সার্বভৌমত্বের সুস্পষ্ট স্বীকৃতির পরিচায়ক। মার্কিন সংবিধানের উৎস এবং আইনগত ও নৈতিক ভিত্তি হলো সেই দেশের জনসাধারণ। বস্তুতঃপক্ষে সংবিধানের প্রস্তাবনাতেই মার্কিন যুক্তরাষ্ট্রের জনগণের সার্বভৌমত্বের কথা সুস্পষ্টভাবে ঘোষণা করা হয়েছে। মার্কিন সংবিধানের ১ম দশটি সংশোধনের মাধ্যমে নাগরিকদের কতকগুলো মৌলিক অধিকার দেয়া আছে যা 'অধিকারের বিল' (ইরষষ ডভ জরমযঃং) নামে পরিচিত।^৯ মার্কিন সংবিধানের নাগরিকদের অধিকার সংরক্ষণে মার্কিন সুপ্রীমকোর্টের ভূমিকাকে বিশেষ তাৎপর্যের সঙ্গে উল্লেখ করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে নাগরিক অধিকার ও ব্যক্তি স্বাধীনতা সংরক্ষণের ব্যাপারে সুপ্রীমকোর্টের দায়িত্ব ও কর্তব্য বিশেষ গুরুত্বপূর্ণ। কেন্দ্রীয়, রাজ্য সরকারের আইন ও শাসন-বিভাগীয় হস্তক্ষেপ থেকে নাগরিক অধিকারগুলো সংরক্ষণ করার দায়িত্ব মার্কিন সুপ্রীমকোর্টের। কোর্ট সংবিধান ও আইনের ব্যাখ্যার মাধ্যমে স্বীকৃত অধিকারের সারবস্ত ও অর্থ ব্যাখ্যা করে। মার্কিন কংগ্রেসের কোন আইন বা শাসন বিভাগের কোন সিদ্ধান্ত নাগরিকদের বিধিবদ্ধ অধিকারের বিরোধী হলে সুপ্রীমকোর্ট সংশ্লিষ্ট আইন বা সিদ্ধান্তকে বাতিল করে দিয়ে নাগরিক অধিকার সংরক্ষণের ব্যবস্থা করে।

অবশ্য এটা ঠিক যে, নাগরিক অধিকার সংরক্ষণের ব্যাপারে মার্কিন সুপ্রীমকোর্ট অনেকটা রক্ষণশীল মনোভাবেরও পরিচয় দিয়েছে। গৃহযুদ্ধের সময় থেকে ১৯৩৬ সাল পর্যন্ত সুপ্রীমকোর্ট বিত্তবানদের সম্পত্তিগত অধিকার সরকারের নিয়ন্ত্রণ থেকে রক্ষার জন্য সক্রিয় ভূমিকা গ্রহণ করেছে। মার্কিন সুপ্রীমকোর্ট আত্মনিয়োগ করেছে সাধারণ ও শ্রমজীবী মানুষের অধিকার ও স্বাধীনতা রক্ষার পরিবর্তে মূলত ধনিক ও বণিক শ্রেণীর স্বার্থ ও স্বাধীনতা রক্ষায়। 'পোলক বনাম

ফারমাস লোন এন্ড ট্রাস্ট কোম্পানী '(১৮৯৫) মামলায় আয়করকে সুপ্রীমকোর্ট বিত্তবান ব্যক্তিদের উপর অত্যাচার হিসাবে মন্তব্য করেছে।^{১০} আবার 'লোচনার বনাম নিউইয়র্ক (১৯০৫) মামলায় শ্রমিকদের কাজের সময়সীমা নির্ধারণের ক্ষমতা সরকারের নেই বলে সুপ্রীমকোর্ট মত প্রকাশ করেছে।^{১১}

কিন্তু তারপর থেকে আজ পর্যন্ত সুপ্রীমকোর্ট সরকারের স্বৈরক্ষমতা নিয়ন্ত্রণের মাধ্যমে জনগণের মৌলিক অধিকার সংরক্ষণের ব্যাপারে তৎপর হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে কৃষাদ্রদের অধিকার ও মর্যাদা সুপ্রীমকোর্টের মাধ্যমেই বহুলাংশে প্রতিষ্ঠিত হয়েছে। ব্রাউন বনাম টপেকার শিক্ষাপর্ষদ (১৯৫৪) (Brown Vs Board of Education, Topeka, 1954) মামলায় মার্কিন সুপ্রীমকোর্ট ঘোষণা করেছে প্রগতিশীল সিদ্ধান্ত। সুপ্রীমকোর্ট রায় দেয় যে, কৃষকায় ও শ্বেতকায়দের জন্য আলাদা বিদ্যায়তনের ব্যবস্থা 'আইন কর্তৃক সমভাবে সংরক্ষিত হওয়ার অধিকার' এর বিরোধী হবে।^{১২} তাই বলা যায় যে, সুপ্রীমকোর্ট নাগরিক অধিকার সংরক্ষণের ব্যাপারে তার যথাযথ ভূমিকা পালন করছে।

'আইনের যথাবিহিত পদ্ধতি' ও বৈধতা বিচার এবং আইনের ব্যাখ্যাকারী হিসাবে সুপ্রীমকোর্টঃ

মার্কিন সংবিধানের অন্যতম প্রণেতা হ্যামিলটন-এর মতানুসারে আইন সভা কর্তৃক প্রণীত আইনের ব্যাখ্যা করার ক্ষমতা বিচারকদের রয়েছে। অন্যান্য দেশের সর্বোচ্চ আদালতের মত মার্কিন সুপ্রীমকোর্ট কংগ্রেস কর্তৃক প্রণীত আইনের অর্থ ব্যাখ্যা করতে পারে। কোন আইন ব্যাখ্যার মাধ্যমে সুপ্রীমকোর্ট তার সঠিক অর্থ, উদ্দেশ্য ও প্রকৃতি ঘোষণা করে এবং সেই ব্যাখ্যাই চূড়ান্ত হিসাবে বিবেচিত হয়। বিচারপতি মার্শাল 'মারবারী বনাম ম্যাডিসন, ১৮০৩ (Marbury Vs Madison, 1803) মামলায় রায় প্রদান প্রসঙ্গে মন্তব্য করেছেন যে, 'আইনের অর্থ ব্যাখ্যা করার স্পষ্ট ক্ষমতা আদালতের আছে।'^{১৩}

মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের পঞ্চম সংশোধনীতে বলা হয়েছে যুক্তরাষ্ট্রীয় সরকার 'আইনের যথাবিহিত পদ্ধতি' ব্যতীত কোন ব্যক্তিকে তার জীবনের নিরাপত্তা বা সম্পত্তির অধিকার থেকে বঞ্চিত করতে পারবে না।^{১৪} ১৮৬৮ সালের ১৪শ সংশোধনের দ্বারা অংগরাজ্যগুলির বেলায়ও অনুরূপ একই বাধানিষেধ আরোপ করা হয়।^{১৫} 'যথাবিহিত পদ্ধতি' ব্যাখ্যা করতে গিয়ে সুপ্রীমকোর্ট শুধু পদ্ধতি যথাযথ কিনা তাই দেখে না, আইন স্বাভাবিক ন্যায় নীতিকে লংঘন করছে কিনা-অর্থাৎ আইন ন্যায়সংগত কিনা তাহারও বিচার করে।

আইনের সমালোচনা বা বৈধতা বিচারের মাধ্যমে মার্কিন সুপ্রীমকোর্ট নীতি নির্ধারকের ভূমিকায় অবতীর্ণ হয়ে থাকে। সুপ্রীমকোর্ট আইনের বৈধতা বিচারের মাধ্যমে জাতীয় নীতি-নির্ধারক সংস্থা হিসাবে কাজ করে থাকে।^{১৬} সুপ্রীমকোর্ট বিচার্য কোন আইনের বিষয়বস্তু ও উদ্দেশ্য বিচার বিবেচনা করার পর সংশ্লিষ্ট আইনটিকে অসাংবিধানিকতার দায়ে বাতিল করতে পারে। এক্ষেত্রে আদালত আসলে সংশ্লিষ্ট আইনটির সংগে যুক্ত নীতিরই বিরোধিতা করে। সুপ্রীমকোর্ট এই পথেই নীতি-নির্ধারকের ভূমিকায় অবতীর্ণ হয়। এভাবে আইনের বৈধতা বিচারের ক্ষমতার সহিত আইনের যৌক্তিকতা বা সমীচীনতা বিচারের ক্ষমতা প্রয়োগ করে মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্ট সংবিধানের নিয়ামক হয়ে দাঁড়িয়েছে। বলা হয়, বিচারকদের ব্যাখ্যাই হলো মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান।^{১৭} অর্থাৎ সুপ্রীমকোর্ট সংবিধানের যে ব্যাখ্যা দান করে তাই হলো মার্কিন যুক্তরাষ্ট্রের চরম সংবিধানগত আইন। এবং এ সব কারণে মার্কিন শাসন ব্যবস্থায় সুপ্রীমকোর্টকে সবচেয়ে শক্তিশালী তৃতীয় কক্ষ বলা যেতে পারে।

বিচার-বিভাগীয় পর্যালোচনার ক্ষমতাঃ

মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্ট বিচার-বিভাগীয় পর্যালোচনার মাধ্যমে নাগরিক অধিকার ও সংবিধানের সংরক্ষকের ভূমিকা গ্রহণ করেছে। বস্তুত বিচার-বিভাগীয় পর্যালোচনার মাধ্যমে সুপ্রীমকোর্টের ক্ষমতার পরিধি বিশেষভাবে বৃদ্ধি পেয়েছে। বিচার-বিভাগীয় পর্যালোচনার ক্ষমতাবলে মার্কিন সুপ্রীমকোর্ট দেশের মৌলিক আইনের বিরোধী যে- কোন আইন বা সরকারী সিদ্ধান্তকে অসাংবিধানিকতার (ultra-vires) দায়ে বাতিল ঘোষণা করতে পারে।^{১৮} মার্কিন সুপ্রীমকোর্ট স্বেচ্ছায় বিচার-বিভাগীয় সমীক্ষার ক্ষমতা গ্রহণ করেছে। যদিও মার্কিন সংবিধানের ৩ নং বা ৬ নং ধারায় বা অন্য কোথাও এ ধরনের ক্ষমতার কথা উল্লেখ নেই; তথাপি কোর্টের বিচার-বিভাগীয় সমীক্ষার ক্ষমতা অত্যন্ত গভীর ও ব্যাপক। কোর্ট শুধু আইনের বৈধতা বিচার করেনা, সংশ্লিষ্ট আইনটি যুক্তিযুক্ত বা ন্যায় সংগত কিনা তা বিচার করে দেখে। সুপ্রীমকোর্ট যে- কোন আইনের ক্ষেত্রে এর পদ্ধতিগত দিক ও বিষয়বস্তুগত দিক বিচার-বিশ্লেষণ করে আইনটির বৈধতা নিরূপণ করে। সুপ্রীমকোর্টের বিচার-বিভাগীয় পর্যালোচনার ক্ষমতা অবশ্য নানা কারণে তীব্র সমালোচনার সম্মুখীন হয়েছে। সমালোচকদের মতানুসারে মার্কিন সংবিধান সুপ্রীমকোর্টের নিকট এই ক্ষমতা প্রদান করেনি; বরং কোর্ট জোর করে এই ক্ষমতার অধিকারী হয়েছে।^{১৯} সুপ্রীমকোর্ট এই ক্ষমতা প্রয়োগের মাধ্যমে মার্কিন কংগ্রেসের আইন প্রণয়নের ক্ষমতাকে গুরুত্বহীন করে দিয়েছে। সুপ্রীমকোর্ট জন প্রতিনিধিদের দায়িত্ব নিজের হাতে গ্রহণ করে নিজে একটি সর্বোচ্চ আইন সভায় পরিণত হয়েছে।^{২০} তাই সুপ্রীমকোর্টের এই ক্ষমতাকে প্রতিনিধিত্বমূলক শাসন ব্যবস্থার পরিপন্থী বলে কঠোরভাবে সমালোচনা করা হয়। মার্কিন সুপ্রীমকোর্টের বৈধতা

বিচারের এই ক্ষমতা আইনগত এলাকাকে অক্রিম করে বর্তমানে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রশ্ন ও সমস্যা নিৰ্ধারণ ও মীমাংসার ক্ষেত্রে পরিব্যাপ্ত হয়েছে। মার্কিন সুপ্রীমকোর্ট বর্তমানে নিজেকে দলীয় রাজনীতির সাথে জড়িয়ে ফেলেছে।^{২১} বিচারপতিদের নিয়োগ তাঁদের রাজনৈতিক মতামত ও দলীয় আনুগত্যের দ্বারা বহুলাংশে প্রভাবিত হয়। তাই এই বলে সমালোচনা করা হয় যে, মার্কিন সুপ্রীমকোর্টের বিচার-বিভাগীয় সমীক্ষার ক্ষমতা প্রগতি-বিরোধী ও রক্ষণশীলতার দোষে দুষ্ট এবং এই ক্ষমতা সবসময় গণতন্ত্রের স্বার্থে প্রয়োগ করা হয়নি।^{২২}

কিন্তু এই কথা ঠিক যে মার্কিন সুপ্রীমকোর্ট তার বিচার-বিভাগীয় ক্ষমতাকে কখনই দায়িত্বহীনভাবে খেয়ালখুশীমত প্রয়োগ করে নি। মার্কিন কংগ্রেস ১৮০৩ সাল থেকে ১৯৭৬ সালের মধ্যে ৭০ হাজারের মত আইন তৈরী করেছে, যার মধ্যে মাত্র ১২০ টি যুক্তরাষ্ট্রীয় আইনকে সুপ্রীমকোর্ট বৈধতা বিচারের মাধ্যমে বাতিল করেছে।^{২৩} এই ক্ষমতার অস্তিত্বের জন্যই মার্কিন কংগ্রেস ও রাষ্ট্রপতি সতর্কতার সাথে সিদ্ধান্ত গ্রহণ করেন বা কাজকর্ম পরিচালনা করেন।^{২৪} তারা কোন কোন ক্ষেত্রে বাধ্য হয়ে সংযত হন এই আশংকায় যে, কাজটি আদালত অবৈধ ঘোষণা করতে পারে। বিচার-বিভাগীয় সমীক্ষার প্রয়োগের মাধ্যমে মার্কিন সুপ্রীমকোর্ট দেশের রাজনৈতিক-ব্যবস্থার মূল্যবোধের ভিত্তিকে করেছে আরো সুদৃঢ়।

প্রসংগত উল্লেখ্য যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারগুলোর মধ্যে সংবিধানের কোন বিষয় সম্পর্কে মত পার্থক্য দেখা দিলে সুপ্রীমকোর্টই তার ব্যাখ্যা প্রদান করে এবং সেই ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হয়। আবার মার্কিন শাসনব্যবস্থায় ক্ষমতা-স্বতন্ত্রীকরণ নীতির প্রয়োগ হেতু রাষ্ট্রপতির ও কংগ্রেসের মধ্যেও বিরোধের আশংকা থাকে। বিধিবদ্ধ ও স্বীকৃত ক্ষমতার বিচার-বিশ্লেষণের মাধ্যমে সুপ্রীমকোর্ট উভয় কর্তৃপক্ষের ক্ষমতার সীমা নির্ধারণ করে দেয়।^{২৫} মার্কিন সুপ্রীমকোর্ট আইন ও শাসন বিভাগের মধ্যে ক্ষমতার বিভাজনকে বলবৎ করে এবং উভয় বিভাগের মধ্যে ভারসাম্য বজায় রাখার ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

সংবিধানের ব্যাখ্যাকর্তা ও অভিভাবক হিসাবে সুপ্রীমকোর্টঃ

মার্কিন সংবিধানের ব্যাখ্যাকর্তা হিসাবে সুপ্রীমকোর্ট গুরুত্বপূর্ণ ক্ষমতার অধিকারী। সংবিধানের ব্যাখ্যা সম্পর্কিত প্রশ্ন জড়িত মামলা বিচারের সময় সুপ্রীম কোর্ট সংবিধানের সংশ্লিষ্ট অংশের উপর তার ব্যাখ্যা দেয়। সুপ্রীমকোর্ট সংবিধানের যে ব্যাখ্যা দেয় তা চূড়ান্ত এবং সেই ব্যাখ্যা গ্রহণ করা সার্বজনীনভাবে বাধ্যতামূলক। সুপ্রীমকোর্ট যেভাবে সংবিধানকে ব্যাখ্যা করে সেভাবেই মার্কিন সংবিধানের অর্থ স্থিরকৃত হয়। মার্কিন সুপ্রীমকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি হিউজেস সুপ্রীমকোর্টের ভূমিকা সম্পর্কে মন্তব্য করেছেন যে, "We are under a

Constitution, but the Constitution is what the Judges say it is"26 সুপ্রীমকোর্ট প্রদত্ত সংবিধানের ব্যাখ্যাই হলো মার্কিন যুক্তরাষ্ট্রের চরম সাংবিধানিক আইন। এই হিসাবে সুপ্রীমকোর্ট নিজেকে প্রতিষ্ঠিত করেছে সাংবিধানের অভিভাবক কিংবা নিয়ামক শক্তি হিসাবে।

সুপ্রীমকোর্টের ব্যাখ্যা মার্কিন সংবিধানের ক্রমবিকাশের ক্ষেত্রে বিশেষভাবে সাহায্য করেছে। ২৭ মার্কিন সুপ্রীমকোর্ট নিরবচ্ছিন্নভাবে সংবিধানের ব্যাখ্যা বিশ্লেষণের সাহায্যে সংবিধানের ধারণার পরিবর্তন করেছে এবং সংবিধানকে করে তুলেছে জীবন্ত ও অর্থবহ। সুপ্রীমকোর্ট সংবিধান ব্যাখ্যা করার মাধ্যমে সংবিধানকে পরিবর্তিত সময় এবং পরিস্থিতির সাথে সংগতিপূর্ণ করে তোলার ক্ষেত্রে গ্রহণ করে সক্রিয় ভূমিকা। সুপ্রীমকোর্ট বিভিন্ন সময়ে এবং নানা প্রয়োজনে সংবিধানের সংক্ষিপ্ত ভাষ্যকে বিস্তারিতভাবে ব্যাখ্যা-বিশ্লেষণ করে থাকে। এর ফলে সংবিধানের সম্প্রসারণ ঘটে এবং নূতন রূপ লাভ করে-সংবিধান হয়ে উঠে আরও গতিশীল ও তাৎপর্যপূর্ণ।

উপসংহার

মার্কিন যুক্তরাষ্ট্রের শাসনকার্য পরিচালনা, রাজনৈতিক ব্যবস্থা এবং দেশবাসীর জীবনধারার উপর সুপ্রীমকোর্টের প্রভাব অপরিমিত। সুপ্রীমকোর্ট মার্কিন ন্যায় বিচারের ধারণাকে সুস্পষ্ট ও সুপ্রতিষ্ঠিত করার ব্যাপারে সক্রিয়ভাবে সাহায্য করেছে। কোর্ট মার্কিন সংবিধানের মৌলিক নীতিগুলিকে করে তুলেছে গতিশীল। ক্ষমতা-স্বতন্ত্রীকরণ ও যুক্তরাষ্ট্রীয় নীতির সঠিক অর্থকে করেছে বিকশিত। তার ফলে দেশের রাজনৈতিক ব্যবস্থার রূপরেখা হয়েছে সুস্পষ্ট। জাতীয় সরকারের প্রধান্য বিস্তারের ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রীমকোর্টের অবদান অনস্বীকার্য। দেশের নিগ্রো সম্প্রদায়ের অনুকূলে ভোটাধিকারের স্বীকৃতি এবং শিক্ষার সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে সুপ্রীমকোর্টের অনবদ্য ভূমিকা গণতান্ত্রিক আদর্শে বিশ্বাসী সুধীজনের প্রশস্তি অর্জন করেছে। ওয়াটার গেট কেলেংকারী সম্পর্কে রায় প্রদান প্রসঙ্গে সুপ্রীমকোর্ট মার্কিন রাষ্ট্রপতির অগণতান্ত্রিক কার্যকলাপের বিরোধিতা করতেও দ্বিধাবোধ করেনি। কাঠামো ও কার্যগত বিচারে সুপ্রীমকোর্ট নিজেকে সংবিধানের অভিভাবকের ভূমিকায় সুপ্রতিষ্ঠিত করেছে। এতদসত্ত্বেও সুপ্রীমকোর্টের ভূমিকার বিরূপ সমালোচনাও কম হয়নি। রক্ষণশীলতা, কায়েমী স্বার্থের পৃষ্ঠপোষকতা, বিচার-বিভাগীয় স্বৈরাচার প্রভৃতি বিভিন্ন দিক থেকে বিরূপ সমালোচনার অবতারণা করা হয়েছে। বহু বিরূপ সমালোচনা সত্ত্বেও একথা বলা যায় মার্কিন যুক্তরাষ্ট্রের জনজীবনে সুপ্রীমকোর্টের ভূমিকার গুরুত্ব সন্দেহাতীতভাবে সুদূরপ্রসারী।

তথ্যানির্দেশঃ

1. McCloskey, Robert G. *The American Supreme Court*, University of Chicago Press: Chicago, 1960, p.26.
2. Constitution of the United States, Art. III, Sec-1.
3. McCloskey. Robert G. op.cit. p.32.
4. Ibid, p.57.
5. Danielski, Daniel J. *A Supreme Court Justice Is Appointed*, Random House, Inc: New York, 1964, p.104.
6. Ibid, p.124.
7. Constitution of the United States, Art. III, Sec-2.
8. Corwin, Edward S. *The Constitution and What It Means Today* 14th ed. Rev. by Harold W. Chase, and Craig R. Ducat, Princeton, University Press: Princeton; NJ, 1978, p.40 also see, Kellay, Alfred H. and Harbison, Winfred A. *The American Constitution: Its Origin and Development*, Norton: New York, 1948, pp.409-428.
9. Hamilton, Charles V. *American Government*, Scott. Foresman and Company: New Jersey, 1982, p.55.
10. Mendelson, Wallace, *American Constitution and Civil Liberties*, The Dorsey Press, 1980, p. 218.
11. Ibid, p. 220.
12. Ibid, p. 226.
13. Abraham, Henry J, *The Judicial Process*, 3rd ed. Oxford University Press: New York, 1975, p.306.
14. Constitution of the United States, Amendment V.
15. Constitution of the United States, Amendment XIV.
16. Spaeth, Harold J. *Supreme Court Policy making*, W.H. Freeman and Company: San Francisco, 1979, p.102.

17. Ibid, p. 104.
18. See for details, Dionosopoulos, Allan P. *Judicial Review in the Textbooks*, 1979, NEWS for Teachers of Political Science, American Political Science Association, No.25 (Spring, 1980).
19. Murphy, Walter F. *Elements of Judicial Strategy*, University of Chicago Press: Chicago, 1964.
20. Ibid, p.44.
21. Ibid, p.51.
22. Key, Jr. V.O. *Public Opinion and American Democracy*, Knopf: New York, 1961, p. 147.
23. Cox, Archibald, *The role of the Supreme Court in the American Government*, Oxford University Press: New York, 1976, p.203.
24. Murphy, Walter F. *Congress and the Court*, University of Chicago Press: Chicago, 1962, p. 379, Harowitz, Donald L. *'The Courts and Social Policy*, ' Brookings Institution: Washington, D.C. 1977.
25. Ibid, p. 388.
26. Zink, Harold, *American Government and Politics*, D. Van Nostrand Company, Inc: Princeton, NJ. 1958, p. 417.
27. Mendelson, Wallace, *'The American Constitution and the Judicial*, ' The Dorsey Press: Home wood, III, 1980, p. 19.


তৃতীয় বিশ্বে রেগানোমিস্কের প্রভাব

নাসরীন খন্দকার

আমার প্রবন্ধের বিষয়বস্তু হলো রেগানোমিস্ক। এই বিষয়টি আমি কয়েকটি কারণে গুরুত্বপূর্ণ বলে মনে করি। প্রথমতঃ ৮০-র দশকে মার্কিন যুক্তরাষ্ট্রে এই তত্ত্বের আবির্ভাব। যদিও সত্যিকার অর্থে বিবেচনা করলে দেখা যায় যে রেগানোমিস্ক কোন আসল তত্ত্ব না। এর বৈশিষ্ট্য হলো কতগুলো অর্থনৈতিক নীতিমালা এবং এই নীতিমালা মার্কিন অর্থনীতিতে ব্যাপক প্রভাব রেখেছে। তাই এর মূল্যায়ন ও বিশ্লেষণ বাঞ্ছনীয়। দ্বিতীয়তঃ রেগানোমিস্কের প্রভাব শুধু মাত্র মার্কিন অর্থনীতিতেই সীমাবদ্ধ থাকেনি। প্রথম বিশ্বের অনেক দেশে, যেমন যুক্তরাজ্যেও একই সময়ে, একই ধরনের নীতিমালা প্রণয়ন করা হয়। সবচেয়ে যেটা লক্ষ্যনীয়, বিভিন্ন উন্নয়ন প্রতিষ্ঠান যেমন বিশ্বব্যাঙ্কের নীতিমালা এবং মতাদর্শকেও রেগানোমিস্ক প্রভাববিত্ত করে। যার দরুন এই সব উন্নয়ন প্রতিষ্ঠানের উদ্যোগে, তৃতীয় বিশ্বেও একই ধরনের নীতিমালা গ্রহণ করা হয়। আমার প্রবন্ধের মূল বক্তব্য, রেগানোমিস্কের প্রয়োগ মার্কিন অর্থনীতিতে আয়ের বৈষম্য বাড়িয়ে দেয় এবং এটা একটা সঙ্কট রূপ ধারণ করে। এর ফলে আমরা দেখতে পাই যে ক্লিন্টনের প্রধান কর্তব্য এবং নির্বাচন প্রতিজ্ঞা ছিল আয়ের বৈষম্য দূর করা এবং কিছু মূল চাহিদা মেটানো, যেমন স্বাস্থ্য ও চিকিৎসা পদ্ধতির কাঠামোগত রূপান্তর। অর্থাৎ রেগানোমিস্কের সীমাবদ্ধতা যুক্তরাষ্ট্রের আভ্যন্তরীণ ক্ষেত্রে স্পষ্ট হয়ে ওঠে। কিন্তু এই প্রেক্ষিতে বিশ্ব উন্নয়ন প্রতিষ্ঠানগুলো, যেমন বিশ্ব ব্যাঙ্ক, আই এম এফ, তৃতীয় বিশ্বে তাদের নীতির কোন পরিবর্তন করে নি। তাই আমরা এক অসামঞ্জস্যপূর্ণ পরিস্থিতির সম্মুখীন, যার তাৎপর্য নিয়ে আমি আলোচনা করবো।

রেগানোমিস্কের মূল নীতি :

প্রথমে রেগানোমিস্কের মূল নীতিসমূহ বিশ্লেষণ করা যাক। রেগানোমিস্কের প্রধান উদ্দেশ্য ছিল মার্কিন অর্থনীতিতে একটা মিরাকেল আনা। সে মিরাকেলটা এই যে একই সাথে মুদ্রাস্ফীতি ও বেকারত্ব দূর করা। অর্থাৎ মন্দাস্ফীতির সঙ্কট থেকে অর্থনীতিকে মুক্তি দেয়া। একটা সাধারণ চিত্রের সাহায্যে এটা আমরা দেখতে পারি।



প্রথম অবস্থায় অর্থনৈতিক ভারসাম্য P_0Q_0 দিয়ে দেখানো যায়, যা সামগ্রিক সরবরাহ রেখা (AS) এবং সামগ্রিক চাহিদা রেখা (AD) দিয়ে নির্ধারিত। মন্দাঙ্কীতির অবসান সম্ভব, যদি সামগ্রিক সরবরাহ রেখাকে ডান দিকে সরানো যায়, সামগ্রিক চাহিদা রেখাকে স্থির রেখে। আমরা জানি যে সামগ্রিক সরবরাহ রেখা ডান দিকে সরার অর্থ সম্পদের সরবরাহ, বিশেষ করে শ্রম ও পুঁজি সম্পদের সরবরাহ বেড়ে যাওয়া। অথবা শ্রমের উৎপাদনশীলতা এবং প্রযুক্তির উন্নয়ন ঘটা।

এই উদ্দেশ্যে যে সকল নীতি গ্রহণ করা হয়, তার বেশীর ভাগই ছিল কর ভিত্তিক। বিভিন্ন ধরনের কর কমিয়ে পুঁজি গঠন ও শ্রমের সরবরাহ বাড়ানোর প্রচেষ্টা চালানো হয়। যেমন পুঁজির মূল্য বৃদ্ধি কর (capital gains tax) কমিয়ে দেয়া, অধিক হারে অবচয় ধরা (accelarated depreciation allowance), করপরেট আয় এবং সঞ্চয় থেকে আয় যেমন সুদ, ও লভ্যাংশ, এসবের ওপর ধার্যকৃত কর কমানো। একই ভাবে ব্যক্তিগত আয়করও কয়েকবার কমিয়ে দেয়া হয়েছিল, কাজের উৎসাহ বাড়ানোর লক্ষ্যে। যে সকল পরিবারে দুজনে উপার্জন করে, এমন সব পরিবারের জন্যও বিশেষ (কম) হারে কর প্রয়োগ করা হয়। এখানে আরেকটা ধারণা উল্লেখযোগ্য। সেটা Laffer নামক এক অর্থনীতিবিদ প্রচলন করেন। ধারণাটা এই যে কর কমানো হলে, সরকারের রাজস্ব আয় কমে না গিয়ে বরং বেড়ে যাবে, যেহেতু ব্যক্তিগণ অধিক সময় কাজে নিয়োজিত থাকবে এবং কর ফাঁকি দেয়ার প্রবণতাও কমে যাবে। অর্থাৎ করের হার একটা optimum পর্যায়ে সীমাবদ্ধ রাখা উচিত। একই সঙ্গে প্রযুক্তির উন্নয়ন ও শ্রমের উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্যে, উৎপাদন প্রতিষ্ঠানগুলোর গবেষণার খরচের ওপর বিশেষভাবে কর মাফ করে দেয়া হয়।

তাত্ত্বিক দিক থেকে এই নীতিমালার কিছু ফাঁক উল্লেখ করা যেতে পারে। যেমন, কর কমালেই যে কর্ম উদ্যোগ বাড়বে, তা আগে থেকে নির্দেশ করা যায় না। করের হার কমার ফলে প্রকৃত আয় বেড়ে যাবে। এর ফলে শ্রমের সরবরাহ কমেও যেতে পারে। প্রকৃত আয় বাড়ার ফলে, দ্রব্যের চাহিদা বেড়ে যাবে, এটাও নিশ্চিত ধরে নেয়া যেতে পারে। অর্থাৎ শুধুমাত্র শ্রমের সরবরাহ বাড়বে এবং দ্রব্যের চাহিদা বাড়বে না, তা আশা করা যায় না। দ্রব্যের চাহিদা বাড়ার সাথে সাথে মুদ্রাস্ফীতি ঘটবে না যদি অন্য কোন উপায়ে চাহিদা হ্রাস করা যায়, যেমন সরকারের ব্যয় কমিয়ে। এটাই ছিল রেগান ও তার উপদেষ্টাদের উদ্দেশ্য। অবশ্য প্রকৃত পক্ষে সামগ্রিকভাবে ব্যয় কমানো সম্ভব হয়নি, বিশেষ করে সামরিক খাতে ব্যয়।

যে ধরনের ব্যয় কমানো হয়েছিল, তা উল্লেখযোগ্য। সামরিক খাতে ব্যয় না কমিয়ে, সামাজিক খাতে যেমন শিক্ষা, চিকিৎসা, বেকার ভাতা, এসব খাতে ব্যয় কমানো হয় এবং অপচয় কমানোর উদ্যোগ নেয়া হয়। তাই রেগানোমিক্সের এই কর ও ব্যয় নীতিকে রক্ষণশীল মতাদর্শ থেকে পৃথক করে দেখা সম্ভব না। নিম্নে আলোচিত আরও কিছু বিষয়ে এটা পরিষ্কার হবে।

রেগানোমিক্সের অন্য এক ফাঁক ছিল সময়ের ব্যাপারে। পুঁজি গঠন, গবেষণার ফল ব্যবহার করে উৎপাদনশীলতা বৃদ্ধি, এগুলো দীর্ঘ মেয়াদে সম্ভব। তাৎক্ষণিক ভাবে সম্ভব না।

কিন্তু যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, সেটা হলো রেগানের কর নীতি ধনীদের পক্ষে এবং গরীবদের বিপক্ষে কাজ করেছে। যে সকল আয়ের ওপর করের হার কমানো হয়েছিল, সেগুলো কেবল ধনীরাই উপভোগ করে। যেমন সুদ, লভ্যাংশ, সঞ্চয়ী আয়, ইত্যাদি। এর ফলে আয়ের বৈষম্য অনেক বেড়ে গিয়েছিল।

এবারে রেগানোমিক্সের অন্যান্য অর্থনৈতিক প্রভাবের ওপর দৃষ্টিপাত করা যাক। এই নীতিমালা বাস্তবায়নের পরপরই ১৯৮১ সনে মার্কিন যুক্তরাষ্ট্রে মন্দা দেখা দেয়। তারপর অর্থনীতি আবার চঙ্গা হয়ে ওঠে। মুদ্রাস্ফীতিও হ্রাস পায়। শ্রম সরবরাহ, উৎপাদনশীলতা, সঞ্চয়, কিন্তু উল্লেখযোগ্য ভাবে বাড়ে না। অপরদিকে কর কমানো এবং একই পরিমাণে ব্যয় হ্রাস না পাওয়ায়, বাজেট ঘাটতি অনেক বেড়ে যায়। আগেই বলা হয়েছে যে আয়ের বৈষম্য অনেক বেশী প্রকট হয়ে দাঁড়ায়।

এই রেগান-বুশ যুগে যুক্তরাষ্ট্রে কিছু সামাজিক প্রতিক্রিয়াও দেখা দেয় যা উল্লেখযোগ্য। যেমন- ব্যবসায় দুর্নীতি বৃদ্ধি, insider trading, সঞ্চয় ও ঋণ সংঘ নিয়ে কলঙ্ক, ধনীদের জীবন যাপনে উশৃঙ্খলতা ও ভোগপ্রবণতা বৃদ্ধি, ইত্যাদি। কোন কোন লেখকের মতে এই যুগটিকে ১৯২০-র দশকের সাথে তুলনা করা যায়। তাদের বিশ্লেষণে এই ধরনের চরম রক্ষণশীলতা পরবর্তী পর্যায়ে পপুলিসমএ পরিণত হতে বাধ্য করে। ক্লিনটনের পপুলিসম-প্রধানতঃ আয়ের বৈষম্য কমানো এবং স্বাস্থ্য নীতির প্রতি মনোযোগ, একই প্রতিক্রিয়ার পরিণতি।

রেগানোমিক্স ও তৃতীয় বিশ্ব :

এখন আমি সংক্ষেপে তৃতীয় বিশ্বে রেগানোমিক্সের প্রভাব নিয়ে আলোচনা করবো। আমার মতে তৃতীয় বিশ্বের জন্য রেগানোমিক্স গুরুত্বপূর্ণ হয়ে যায়, বিশ্বব্যাপক, আই এম এফ ও বিবিধ ঋণ প্রতিষ্ঠানের মাধ্যমে। সাম্প্রতিক কালে এই সব প্রতিষ্ঠানের নীতি বিশ্লেষণ করলে কয়েকটা বিষয় সুস্পষ্ট। যেমন- কাঠামোগত রূপান্তর (structural adjustment) কর্মসূচির আওতায় সরকারের ব্যয় সঙ্কোচন একটা প্রধান লক্ষ্য। তার সাথে সাথে public sector এর আকার ছোট করা, ব্যক্তি মালিকানার দিকে ঝুঁকি, শ্রমিক ছাটাই, এবং মূলতঃ জাতীয় আয় বৃদ্ধি এবং দক্ষতার দিকে অধিক নজর, একই ধরনের রক্ষনশীলতার পরিচয় দেয়। এখানে আয়ের বৈষম্য এবং দারিদ্র্য একটা প্রান্তিক বিষয় হিসেবে ধরে নেয়া হয়। আমরা জানি যে এই সব নীতি ঋণের শর্ত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। বেশীর ভাগ দেশের সরকার এই সব নীতির ব্যাপারে negotiate করার ক্ষমতা রাখেনি। তাই supply-side অর্থনীতি যদিও মার্কিন যুক্তরাষ্ট্রে এখন গ্রহণযোগ্য না, অন্ততঃ ভোটারদের বিবেচনায়, তৃতীয় বিশ্বে এই মতাদর্শ ও নীতিমালা আমরা গ্রহণ করতে বাধ্য। যুক্তরাষ্ট্রে যেমন রেগানোমিক্সের মিশ্র ফল পাওয়া গেছে, তৃতীয় বিশ্বের দেশগুলোতেও মিশ্র ফলাফলই লক্ষণীয়। কিছু কিছু দেশে জাতীয় আয় বৃদ্ধির হার বেড়েছে, কিন্তু দারিদ্র্য বিমোচনে তেমন সাফল্য দেখা যায় নি। পরিশেষে আমার বক্তব্য, ক্লিনটনের পপুলিসম ও স্বীকারোক্তি যে স্বাস্থ্য, শিক্ষা এবং অন্যান্য সামাজিক খাতে সরকারী উদ্যোগের বিকল্প নেই, অথচ বিশ্ব উন্নয়ন প্রতিষ্ঠানগুলোর supply-side অর্থনীতিকে আঁকড়ে ধরে থাকা, একটা বেখাপ্লা পরিস্থিতি সৃষ্টি করেছে। এমতাবস্থায় বিশ্ব উন্নয়ন প্রতিষ্ঠানগুলোর কর্মসূচি ও তৃতীয় বিশ্বে তাদের ঋণের শর্তাবলী নির্ধারণের যে প্রক্রিয়া কাজ করছে, তার পরিবর্তন অপরিহার্য। যুক্তরাষ্ট্রের আভ্যন্তরীণ ক্ষেত্রে একটা পপুলিস্ট কালচক্র কাজ করছে এবং চরম রক্ষনশীল নীতির প্রভাব থেকে অর্থনীতিকে নিস্তার দিচ্ছে। কিন্তু উন্নয়ন প্রতিষ্ঠানগুলোর নীতি কি ভাবে পরিবর্তিত হয়, তার এক গভীর বিশ্লেষণের প্রয়োজন। বিশেষ করে যুক্ত রাষ্ট্রের পররাষ্ট্র ও আভ্যন্তরীণ নীতির সাথে উন্নয়ন প্রতিষ্ঠানগুলোর নীতিমালা প্রণয়নের সম্পর্ক কিরূপ, তা জানা প্রয়োজন।

একটা আশার বানী দিয়ে আমি শেষ করছি। আমার ধারণা যে তৃতীয় বিশ্বের দেশগুলোর জন্য ক্লিনটনের পপুলিসম একটা নতুন সুযোগ সৃষ্টি করে দিয়েছে, যা ঋণ শর্ত চুক্তি আলোচনায় হাতিয়ার হিসেবে কাজে লাগানো যেতে পারে। এই ভাবেই আমরা economic determinism থেকে মুক্তি পেতে পারি। তার জন্য অবশ্য যেটা প্রয়োজন, সেটা হলো তৃতীয় বিশ্বের দেশগুলোর নিজেদের অর্থনৈতিক মুক্তির পথ সম্বন্ধে অধিকতর চেতনা বোধ ও সাফল্যের ইচ্ছা।

আমেরিকায় মানবাধিকার

মোস্তফা চৌধুরী

এই লেখাটির উদ্দেশ্য হচ্ছে মানবাধিকারের ধারণা, এর অগ্রগতি এবং আমেরিকায় মানবাধিকারের অবস্থার উপর আলোকপাত করা। 'বিল অব রাইটস' যা মানবাধিকারের নিশ্চয়তা দেয় তা কেন ১৭৮৭ সালে যুক্তরাষ্ট্রের জন্য প্রণীত দলিলের অংশ হয়নি তার উপর বিশেষ মনোযোগ দেয়া হবে।

মানবাধিকার কি? মানবাধিকার হচ্ছে নির্দিষ্ট অধিকার যা 'সুন্দর জীবন' যাপনের জন্য প্রয়োজন। সাধারণ অধিকারের সাথে এইসব অধিকারের সুস্পষ্ট পার্থক্য রয়েছে। মানুষকে কিছু অধিকার দেয়া হয় যেখানে অন্যসব অধিকার তাকে অর্জন করতে হয় বা ক্রয় করে নিতে হয়। মানবাধিকার অর্জনও করা যায় না, ক্রয়ও করা যায় না। এইসব অধিকার জন্মের সাথে সাথে হস্তগত হয়। এই কারণে জাতীয়তা, গোষ্ঠী, ধর্ম, রাজনৈতিক বিশ্বাস, বয়স অথবা লিঙ্গ নির্বিশেষে পৃথিবীর সবার জন্য এগুলো প্রযোজ্য, যা কিনা প্রকৃতিতে সার্বজনীন। নাগরিক, রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক ও সাংস্কৃতিক অধিকার এই সব অধিকারের অন্তর্গত। বস্তুতঃ জীবন ধারণের অধিকার, স্বাধীনতা, এবং যন্ত্রণা ও দাসত্ব থেকে মুক্তিসহ অন্যান্য অধিকার নাগরিক ও রাজনৈতিক অধিকারের অন্তর্গত। অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক অধিকারগুলো এমন সব বিষয়ের সাথে সম্পর্কযুক্ত যা কিনা কাজ করার স্বাধীনতা, "খাদ্য, বস্ত্র, বাসস্থান এবং চিকিৎসা সুবিধা সহ একটি পরিবারের সুস্থ এবং মঙ্গলময় জীবন ধারণের উপযুক্ত মানের হওয়ার" অবস্থা থাকা, শিক্ষা, এবং "শিল্প উপভোগের এবং বৈজ্ঞানিক অগ্রগতি এবং এর সুবিধাদির ভাগীদার হওয়ার" বিষয়। এগুলো এবং অন্যান্য অধিকার সমূহ ১৯৪৮ সালের ১০ই ডিসেম্বরের মানবাধিকারের 'সার্বজনীন ঘোষণার' অন্তর্গত।^১

মানবাধিকারের ধারণার অগ্রগতি :

অনেক প্রাচীন সমাজে- যথা ইহুদি, গ্রীক এবং চীনা- তাদের বিভিন্ন মানুষের জন্য মানবাধিকার বিষয়ক নিয়ম এবং আইন ছিল। অনেক পণ্ডিত দাবী করেন, প্রাচীন ইহুদিদের 'দশ আদেশ' সবচেয়ে পুরোনো মানবাধিকার দলিলের একটি। "সকল জাতির অবশ্যই বিচারক নিযুক্ত করা উচিত এবং বিচারের জন্য আদালত থাকা উচিত" এবং বিচার ব্যতীত কাউকেই হত্যা করা উচিত নয়।

গ্রীক নগর রাষ্ট্রের সমকালীন সময়ে নাগরিকদের 'আইসোনোমিয়া' (আইনের চোখে সমতা) এবং 'আইসোগোরিয়া' (বক্তব্য প্রকাশের স্বাধীনতা) ইত্যাদি নামে ডাকা হতো। এখেলে এবং স্পার্টায় অনাগরিকেরা ব্যক্তিগত স্বাধীনতা উপভোগ করত, কিন্তু তাদের কোন রাজনৈতিক অধিকার অর্থাৎ ভোট দেবার অধিকার ছিল না। ঐ সময়ে, বিশেষ কিছু সময়কাল বাদ দিলে, মহিলাদের নগর-রাষ্ট্রে কোন রাজনৈতিক অধিকার ছিল না। হেলেনিস্টিক যুগে কিছু কিছু দার্শনিক দাবী করতে শুরু করলেন যে, সকল মানুষকেই বিশেষ রাজনৈতিক এবং মানবিক অধিকারের নিশ্চয়তা দিতে হবে।

খ্রিষ্টপূর্ব দু'শ সালের দিকে, অনেক চীনা এই রকম ধারণা পোষণ করতে শুরু করলো যে- "অপরকে সে দৃষ্টিতে দেখ, অপরের কাছ থেকে তুমি যে দৃষ্টি আশা কর"। এই নিয়মটিকে সোনালী বলা হয়েছে এই কারণে যে, এটি সবচেয়ে ভাল এবং জীবনের উচ্চতম বিধান।

রোমানদের আমলে নাগরিকেরা বিভিন্ন আইনের মাধ্যমে বিপদমুক্ত থাকার এবং নিরাপত্তার সুবিধে পেত। রোমান রাজত্বের পতনের পর যখন বর্বররা কর্তৃত্ব গ্রহণ করল, আইন শৃংখলার স্থলাভিষিক্ত হলো আরো কঠোর বিচার ব্যবস্থা। মধ্যযুগের বেশীর ভাগ সময়ই বেশীর ভাগ মানুষ খ্রিষ্টিধর্মকে একমাত্র সত্য ধর্ম মনে করতো এবং ক্যাথলিক গীর্জাকে একমাত্র 'সত্য গীর্জা' বলে জ্ঞান করতো। গীর্জার শিক্ষা গ্রহণে অস্বীকৃতি জানালে ঐ ব্যক্তিকে ধর্মবিরোধী বলা হতো। ধর্মবিরোধীদের সবসময়ই নির্যাতন করা হতো অথবা হত্যা করা হতো।

ইংল্যান্ডে মধ্যযুগের শেষদিকে সম্পদশালী জমির মালিকদের রাজা জনের শাসনাধীনে ভোগান্তির শিকার হতে হয়েছিল। ১২১৫ সালে রাজাকে 'ম্যাগনা কার্টা' (মহৎসনদ) বলে কথিত এক দলিলে তার সীলমোহর দিতে বাধ্য করা হয়। 'ম্যাগনা' প্রবর্তন করা হয়েছিল যাতে ভদ্র উপায়ে শাসন করত রাজাকে বাধ্য করা যায় এবং ভূম্যধিকারীদের সরকারের অশোভন আচরণ থেকে রক্ষা করা যায়। যেহেতু এটা কার্টায় সাধারণ মানুষ এবং কৃষকদের বিষয়ে কিছু উল্লেখ ছিল না, তাই এটি সর্বস্তরের মানুষদের দ্বারা সাদরে অভিনন্দিত হয়নি। যাই হোক, সময় অতিক্রান্ত হলো, অনেক অধিকার যা ভূমির মালিকদের পক্ষে গৃহীত হলো তা সাধারণ মানুষের স্বার্থে সম্প্রসারিত হলো। উদাহরণ স্বরূপ, ম্যাগনা কার্টার একত্রিশতম ধারাটি মূলত ভূম্যধিকারী এবং মুক্ত মানুষের জন্য জুরিদের শুনানীতে নিশ্চিত হয়েছিল, পরবর্তীতে এই অধিকার সকল মানুষের জন্য প্রযোজ্য বলে গৃহীত হয়। যেহেতু 'ম্যাগনা কার্টা' মানুষের মৌলিক অধিকারের

নিশ্চয়তা বিধান করে, একে তাই মানবাধিকার এবং মুক্ত সরকারের ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি সূচক হিসাবে অভিনন্দিত করা হয়।

'ম্যাগনা কার্টার' পূর্ণ বিবরণ লিপিবদ্ধ হয়েছিল এবং ঐক্যমত্য সৃষ্টি করেছিল- শুধুমাত্র এই কারণেই এটা নিশ্চয়তা বিধান করতে পারেনি যে, রাজা জনের পরবর্তী রাজপুত্ররা ও মানুষের অধিকারকে সম্মান করবে। যেহেতু পরবর্তী রাজারা এইসব অধিকারকে সবসময় মর্যাদা দেয়নি সাধারণ মুক্ত মানুষ এবং কৃষকরা ১৬০০ সালের দিকে তাদের লড়াই চালিয়ে যেতে থাকে। এই আন্দোলনে দুটি গুরুত্বপূর্ণ মানবাধিকার দলিল-১৬২৮ সালের অধিকারের যচনপত্র এবং ১৬৮৯ সালের ইংরেজ অধিকারের বিল (বিল অব রাইটস) প্রণীত হওয়ার মতো সাফল্য অর্জিত হয়। এই দুটি দলিল রাজার ক্ষমতা সীমাবদ্ধ করে এবং পার্লামেন্ট ও আদালত সমূহকে বাস্তবিক ক্ষমতা প্রদান করে। এতে করে, মানুষ আশা করেছিল যে তাদের সাথে শোভন আচরণ করা হবে।

ইংলিশ বিল অব রাইটস রাজনৈতিক ও নাগরিক উভয় অধিকারের উপর গুরুত্ব প্রদান করেছিল, তাই অন্যান্য পশ্চিমা জাতিসমূহের মানবাধিকার আইনের এক মডেল রূপে বিবেচিত হয়েছিল। ফরাসী লেখক ভল্টেয়ার বলেছিলেনঃ

ইংরেজ আইন প্রত্যেক মানুষকে প্রকৃতির সকল অধিকারের অংশীদার করে নেয় যা থেকে বেশীরভাগ রাজত্বেই তারা বঞ্চিত ছিল। এই অধিকারগুলো হচ্ছেঃ তার ব্যক্তি সত্ত্বার এবং তার মঙ্গলামঙ্গলের পূর্ণ স্বাধীনতা, লেখার মাধ্যমে জাতির উদ্দেশ্যে কিছু বলার স্বাধীনতা, স্বাধীন মানুষের দ্বারা গঠিত জুরি ব্যতীত অন্য কোন উপায়ে ফৌজদারী অভিযোগে বিচারের সম্মুখীন না হবার স্বাধীনতা, আইনের সুনির্দিষ্ট ধারা ব্যতীত অন্য কোন উপায়ে বিচারের সম্মুখীন না হবার স্বাধীনতা, তার ইচ্ছেমতো যে কোন ধর্ম পালনের স্বাধীনতা।^২

স্বাধীনতার ঘোষণা এবং যুক্তরাষ্ট্রের অধিকারের বিল :

ইংরেজ অধিকার বিল আমেরিকার ঔপনিবেশিকদের উপর একটা বিরাট প্রতিক্রিয়া সৃষ্টি করে। উল্লেখ্য যে, অভিবাসনের উষালগ্নে বসতি স্থাপনকারীরা ধর্মীয় দন্ড থেকে মুক্তি পাবার প্রত্যাশায় ইংল্যান্ড থেকে এখানে পালিয়ে আসে। যে-ই ইংল্যান্ডে গীর্জার সংস্কারের কথা বলতো, তাকেই জরিমানা করা হতো, কারাদন্ড দেয়া কিংবা নির্যাতন করা হতো। নূতন ভূখণ্ডেও,

উপনিবেশিকরা নিজেদের সবসময়ই ইংল্যান্ডের শাসনাধীনে দেখতে পেল। প্রতিনিধিত্ব ছাড়াই উপনিবেশিকদের উপর করারোপ করা হয়। ইংরেজ অধিকার বিল দ্বারা প্রভাবিত হয়ে উপনিবেশিকরা ১৭৭৬ সালের ৪ঠা জুলাই স্বাধীনতার ঘোষণা দেয়। স্বাধীনতার ঘোষণায় বলা হয়ঃ

আমরা আত্ম প্রত্যয়ের সাথে এই সত্য ধারণ করছি যে, সকল মানুষই সমান অধিকার নিয়ে সৃষ্টি হয়েছে, সৃষ্টিকর্তা নিরপেক্ষ অধিকার তাদের উপহার দিয়েছেন, আর এর মধ্যেই জীবন, স্বাধীনতা এবং সুখের সন্ধান নিহিত।^৩

ইংল্যান্ডের কাছ থেকে স্বাধীনতার ঘোষণায়, উপনিবেশিকরা দাবী করে যে, ইংরেজ অধিকারের বিলে যে সমস্ত অধিকারের নিশ্চয়তা বিধান করা হয় তা ছিল সার্বজনীন অধিকার, সকল মানুষের অধিকার যা শুধুমাত্র ইংরেজদের জন্য নয়। তা সত্ত্বেও ১৭৮৭ সালে প্রণীত সংবিধানে অধিকারের বিল সন্নিবেশিত হয়নি। অধিকারের বিল বা সনদ সংবিধানে অন্তর্ভুক্ত না করার পেছনে কি কারণ থাকতে পারে ?

একটি কারণ এই হতে পারে যে, শাসনতন্ত্র প্রণেতারা সংবিধানে অধিকারের সনদ অন্তর্ভুক্ত করেননি কেননা তারা অন্যান্য বিষয়ে অধিক মগ্ন ছিলেন যা তাদের প্রথম উৎকণ্ঠায় ফেলেছিল। ১৭৮৭ সালে ফিলাডেলফিয়া কনভেনশনের ৫৫ জন প্রতিনিধির প্রাথমিক কাজ ছিল কনফেডারেশন গঠনের ধারার পেছনে সরকারের কাঠামোর ক্রটিগুলোর সমাধান বের করা। শক্তিশালী কেন্দ্রীয় সরকারের প্রতি আস্থাহীনতার মধ্য দিয়েই জনতা কনফেডারেশন গঠন করে। যুক্তরাষ্ট্রের সার্বভৌমত্ব রক্ষার জন্য ঐ ধারাগুলো একটি দুর্বল কেন্দ্রীয় সরকার গঠন করে যার করারোপ করার, সৈন্যবাহিনী পোষণ করার, কংগ্রেস গঠন করার কিংবা তার নিজস্ব আইন এবং চুক্তি বাতিল কিংবা বলবৎ করার ক্ষমতা ছিল না। বিশ্বাস করার যথেষ্ট কারণ ছিল যে, কনফেডারেশন ভেঙে যেত যদি কংগ্রেস সরকারকে শক্তিশালী করতো এবং সুষ্ঠুভাবে শাসনকার্য চালানোর সুবিধার্থে কিছু নতুন পদ্ধতির প্রবর্তন না করতো। শাসনতান্ত্রিক কনভেনশনের একজন সদস্য অধিকারের বিলকে অন্তর্ভুক্ত করার প্রশ্ন উত্থাপন করেন। কিন্তু অন্যান্য প্রতিনিধিরা সে প্রস্তাবের বিরোধিতা করেন। কনভেনশন শেষ হবার পর ভার্জিনিয়ার রিচার্ড হেনরি লী অধিকারের বিল অন্তর্ভুক্ত করার স্বার্থে সংবিধান সংশোধন করার জন্য একটি প্রস্তাব কনফেডারেশন কংগ্রেসের কাছে পেশ করেন। তাঁর প্রস্তাবটি ছিল নিম্নরূপঃ

সার্বজনীন অভিজ্ঞতা থেকে এটা দেখা গেছে যে, সবচেয়ে সুস্পষ্ট ঘোষণা এবং রক্ষাকবজ মানবজাতির সংগত অধিকার এবং স্বাধীকার রক্ষার জন্য প্রয়োজন, যা নীরব, শক্তিমান, চিরায়ত ষড়যন্ত্রের প্রতিভু সে সব মহলের কাছ থেকে এদের রক্ষা করবে, যারা শাসন করে। এখানে প্রস্তাব করা যাচ্ছে যে, প্রস্তাবিত নতুন সংবিধান একটি অধিকারের বিল (বিল অব রাইটস) এর উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হবে, যাতে সুস্পষ্ট এবং যথাযথভাবে ঐ সব নীতির উল্লেখ থাকবে যার উপর ভিত্তি করে এই সামাজিক মৈত্রী প্রতিষ্ঠিত।^৪

কংগ্রেস তাঁর প্রস্তাব প্রত্যাখ্যান করে। কনভেনশনের পর, গৃহীত দলিলের বিরোধী এবং যারা মৌলিক অধিকার সুস্পষ্টভাবে গণ্য করার পক্ষে ছিল, তাদের বক্তব্য তারা যুক্তরাষ্ট্রের মানুষের সামনে তুলে ধরল। ফেডারেলিস্টরা, যারা অধিকারের বিল সংবিধানে অন্তর্ভুক্ত করার বিপক্ষে ছিল, দুটি কারণ দেখিয়েছিল তাদের বিরোধিতার পেছনেঃ এটা অপ্রয়োজনীয় এবং বিপদজনক।

টমাস ম্যাককীন নামে গোড়ারদিকের একজন স্বাধীনতা সমর্থক মত প্রকাশ করেছিলেন যে, অধিকারের বিল অপ্রয়োজনীয় ছিল এবং তাঁর মতে সরকার গঠনের সম্পূর্ণ পরিকল্পনাটিই অধিকারের বিল ছাড়া বেশী কিছু নয়; এটা মানুষের দ্বারা প্রণীত এমন একটি ঘোষণা যা তাদের ইচ্ছামত পন্থায় শাসিত হবার পথ বাতলে দেয়। অন্যরা যুক্তি দেখিয়েছিলেন যে, ফেডারেল সরকার এক প্রকার গণ্য ক্ষমতা এবং সংবিধানের মধ্যেই কিছু সুনির্দিষ্ট অনুচ্ছেদ রয়েছে যাতে অন্তর্ভুক্ত আছে হেবিয়াস কর্পাসের নিশ্চয়তা, ফৌজদারী মামলায় জুরি কর্তৃক শুনানীর ব্যবস্থা, ষড়যন্ত্রের সংজ্ঞা, এর বিচার এবং শাস্তির বিধান।

পেনসিলভেনিয়ার জেমস উইলসন ঐ তর্কিকদের মধ্যেই একজন ছিলেন যারা বলতেন যে, অধিকারের বিল শুধু অপ্রয়োজনীয়ই নয়, বিপজ্জনকও। তিনি যুক্তি দেখালেন যে, আমাদের নিজেদের সৃষ্ট ফেডারেল কর্তৃপক্ষের সাথে সে রকম চুক্তিতে যাওয়া অনাবশ্যক এবং অসামাজস্যপূর্ণ হবে এবং যে সব সুবিধা থেকে আমাদেরকে উদ্দেশ্যমূলকভাবে কিংবা আইনের দ্বারা আদতে বঞ্চিতই করা হয়নি তা আমাদের ভোগ করতে দিতে হবে।^৫

সরকার বিশেষ কিছু মৌলিক অধিকারে হস্তক্ষেপ করতে পারবেনা, এ ধরনের স্পষ্ট ঘোষণা ব্যতীত শক্তিশালী কেন্দ্রীয় সরকার গঠনের বিপদজনক দিক সম্পর্কে

এন্টিফেডারেলিস্টরা যুক্তি দেখালেন। সময় অতিক্রান্ত হবার সাথে সাথে এন্টিফেডারেলিস্টদের যুক্তি জনপ্রিয়তা লাভ করে।

ফেডারেলিষ্ট বিরোধী মানসিকতা তীব্র হলো যখন শাসনতন্ত্র অনুমোদন নিয়ে প্রতিদ্বন্দ্বিতা হয়। পেনসেলভেনিয়া কনভেনশন ছিল সংবিধান বলবৎকরণের প্রথম কনভেনশন যেখানে অধিকারের বিলের অনুপস্থিতি বিতর্কের সৃষ্টি করল। একজন সদস্য ফেডারেলিস্টদের যুক্তি খন্ডন করে বললেনঃ "হতে পারে, অধিকারের বিল একটি বিপদজনক পন্থা, কিন্তু এটি উচ্চাঙ্গী শাসকের উদ্দেশ্য এবং পরিকল্পনার জন্যই শুধু বিপদজনক, নাগরিকের স্বাধিকারের প্রশ্নে নয়।"

যদিও পেনসিলভেনিয়াতে এন্টিফেডারেলিস্টরা হেরে গিয়েছিল, কিন্তু তারা একটি দলিল প্রকাশ করে যার শিরোনাম ছিল "কনভেনশনের সংখ্যালঘুদের ভিন্নমতের পেছনে বক্তব্য এবং যুক্তি"। এই দলিল একটি উদাহরণ সৃষ্টি করল যে, রাজ্য সমূহ একটি অধিকারের বিল অন্তর্ভুক্ত করতে চেয়েছিল (ভার্জিনিয়া, নিউইয়র্ক, মেসাচুসেটস প্রভৃতি রাজ্য)। উত্তর ক্যারোলাইনা ছিল একটি মাত্র রাজ্য যে অধিকারের বিল প্রণয়নের পূর্ব পর্যন্ত সংবিধান অনুমোদন করতে অস্বীকৃতি জানায়।

সংবিধান প্রণয়ন সংক্রান্ত নাটকের ঘটনাপ্রবাহ চূড়ান্তভাবে প্রথম কংগ্রেসে প্রকাশিত হয়েছিল। আটটি রাষ্ট্র প্রথম কংগ্রেসে ২১০ টি ভিন্ন সংশোধনীর প্রস্তাব উত্থাপন করে। মেডিসনের কাজ ছিল ঐ সব বিভিন্ন প্রস্তাব বাছাই এবং সনাক্ত করা যা অনেকের কাছে প্রহণযোগ্য। যিনি প্রথমে অধিকারের বক্তব্য অন্তর্ভুক্তির বিরোধিতা করেছিলেন, পরবর্তীতে অধিকারের বিলের একজন বলিষ্ঠ সমর্থকে পরিণত হন। মেডিসনের মত পরিবর্তনের কি কারণ ছিল? এর কারণ হচ্ছে তিনি কংগ্রেসের একটি আসনের জন্য একটি তীব্র প্রতিদ্বন্দ্বিতায় জড়িত ছিলেন এবং তার প্রতিদ্বন্দ্বী ছিলেন জেমস মনরো যিনি অধিকারের বিলের প্রতি মেডিসনের সম্ভাব্য বিরোধী ভূমিকাকে ব্যবহার করছিলেন। পরিবর্তিত পক্ষবলম্বনের ব্যাপারে মেডিসন সম্ভাব্য করলেন যে, অবস্থার পরিবর্তন হয়েছে। মেডিসন নির্বাচনে জয়লাভ করলেন এবং ১৭৮৯ সালের ৪ঠা মে সকালে কংগ্রেসের প্রতি সংশোধনী আনার ব্যাপারে তার মনোভাব ব্যক্ত করলেন যা অধিকারের বিল বলে পরিগণিত হয়েছিল। উপরের আলোচনা এটাই প্রমাণ করে যে, "অধিকারের বিলের অস্তিত্ব মৌলিক অধিকারের সংরক্ষণের ব্যাপারে সাধারণ দৃষ্টিভঙ্গির চাইতে রাজনৈতিক বিতর্কের এবং সমঝোতার ফলশ্রুতিই বেশী ছিল।"৬

ম্যাগনা কার্টা লিখিত আইন ছিল এবং সর্বজন গ্রাহ্য হয়েছিল বলেই শুধু এটি স্বয়ংক্রিয়ভাবে সাধারণ মানুষের অধিকারের নিশ্চয়তা দিতে পারেনি, অনুরূপ ভাবে যুক্তরাষ্ট্রের সংবিধান কিংবা অধিকারের বিলও মার্কিন সমাজে এই নিশ্চয়তা দিতে পারেনি। এরপর বেশ কয়েক বছর কাল মানুষ, ইন্ডিয়ানস্ এবং নারীদের অশোভন আচরণের শিকার হতে হয়।^৭ কাল মানুষ দাসত্বের জীবন যাপন করতো। এমনকি "সকল মানুষ সমান অধিকার নিয়ে জন্মেছে" এ ধরনের বক্তব্যের পুরোধা ব্যক্তিরও দাস রাখতো। এ ধরনের স্ববিরোধী আচরণের কারণ হচ্ছে, ঐ সময় যুক্তরাষ্ট্রের ইতিহাসে, কৃষ্ণাঙ্গদের সাদা মানুষেরা দ্রাস্ত ধারণার বশবর্তী হয়ে অসভ্য বলে জ্ঞান করতো এবং কোন কোন ক্ষেত্রে মানবিক জীবের চেয়ে নিম্নমানের জীব হিসাবে এদের মনে করতো। কাল মানুষদেরকে প্রচুর পরিশ্রমের কাজ করতে এবং হাড়ভাঙা শ্রম দিতে বাধ্য করা হতো, কোন কোন সময় সাদা চামড়ার মানুষের আলোচনা শোনার অপরাধে এদের কান কেটে দেয়া হতো, চুরির অপরাধে তাদের হাত কেটে দেয়া হতো। সংক্ষেপে বলতে গেলে, দাসদের সাথে মোটামুটি গবাদী পশুর মতোই আচরণ করা হতো। ১৮৬৩ সালের বন্ধনমুক্তির ঘোষণার আগ পর্যন্ত কৃষ্ণকায় মানুষেরা অমানবিক আচরণের শিকার হতো। প্রতিটি রাষ্ট্রে মোটামুটি এক শতাব্দী সময় লেগে গিয়েছিল "কৃষ্ণ মানুষদের সাদা মানুষের সাথে একই বিদ্যালয়ে পড়তে এবং একই সাথে বাস করে প্রতিবেশীর মর্যাদা পেতে ... এবং চাকরির জন্য সাদা মানুষের সাথে একই সাথে প্রতিযোগিতায় অবতীর্ণ হতে।"^৮

আমেরিকান ইন্ডিয়ানরা, যারা ইউরোপীয়দের অগমনের বহু পূর্ব হতেই আমেরিকাতে বাস করছিল, তারাও খারাপ আচরণের শিকার হয়। ১৯৬৬ সালের পূর্বে এদের ভোটের অধিকার দেয়া হয়নি। এমনকি আজ পর্যন্ত আমেরিকার আদিবাসীরা জমি ভোগ দখলের অধিকার আদায়ের জন্য আদালতের মাধ্যমে লড়াই করে যাচ্ছে, যে অধিকার ইংরেজরা ছিনিয়ে নিয়েছিল।

নারীদেরও পুরুষের সমান মর্যাদা দেয়া হতোনা। ১৯২০ সালে তাদের ভোট দেবার অধিকার দেয়া হয়। অধিকন্তু বিংশ শতাব্দীতে পর্দাপণ করেও অনেক বছর যাবৎ নারীকে রাজনীতিতে অংশ নেয়ার ব্যাপারে নিরুৎসাহিত করা হতো এবং তাদের পছন্দ মতো অনেক চাকরি করতেও তাদের বাধা দেয়া হতো। এই রকম বৈষম্যের কারণে নারী সমাজ সমঅধিকার সংশোধনীকে সংবিধানের অংশ হিসাবে প্রতিষ্ঠা করার প্রচেষ্টা নিয়েছিল।

উপরোক্ত আলোচনা এ জিনিসটা স্পষ্ট করে তোলে যে, সুদীর্ঘকাল আমেরিকাতেও জনতার বিভিন্ন অংশের মৌলিক অধিকারসমূহের মর্যাদা দেয়া হতো না এবং ছিলনা ঐসবের

নিরাপত্তার কোন ব্যবস্থা। যদি ও বিভিন্ন সম্প্রদায় আজও পক্ষপাতিত্ব, অসম আচরণ কিংবা দারিদ্রের শিকার, তবুও অনেকে মনে করেন যে, আমেরিকান জাতি তার সকল নাগরিকের মানবাধিকারের মর্যাদা দিতে কিংবা তার সুরক্ষার ব্যবস্থা করার জন্য সচেষ্ট। এই ধরনের বৈপরিত্যের কারণেই গুনার মাইরডাল (Gunnar Myrdal) তাদেরকে সংকটে আছেন জাতি হিসাবে আখ্যা দিয়েছেন।^৯ তাঁর মতে মার্কিনীরা সকল জনগনের জন্য সমতা, ন্যায়বিচার এবং মানবিক মর্যাদায় বিশ্বাসী হলেও, গোষ্ঠীগত কিংবা ধর্মীয় বিভেদের কারণে তারা যেভাবে একে অপরের সাথে আচরণ করে তা পর্যবেক্ষণ করে তাদেরকে। গণতান্ত্রিক বিশ্বাস এবং অগণতান্ত্রিক আচরণের দ্বারা বিভ্রান্ত বলে মনে হয়। তিনি যাকে মার্কিন উভয় সংকট বলে আখ্যা দিয়েছেন, তা আজো জীবন্ত।

তথ্য নির্দেশ

- ১। মানবাধিকারের সর্বজনীন ঘোষণা, জাতিসংঘ লোক প্রশাসন বিভাগ, ১৯৪৮।
- ২। 'স্যামুয়েল টটেন এবং মিলটন ক্রেগের উদ্ধৃতি, মানবাধিকার (এনস্লো প্রকাশনী, ইনকরপোরেটেড, হিলসাইড এন.জে, ১৯৮৯)'
- ৩। 'কেনেথ প্রিউইট এবং সিডনী ভারবার উদ্ধৃতিঃ মার্কিন সরকারের ভূমিকা, তৃতীয় সংস্করণ (হারপার এবং রো প্রকাশনী, ১৯৭৯) পৃষ্ঠা-২৫।'
- ৪। হ্যারি ব্ল্যাকমান, "সংগ্রাম ও সমঝোতায় জন্ম", দি বিল অব রাইটস্ : প্রথম মানবতাবাদী সনদ, ১৯৯১ পৃষ্ঠা-৬।
- ৫। ঐ,
- ৬। ঐ,
- ৭। ইরিন পিজি, জ্রীম কোয়ায়েটেলে অথবা দি নাইবরস উইল হেয়ার দেখুন (হিল সাইড এন.জেঃ এনস্লো প্রকাশনী, ১৯৭৭)।
- ৮। উইল কম্ব ই. ওয়াশবার্ণ সম্পাদিত "দ্য এসেরিকান ইন্ডিয়ান্স এন্ড দ্য ইউনাইটেড স্টেটস্ঃ এ ডকুমেন্টারী হিষ্ট্রি, রেনডম হাউজ, নিউইয়র্ক-১৯৭৩), ওয়াশটার লেকুইয়ার এবং বেরী রুবিন সম্পাদিত 'হিউম্যান রাইটস্ রিডার (মেরিডিয়ান বুক্, ১৯৭৯), বেটি রিয়ারডন, হিউম্যান রাইটস (ফিলাডেলফিয়া পি.এঃ দ্য ওয়ার্ল্ড এফেয়ার্স কাউন্সিল অফ ফিলাডেলফিয়া, ১৯৮৮)।
- ৯। গুনার মাইরডাল, এন এমেরিকান ডাইলেমাঃ দ্য নিগ্রো প্রব্লেম এন্ড মডার্ন ডেমক্রেসি (নিউইয়র্কঃ হার্পার এন্ড রো, ১৯৪৪)।

ক্লিনটন শাসনামলে মানবাধিকার ও মার্কিন বৈদেশিক নীতি

শামসুল ইসলাম খান

বৈদেশিক নীতি পর্যালোচনার প্রথাগত বাস্তববাদী প্রেক্ষাপটে কোন রাষ্ট্রের বৈদেশিক নীতিতে কখনোই "মানবাধিকার" একটি মৌল বিষয় হিসেবে গণ্য হয়নি। এমনকি পাশ্চাত্যের তথাকথিত উদারনৈতিক গণতান্ত্রিক দেশগুলোর বৈদেশিক নীতিতেও কখনও কখনও "মানবাধিকারের" বিষয়টি আপাতঃ প্রাধান্য পেলেও, বেশীরভাগ ক্ষেত্রেই একটি পর্যায়ে গিয়ে হয় "জাতীর নিরাপত্তা" নতুবা অর্থনৈতিক বাস্তবতার দোহাই দিয়ে, জাতীয় স্বার্থের বিপরীতে মানবাধিকারকে দাঁড় করিয়ে পরিশেষে তা প্রায় বর্জন করা হয়েছে। মার্কিন বৈদেশিক নীতিতে এই মানবাধিকারের বিষয়টি আনতে গিয়ে মার্কিন প্রশাসনকে বারবার দ্বিধাদ্বন্দ্বের পরতে হয়েছে এই ভেবে যে মানবাধিকারের উপর প্রাধান্য দিতে গিয়ে না তারা আবার মার্কিনী জাতিস্বার্থের জন্যে কৌশলগত দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু মিত্র সরকারের বিপদের কারণ হয়ে দাঁড়ায়। বিশেষ করে ষাট ও সত্তরের দশকে, স্নায়ুযুদ্ধের উন্মাতাল হাওয়া যখন প্রায় সারা বিশ্বকেই প্রবলভাবে আন্দোলিত করছিলো, তখন শুধুমাত্র "কমুনিষ্ট" বিরোধিতার কারণে তৃতীয় বিশ্বের অনেক কর্তৃত্ববাদী একনায়কতান্ত্রিক অথবা সামরিক স্বৈরতান্ত্রিক সরকার ও ভূ-রাজনৈতিক অথবা অর্থনৈতিক দিক থেকে "কৌশল মিত্র" হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রের সাহায্য ও সহযোগিতা লাভ করতে সক্ষম হয়েছিলো। এইসব দেশগুলোতে তখন মানবাধিকারকে চরমভাবে পদদলিত করা হলেও মার্কিন প্রশাসন বেশীরভাগ সময়ে সেদিক থেকে দৃষ্টি ফিরিয়ে রাখতে বাধ্য হয়েছিলো। মাঝে মাঝে বড় কোন অঘটন ঘটে গেলে মার্কিন কংগ্রেসে এ নিয়ে কিছু সময়ের জন্যে একটু বাদ-প্রতিবাদের ঝড় উঠলেও এর তেমন কোন সুদূরপ্রসারী প্রভাব তখনো মার্কিন বৈদেশিক নীতিতে প্রতিভাত হয়নি। সেই কারণেই ষাট ও সত্তরের দশকে মার্কিন সরকার "মুক্ত বিশ্ব", "গণতন্ত্রায়ন", "মানবাধিকার" ইত্যাদি বিষয়ে নানাবিধ গুরুত্বপূর্ণ বক্তব্য রাখলেও বৈদেশিক নীতিতে মানবাধিকারের বিষয়টি "কাম্য কিন্তু জাতিস্বার্থের পুরক নয়" বলেই মনে করেছে।^১

এখন, স্নায়ু যুদ্ধের যুগে, মনে হচ্ছে মার্কিন বৈদেশিক নীতির ক্ষেত্রে আন্তর্জাতিক মানবাধিকারের বিষয়টি আবার নতুন করে প্রাধান্য পাচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্রের বৈদেশিক নীতির ক্ষেত্রে আন্তর্জাতিক মানবাধিকারের এই নব্য প্রাধান্যকে প্রথম যুক্তিসঙ্গত বলে আখ্যায়িত করেছিলেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ বুশ "নয়া বিশ্ব ব্যবস্থার" দোহাই দিয়ে। শুধু তাই নয়, তিনি এর সফল প্রয়োগেরও চেষ্টা করেছিলেন ইরাকের কুয়েত আগ্রাসনের পর কুয়েতের ভূখণ্ড

থেকে ইরাকী সেন্যদের বিতাড়িত করতে একটি "বহুজাতিক ব্যবস্থা" গ্রহণের মাধ্যমে। পরে প্রাক্তন যুগোশ্লাভিয়া, সোমালিয়া ও হাইতিতেও এর প্রয়োগের চেষ্টা চলে। এটি সম্ভব হয়েছে বেশ ক'টি কারণে। প্রথমতঃ স্নায়ুযুদ্ধের অবসান মার্কিন যুক্তরাষ্ট্রের কৌশলগত "ক্যালকুলাস্" থেকে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূ-রাজনৈতিক প্রেক্ষাপটকে অপসারিত করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রকে এখন থেকে আর ভূ-রাজনৈতিক দিক থেকে গুরুত্বপূর্ণ কোন অঞ্চলে শুধুমাত্র সোভিয়েট পরাশক্তির প্রভাব বলয় থেকে মুক্তি অথবা বিচ্ছিন্ন রাখার উদ্দেশ্যে ঐ অঞ্চলের কোন স্বৈরাচারী অথবা কর্তৃত্ববাদী সরকারকে সমর্থন করার প্রয়োজন নেই। দ্বিতীয়তঃ গত দশকে ভূ-রাজনৈতিক দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু কিছু অঞ্চলে, যেমন পারস্য উপসাগরীয় অঞ্চলে, প্রচলিত শক্তির ক্ষেত্রে এক ধরনের শক্তির ভারসাম্য প্রতিষ্ঠিত হয়েছে। পারস্য উপসাগরীয় অঞ্চলে, একদিকে যেমন, ইরান-ইরাক যুদ্ধে ইরাকের প্রাধান্য ঐ অঞ্চলে ইরানের চিরাচলিত আক্রমণাত্মক ক্ষমতাকে বহুলাংশে খর্ব করেছে, অন্যদিকে তেমনি, "অপারেশন ডের্জার্ট ষ্টর্মে (desert storm)" বহুজাতিক বাহিনীর হাতে ইরাকের পরাজয় ঐ অঞ্চলে ইরাকের আক্রমণাত্মক ক্ষমতাকেও ব্যাপকভাবে খর্ব করেছে ও তার শক্তিশালী মারণাস্ত্রসমূহকে জাতিসংঘের কঠোর নিয়ন্ত্রণের অধীনে নিয়ে এসেছে। পরিণামে ঐ অঞ্চলের যে দু'টি প্রধান আঞ্চলিক শক্তি ঐ অঞ্চলে মার্কিনী ভূ-রাজনৈতিক আধিপত্যকে "চ্যালেঞ্জ" করতে পারতো তারা তাদের ক্ষমতা হারিয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের তাই ভূ-রাজনৈতিক আধিপত্য বজায় রাখার জন্যে এখন আর ঐ অঞ্চলের কোন কর্তৃত্ববাদী শক্তিশালী রাষ্ট্রের সমর্থনের প্রয়োজন নেই। তৃতীয়তঃ দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যবাদী রাষ্ট্র ব্যবস্থার অবসান ও আফ্রিকা মহাদেশের বিভিন্ন আঞ্চলিক ক্ষমতার লড়াইয়ে মতাদর্শগত দ্বন্দ্ব হ্রাস পাওয়ায় ঐ অঞ্চলেও মার্কিন যুক্তরাষ্ট্রের শুধুমাত্র কৌশলগত কারণে আর কোন স্বৈরাচারী অথবা কর্তৃত্ববাদী সরকারকে সমর্থন করার প্রয়োজন ফুরিয়েছে।^২

তাই স্নায়ুযুদ্ধ পরবর্তী যুগে মানবাধিকার ও গণতন্ত্রায়নকে মার্কিন বৈদেশিক নীতির সাথে সম্পৃক্ত করার ধারণা শুধুমাত্র মার্কিন নীতিনির্ধারক মহলেই নয়, বরং মার্কিনী বুদ্ধিজীবী মহলেও অনুকূল সাড়া পেতে শুরু করে। সোভিয়েট ইউনিয়ন ভেঙ্গে যাবার সামান্য কিছুদিন আগে হার্ভার্ডের প্রখ্যাত ইতিহাসের অধ্যাপক রিচার্ড পাইপ্‌স্ সোভিয়েট ইউনিয়নের অবলুপ্তি ও এর উত্তরাধিকার রাষ্ট্রগুলোতে, বিশেষ করে, রাশিয়াতে মানবাধিকার ও গণতন্ত্রায়নের গুরুত্ব সম্পর্কে একটি দীর্ঘ প্রবন্ধ লিখেন যাতে তিনি দাবী করেন যে প্রাক্তন রুশ জারতন্ত্রের অনুসৃত আগ্রাসী ও অবিশ্রান্তভাবে সম্প্রসারণবাদী বৈদেশিক নীতির ঐতিহাসিক প্রেক্ষাপটে একটি নব্য কর্তৃত্ববাদী রুশ রাষ্ট্রও ভবিষ্যতে মার্কিন যুক্তরাষ্ট্রের জন্যে একটি 'ভূ-রাজনৈতিকগত হুমকী' হিসাবে বিরাজ

করতে পারে যদিও এর মাত্রা প্রাক্তন "কম্যুনিষ্ট" সোভিয়েট ইউনিয়নের চাইতে হয়তো কিছুটা কম হতে পারে। এমনকি প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন, যিনি সবসময়ই বহির্বিধে মানবাধিকার অথবা গণতন্ত্রায়নের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় স্বার্থের যে কোনও রকম যোগসূত্র খোঁজারই তীব্র বিরোধিতা করে এসেছেন, তিনিও বিস্ময়করভাবে এবার অধ্যাপক পাইপ্সের বক্তব্যের সাথে একমত হন এবং তাঁর দেয়া উপচার বিধিকে সমর্থন করেন।^৪

এ সময় অধ্যাপক পাইপ্স এবং রিচার্ড নিক্সন দু'জনই এই মনোভাব ব্যক্ত করেন যে একমাত্র প্রচণ্ড চাপের মুখেই সোভিয়েট ইউনিয়নে আর্থ-সামাজিক ও রাজনৈতিক সংস্কার সাধন এবং গণতন্ত্রায়ন সম্ভব। তাই তারা ব্যাপকতর অর্থনৈতিক সাহায্য নিয়ে মিথাইল গর্বাচভকে উদ্ধার অথবা মানবাধিকার এবং গণতন্ত্রায়ন সম্পর্কিত আন্তর্জাতিক দায়িত্ব থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের সরে আসার যে কোন রকম প্রচেষ্টারই অপরিণামদর্শিতা সম্পর্কে সতর্কবানী উচ্চারণ করেন।^৫ পরবর্তীতে সোভিয়েট ইউনিয়নের ভাঙ্গন এবং এতদসম্পর্কিত মার্কিন ভূমিকা থেকে অনুমিত হয় যে তৎকালীন বুশ প্রশাসন তাদের উপরোক্ত সতর্কবানীকে বেশ গুরুত্ব সহকারেই নিয়েছিলেন এবং বাস্তবে তা' প্রয়োগ করার চেষ্টা করেছিলেন। অবশ্য তাৎক্ষণিকভাবে এর ফলে বুশ প্রশাসনকে একটি বড় ধরনের রাজনৈতিক ক্ষতিও স্বীকার করে নিতে হয়েছিলো। সেই ক্ষতিটি হলঃ সোভিয়েট ইউনিয়নের ভাঙ্গনের ফলে মার্কিন বৈদেশিক নীতির প্রধান জুজুটিও অপসৃত হওয়ায় এরপর সাধারণ মার্কিন জনসাধারণের কাছে আর বৈদেশিক নীতি তেমন গুরুত্বপূর্ণ বিষয় বলে গণ্য হচ্ছিল না। অনেকটা প্রায় সে কারণেই পরবর্তী নির্বাচনে জর্জ বুশ হেরে যান এই অভিযোগে যে তিনি বৈদেশিক নীতিকে বেশী প্রাধান্য দিতে গিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের আভ্যন্তরীণ অর্থনৈতিক সমস্যাবলীকে উপেক্ষা করেছেন।

এরপর ১৯৯৩ সালের ১লা জানুয়ারী বিল ক্লিনটন "হোয়াইট হাউসে" প্রবেশ করেন একটি বড় "ডোমেস্টিক এজেন্ডা" হাতে নিয়ে। অনেকটা কাকতালীয় ভাবেই এমন এক সময় বিল ক্লিনটন মার্কিন প্রেসিডেন্টের দায়িত্বভার গ্রহণ করেন যখন ওয়াশিংটন ডি, সি,-র নীতিনির্ধারক ও বিশেষজ্ঞ মহলে মার্কিন বৈদেশিক নীতির উদ্দেশ্য ও পদ্ধতি নিয়ে প্রচণ্ড বিতর্ক চলছিলো। এ সময়ে আন্তর্জাতিকবাদীরা যখন একদিকে হস্তক্ষেপ ও সম্পৃক্ততার বৈদেশিক নীতির পক্ষে জোরালো বক্তব্য রাখছিলেন, তখন অন্য দিকে অন্তরণ ও স্বাতন্ত্র্যবাদীরা মার্কিন যুক্তরাষ্ট্রের "বল্লাহীন হস্তক্ষেপের" বৈদেশিক নীতির তীব্র নিন্দায় রত ছিলেন।^৬ এমনি এক অবস্থায় যেন কিছুটা অপ্রত্যাশী ও দ্বিধাগ্রস্তভাবেই বিল ক্লিনটন ও তাঁর সহকর্মীরা মার্কিন যুক্তরাষ্ট্রের বৈদেশিক

নীতির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য রাখতে শুরু করেন। বর্তমান সময়কে একদিকে "মানব ইতিহাসের একটি ক্রান্তিকাল" এবং অন্যদিকে "একটি অলৌকিক মুহূর্ত" বলে আখ্যায়িত করে ক্লিনটন তাঁর বৈদেশিক নীতির প্রধান লক্ষ্য হিসেবে বিশ্বে বাজার অর্থনীতি ভিত্তিক গণতন্ত্র ও মানবাধিকারের বিস্তৃতি সাধনের কথা উল্লেখ করেন।^৭ তবে ক্লিনটনের উপরোক্ত বক্তব্যের আরো বিস্তৃত ব্যাখ্যা দিতে গিয়ে প্রেসিডেন্টের জাতীয় নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা এন্টনী লেক এই নব্য মার্কিনী উদ্যোগকে একটি "গণতান্ত্রিক ধর্মযুদ্ধ" হিসাবে না দেখে বরং "সবার স্বার্থে জাতীয় মুক্তির সপক্ষে একটি বাস্তবায়নযোগ্য অঙ্গীকার" হিসেবে দেখার আহ্বান জানান। তিনি আরো উল্লেখ করেন যে যদি কোন কর্তৃত্ববাদী শাসকগোষ্ঠীও উদারনীতিকরণের পথে অগ্রসর হয় তবে সেক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্র সেখানে গণতন্ত্র চাপিয়ে দেবার চেষ্টা নাও করতে পারে; কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্র অবশ্যই শাস্তিমূলক ব্যবস্থা নেবে যদি ঐ শাসক গোষ্ঠী আক্রমণাত্মক আচরণ প্রকাশ করে বা দমননীতির পথ অনুসরণ করে যেমনটি চীনে ঘটেছে।^৮

মার্কিনী বৈদেশিক নীতিতে গণতন্ত্রায়ন ও মানবাধিকারের গুরুত্ব সম্বন্ধে আরো সুস্পষ্ট বক্তব্য রাখেন মার্কিন যুক্তরাষ্ট্রের 'এগসিসটেন্ট সেক্রেটারী অফ স্টেট ফর হিউম্যান রাইটস্‌ এ্যান্ড হিউম্যানিটারিয়ান এফেয়ার্স' জন শ্যাটাক তাঁর ২০ শে এপ্রিল ১৯৯৪ ইং তারিখের দেয়া মার্কিন কংগ্রেসের প্রামাণিক বিবৃতিতে। শ্যাটাক তাঁর প্রামাণিক বিবৃতিতে মার্কিন কংগ্রেসকে জানান যে ক্লিনটন প্রশাসন বিভিন্ন ভাবে মার্কিন বৈদেশিক নীতি প্রণয়ন প্রক্রিয়ার মূলধারায় মানবাধিকার ও গণতন্ত্রকে অন্তর্ভুক্ত করার চেষ্টা করছে।

প্রথমতঃ মার্কিন যুক্তরাষ্ট্র আরো কয়েকটি দেশের সাথে মিলে কতগুলো নতুন প্রতিষ্ঠান গড়ে তোলার চেষ্টা করছে যার মাধ্যমে বিশ্বে মানবাধিকার লঙ্ঘনকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া সম্ভব হবে। উদাহরণস্বরূপ এখানে প্রাক্তন যুগোশ্লাভিয়ার যুদ্ধাপরাধীদের বিচারের জন্যে গঠিত জাতিসংঘ যুদ্ধাপরাধ ট্রাইব্যুনালের কথা উল্লেখ করা যেতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্র এল্‌ সাল্‌ভাদোরে মানবাধিকার লঙ্ঘন সংক্রান্ত অভিযোগের তদন্তের জন্যে গঠিত "ট্রুথ কমিশন্"-য়ের প্রতিষ্ঠার ব্যাপারেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং গুয়েতেমালাতেও যাতে এ ধরনের প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা যায় সে জন্যেও যুক্তরাষ্ট্র চেষ্টা করে যাচ্ছে। আইনের শাসন প্রতিষ্ঠার জন্যেও মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বের বেশ কয়েকটি দেশে অর্থনৈতিক সাহায্য-সহযোগিতা দিয়ে যাচ্ছে।

দ্বিতীয়তঃ মার্কিন যুক্তরাষ্ট্র বাণিজ্য সহযোগিতা ও অর্থনৈতিক সম্পর্ককে মানবাধিকারের সাথে সংযুক্ত করার চেষ্টা চালাচ্ছে। এক্ষেত্রে কোন রাষ্ট্রে মানবাধিকারের উন্নয়ন বা সংকোচনের

সাথে সেই রাষ্ট্রকে দেয় মার্কিন অনুদান বা অর্থনৈতিক সাহায্য এবং বাণিজ্যিক সুবিধাকে সরাসরি সম্পর্কিত করে ক্লিনটন প্রশাসন এক ধরনের "মূলা-মুণ্ডর নীতি" (Carrot and stick policy) অনুসরণ করার চেষ্টা চালাচ্ছে যাতে তাদের নিজেদের স্বার্থেই মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিটি মিত্র রাষ্ট্র তাদের নিজ নিজ দেশে মানবাধিকারের উন্নতির দিকে নজর দেয়।

তৃতীয়তঃ মার্কিন যুক্তরাষ্ট্রের বৈদেশিক নীতির মানদণ্ডে বর্তমানে অর্থনৈতিক উন্নয়ন, রাজনৈতিক উন্নয়ন, মানবাধিকার সংরক্ষণ ও গণতন্ত্রায়নকে একটি "অখন্ডনীয় একক" হিসেবে গণ্য করা হচ্ছে। সেইসাথে ক্লিনটন প্রশাসন মানবাধিকারের সংরক্ষণ ও গণতন্ত্রায়নকে মার্কিন বৈদেশিক নীতির প্রধান তিনটি স্তরের অন্যতম একটি স্তর বলে ঘোষণা করেছেন; বাকী দু'টি স্তর হচ্ছে জাতীয় নিরাপত্তা সুনিশ্চিত করা এবং অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করা। এই উদ্দেশ্যগুলোকে সামনে রেখেই অদূরভবিষ্যতে "এ্যাসিসট্যান্ট সেক্রেটারী অফ স্টেট ফর হিউম্যান রাইটস এন্ড হিউম্যানিটারিয়ান এ্যাক্সেসের দপ্তর"-কে পূর্ণগঠিত ও সম্প্রসারিত করে একটি নতুন "ব্যুরো অফ ডেমোক্রাসী, হিউম্যান রাইটস্, এন্ড লেবার" স্থাপন করা হয়েছে। ক্লিনটন প্রশাসন আশা করে যে এই নতুন দপ্তরটি বিশ্বের বিভিন্ন দেশে মানবাধিকার সংরক্ষণ এবং বিকাশমান ও ক্রান্তিকালীন গণতন্ত্রায়নের পথকে সুগম করবে।

চতুর্থতঃ বিভিন্ন দেশের বহুবিধ নৃতাত্ত্বিক, জাতিগত, ভাষাগত ও ধর্মীয় বিরোধসমূহ হিংস্র সংঘাতে রূপ নেবার আগেই যাতে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যায়, সে সম্পর্কে পথ ও মত নির্দেশের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্র "কমিশন ফর সিকিউরিটি এ্যান্ড কো-অপারেশন ইন ইউরোপ" বা "দ্য অর্গানাইজেশন অফ আমেরিকান স্টেটস"-য়ের মত কয়েকটি বহুজাতিক প্রতিষ্ঠান গঠনের লক্ষ্যে চেষ্টা চালিয়ে যাচ্ছে।

পঞ্চমতঃ মার্কিন যুক্তরাষ্ট্র এই প্রথমবারের মত নারীর অধিকারকে তার মানবাধিকার সংক্রান্ত নীতির অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। এই উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র ইতিমধ্যেই থাইল্যান্ডে "শিশু পতিতাবৃত্তি" সম্পর্কে স্পষ্ট বক্তব্য রেখেছে। মূলতঃ যুক্তরাষ্ট্রের প্রচেষ্টায়ই সম্প্রতি তথাকথিত "এথনিক ক্লিনসিং" (বঃযহরপ পষবধহংরহম)-য়ের মাধ্যম হিসেবে পরিচালিত "সংঘবদ্ধ ধর্ষণ"-কে জাতিসংঘের গণহত্যা সংক্রান্ত কন্ভেনশনের আওতায় "হত্যাপরাদ" বলে চিহ্নিত করা হয়েছে। যুক্তরাষ্ট্র তার প্রণীত বিভিন্ন দেশের মানবাধিকার সংক্রান্ত বার্ষিক রিপোর্টে নারী নির্যাতনের বিষয়টিও অন্তর্ভুক্ত করেছে এবং বিশ্বের নারী নির্যাতন সম্পর্কিত বিষয়ে তথ্য

সংগ্রহের উদ্দেশ্যে জাতিসংঘের একজন বিশেষ "রাপোর্টর" (Rapporteur) নিয়োগের প্রস্তাব সমর্থন করেছে।

ষষ্ঠতঃ আন্তর্জাতিক মানবাধিকার সংক্রান্ত মার্কিনী নৈতিক ও আইনগত বাধ্যবাধকতা পূরণের উদ্দেশ্যে ক্লিনটন প্রশাসন "নির্যাতন সংক্রান্ত অধ্যাদেশ" প্রণয়নের উদ্যোগ নিয়েছে। এছাড়াও ক্লিনটন প্রশাসন জাতিসংঘের নারী অধিকার ও জাতিগত বৈষম্য সংক্রান্ত কনভেনশনের অধীন চুক্তিসমূহ ও অনুসমর্থনের (ratification) চেষ্টা চালিয়ে যাচ্ছে। জাতিসংঘ সাধারণ পরিষদের প্রস্তাবের সাথে সংগতি রেখে "ল্যান্ড মাইন" রপ্তানীর উপর আন্তর্জাতিক নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত উদ্যোগের সাথেও ক্লিনটন প্রশাসন প্রত্যক্ষভাবে জড়িত রয়েছে।

সপ্তমতঃ জাতিসংঘের মানবাধিকার সংক্রান্ত প্রতিষ্ঠানগুলোর সাথে ক্লিনটন প্রশাসন ঘনিষ্ঠভাবে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে। মানবাধিকার সংক্রান্ত জাতিসংঘের হাইকমিশনার নিয়োগ ও প্রাক্তন যুগোশ্লাভিয়ায় যুদ্ধপরাধ সংক্রান্ত ট্রাইব্যুনাল গঠনের ক্ষেত্রেও মার্কিন যুক্তরাষ্ট্র জাতিসংঘ সাধারণ পরিষদের অন্যান্য সদস্যদের সাথে কাজ করে যাচ্ছে।

অষ্টমতঃ বিশ্বের অন্যান্য দেশে মানবাধিকার প্রতিষ্ঠা ও গণতন্ত্রায়নের জন্যে কর্মরত বিভিন্ন এন, জি, ও -গুলোর সাথেও ক্লিনটন প্রশাসন ঘনিষ্ঠভাবে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে। বিশ্বজুড়ে "নয়া সিভিল সমাজ" প্রতিষ্ঠার লক্ষ্যে ক্লিনটন প্রশাসন বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় এন, জি, ও, ছাড়াও বিভিন্ন তৃণমূল সংগঠন, শ্রমিক সংগঠন ও ধর্মীয় সংগঠনগুলোর সাথে আরো কার্যকর সম্পর্ক গড়ে তোলার উদ্যোগ নিয়েছে।

পরিশেষে, বিভিন্ন দেশে গণতন্ত্রায়ন ও মানবাধিকার প্রতিষ্ঠায় সহায়তার লক্ষ্যে ক্লিনটন প্রশাসন তার অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতিমালা এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের মধ্যে সমন্বয়সাধনের উদ্যোগ নিয়েছে। ক্লিনটন প্রশাসন মনে করে যে বিভিন্ন দেশে মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনে মার্কিনী উন্নয়নসংক্রান্ত অনুদান কর্মসূচীকে (USAID Program) ব্যবহার করা যেতে পারে। ইতিমধ্যেই ক্লিনটন প্রশাসন এ ধরনের কয়েকটি পদক্ষেপ নিয়েছে। যেমন, গত বৎসর গুয়েতেমালার প্রেসিডেন্ট সেরানো সে দেশের গণতান্ত্রিক শাসনতন্ত্র স্থগিত রাখার সিদ্ধান্ত নিলে তাৎক্ষণিকভাবে গুয়েতেমালায় মার্কিন অর্থনৈতিক সাহায্য বন্ধ করে দেয়া হয়। একইরকমভাবে গত গ্রীষ্মে নাইজেরিয়ার সামরিক জাভা সে দেশের প্রেসিডেন্ট নির্বাচনের

ফলাফল বাতিল ঘোষণা করায় মার্কিন যুক্তরাষ্ট্র নাইজেরিয়াতেও সকল রকম উন্নয়ন সংক্রান্ত অনুদান দেয়া স্থগিত রেখেছে। অনেক ক্ষেত্রে আবার অর্থনৈতিক সাহায্য বা উন্নয়নসংক্রান্ত অনুদানপ্রদানকেও সাহায্যপ্রাপ্ত দেশে মানবাধিকারের নিশ্চিতকরণ ও বিচারব্যবস্থার সংস্কারের সাথে সম্পর্কযুক্ত করা হয়েছে। এ প্রসঙ্গে পেরু, নিকারাগুয়া ও এল সালভাদোরের কথা উল্লেখ করা যেতে পারে।^৯

এ প্রবন্ধের আলোচনা থেকে যে বিষয়টি স্পষ্ট হয়ে উঠেছে তা হলঃ ক্লিনটন সরকার তার বৈদেশিক নীতিতে গণতন্ত্রায়ন ও মানবাধিকারকে অন্যতম প্রধান উপাদ্য বিষয় হিসেবে স্থান দিয়েছে এবং বিভিন্ন দেশে এর বিস্তৃতি ও প্রসারের জন্যে প্রয়োজনে "মূলা-মৃগুর নীতি" অনুসরণের সিদ্ধান্ত নিয়েছে। অবশ্য বাস্তব ক্ষেত্রে এর প্রয়োগ করতে গিয়ে ক্লিনটন প্রশাসন কিছু কিছু দেশে এই "মূলা-মৃগুর নীতি" সফলভাবে প্রয়োগ করতে সক্ষম হলেও যে সব দেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মার্কিনী অর্থনৈতিক এবং/অথবা ভূ-রাজনৈতিক স্বার্থ জড়িত রয়েছে- যেমন নাফটা ভুক্ত দেশসমূহ ও গণচীন--সেখানে অসম, প্রায় আপোসমূখী একটি বৈদেশিক নীতি অনুসরণ করতে বাধ্য হচ্ছে।^{১০} ঐ দেশসমূহে মানবাধিকার সুস্পষ্টভাবে লজ্জিত হওয়া সত্ত্বেও ক্লিনটন প্রশাসন প্রায় কোন পদক্ষেপই নিচ্ছে না। ফলে বিশ্বের বিভিন্ন দেশে গণতন্ত্রায়নের প্রক্রিয়া ত্বরান্বিতকরণ ও মানবাধিকার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করলেও বাস্তবে ক্লিনটন প্রশাসন এ ক্ষেত্রে কতটুকু সফলতা লাভ করতে সক্ষম হবে সে সম্পর্কে প্রশ্নের অবকাশ রয়েছে।

তথ্য নির্দেশ

- ১। বিস্তারিত আলোচনার জন্যে দেখুন, Alan Tonelson, "The Real National Interest", *Foreign Policy*, Winter 1985/86, pp.16-25.
- ২। এ সম্পর্কে বর্তমান ক্লিনটন, সরকারের সাম্প্রতিক চিন্তাভাবনা সম্বন্ধে সম্যক ধারণার জন্যে দেখুন, Anthony Lake, "Confronting Backlash States", *Foreign Affairs*, Vol. 73, No.2, March-April 1994, pp. 45-55.
- ৩। Richard Pipes, "The Soviet Union Adrift", *Foreign Affairs*, 1990/91, pp.70-87.
- ৪। Richard Nixon, " Gorbachev's Crisis, America's Opportunity", *Washington Post*, June 2, 1991.
- ৫। এ সম্পর্কিত বিস্তারিত আলোচনার জন্যে দেখুন, Robert G. Kaufman, "Democracy, Morality and the National Interest"; *Strategic Review*, Vol. 20, No. 2 Spring 1992, pp. 31-38.
- ৬। এ প্রসঙ্গে বিস্তারিত আলোচনার জন্যে দেখুন, Walter R. Mead, "An American Grand Strategy: The Quest for Order in a Disordered World", *World Policy Journal*, Vol. 10. No.1, Spring 1993, pp.8-12 এবং Richard Folk, "In search of a New World Order", *Current History*, Vol. 92, No. 573. April 1993, pp. 145-149
- ৭। উদ্ধৃতি, O.N. Mehrotra, "Clinton's Foreign Policy in New World Entropy", *Strategic Analysis*, Vol. 17, No. 3, June 1994, pp 305-317.
- ৮। Anthony Lake, " The Logic of a US Strategy of Enlargement", *International Herald Tribune*, 24 September, 1993.
- ৯। দেখুন, "Shattuck Congressional Testimony", Capitol Hill, Ref. No. 2450, Date: 04/20/1994
- ১০। দেখুন, Comments by Senator Patrick Leahy (D-Vt.), "John Shattuck before Senate Panel", Capitol Hill, Ref. No. 3530, Date: 04/20/1994.

ফেডারিক ডগলাসের কাহিনীতে মুক্তি-চেতনা

খালিকুজ্জামান ইলিয়াস

দু'শো বছর আগে ইংরেজ ধর্মযাজক জন ওয়েসলি তাঁর জর্নালে দাস ব্যবসার আসল স্বরূপ বর্ণনা করতে গিয়ে একে তাবৎ শয়তানির জঘন্যতম সমষ্টি (execrable sum of all villainies) বলে আখ্যায়িত করেছেন। এই তাবৎ শয়তানির সমষ্টির কুৎসিত চেহারা ফেডারিক ডগলাসের দাস কাহিনীতে (Narrative of the Life of Frederick Douglass, an American Slave) যেমন স্পষ্ট ও বিশদভাবে বর্ণিত হয়েছে সে রকম সম্ভবতঃ আর কোনো লেখায় হয়নি। এর কারন ডগলাস নিজেই ছিলেন একজন ক্রীতদাস। মেরিল্যান্ড অঞ্চলে প্রথমে জনৈক এ্যান্টনি এবং পরে টমাস আউন্ডের অধীনে তিনি দাস হিসেবে নিয়োজিত ছিলেন। তাঁর বাবার পরিচয় তিনি কখনোই জানতে পারেননি। আবার তিনি যখন খুব ছোট তখন তাঁর মাকে তাঁর কাছ থেকে সরিয়ে দূরবর্তী খামারের কাজে নিযুক্ত করা হয়। যুক্তরাষ্ট্রের দাসপ্রথায় ছিল এই এক নিয়ম- দাস-সন্তানদের তাদের বাবা-মার কাছ থেকে দূরে রাখা হতো পাছে সন্তান কাছে থাকলে বাবা-মার অন্তরে বাৎসল্য প্রেম জাগে। ডগলাসের মা ভগ্ন শরীরে দূরবর্তী খামার বাড়ি থেকে হেঁটে হেঁটে গভীর রাতে ঘুমন্ত ডগলাসের কাছে আসতো: এসে কিছুক্ষণ শুয়ে থেকে আবার ভোর হওয়ার আগেই চলে যেত কাজে। কাজে দেরী হওয়ার শান্তি ছিলো প্রচণ্ড। এ জন্য তাকে সূর্য ওঠার আগেই গিয়ে পৌঁছতে হতো দশ মাইল দূরের খামার বাড়িতে। এরপর এক রাতে তাঁর মা আর আসে না। কিছুদিন পর তিনি জানতে পান যে তার মৃত্যু হয়েছে। ডগলাস লিখেছেন যে মায়ের স্মৃতি তাঁর নেই বললেই চলে। শৈশবেই তিনি মাকে হারান বলে কখনোই জানতে পারেননি তাঁর বাবার পরিচয়। তবে অন্যান্য দাসের মুখে এমন গুজব শুনেছেন যে তাঁর শ্বেতাঙ্গ মালিকই আসলে ছিলো তাঁর বাবা। দাসব্যবস্থার নিয়ম ছিলো এই যে ক্রীতদাসীর গর্ভে মনিবের সন্তান হয়ে জন্মালেও সে দাসের মর্যাদাই পেতো।

দাসত্বপ্রথাকে একেবারে ভেতর থেকে দেখেছেন বলে এই স্বশিক্ষিত ক্রীতদাসের পক্ষে নিজের শৈশব ও যৌবনের, এবং পালিয়ে গিয়ে স্বাধীন হওয়ার রোমহর্ষক কাহিনী এমন সৎ ও জীবন্তভাবে বয়ান করা সম্ভব হয়। কিন্তু তাঁর এই কাহিনী পদে পদে যে অদম্য আকাজ্জার কথা প্রকাশ করে তা হলো দাসত্ব থেকে মুক্তির আকাজ্জা। দাসত্বের মনস্তাত্ত্বিক প্রভাব বিশ্লেষণ করতে গিয়ে অনেক লেখকই এর নিজীবকারী প্রভাবের কথা বলেছেন। তাঁদের মতে দাসত্বের নাগপাশে বাঁধা দাসের পক্ষে কখনোই সৃজনশীলতা, সাধারণ মানবিক বৈশিষ্ট্য, প্রতিবাদ ও প্রতিরোধের

ইচ্ছা, এবং মুক্তির সচেতনতা অর্জন করা সম্ভব হয় না। মৃত্যু, দুঃখ-দুর্দশা, অত্যাচার-নির্যাতনের বিরুদ্ধে সংগ্রাম করতেই যার সমস্ত শক্তি ব্যয় হয়, যার ইচ্ছা-অনিচ্ছা নিয়ন্ত্রিত হয় অন্যের দ্বারা, স্বাধীনভাবে কিছু উপভোগ করার সামর্থ্য তার থাকে কি করে? যুক্তরাষ্ট্রের দুশো বছর দাসত্বের ইতিহাসে দাস-মালিকের সঙ্গে ক্রীতদাসের দৈনন্দিন সংঘর্ষের, দাস-বিদ্রোহের, কি প্রতিরোধের সংখ্যালঘুতার জন্য এমন ধারণা সৃষ্টি হতেই পারে যে সেখানকার দাসেরা ছিলো একান্ত অনুগত, বশংবদ ভৃত্য। আবার এমনও অনেক ঐতিহাসিক আছেন যাঁরা দাসপ্রথার যাবতীয় অত্যাচার-নির্যাতন এবং নিবীৰ্যকরণ প্রভাবের কথা মেনে নিয়েও বলেন যে এই ব্যবস্থা এমন কোন রুদ্ধদ্বার ব্যবস্থা নয় যে তা দাসমাত্রেরই যাবতীয় মানবিক বৈশিষ্ট্য হরণ করবে কি ধ্বংস করে ফেলবে। এই শেষোক্তদের কথারই সত্যতা প্রমাণিত হয় ফ্রেডারিক ডগলাসের জীবন-কাহিনীতে। ১৮৪৫ সালে প্রকাশিত এই গ্রন্থে একদিকে যেমন দাসত্বপ্রথার বর্বরতা ও আত্মবিধ্বংসী প্রভাবের কথা ডগলাস লিখেছেন নিজের ক্ষতের রক্তে কলম চুবিয়ে, তেমনি অন্যদিকে এই প্রথার মধ্যে থেকেও তিনি কিভাবে কখনোই নিজের আত্মাকে মরতে দেননি, বরং যে কোন উপায়ে একদিন পালিয়ে গিয়ে দাসত্বপ্রথা-মুক্ত অঞ্চলে গিয়ে উঠবেন সেই ইচ্ছাই মনে মনে সর্বক্ষণ পোষণ করে যাবতীয় নির্যাতন সহ্য করেছেন তার বিশদ বিবরণ দিয়েছেন তাঁর অনবদ্য ভাষায়। প্রত্যেক দাসেরই রয়েছে নিজের দাসত্বশৃঙ্খল নিজহাতে মোচনের ক্ষমতা। এই ক্ষমতা সম্পর্কে সম্পূর্ণ সচেতন থেকে তিনি এর ব্যবহারের সুযোগ খুঁজতে থাকেন এবং শেষে পেয়েও যান।

ফ্রেডারিক ডগলাস কৈশোর থেকেই দাস হিসেবে নিজের মর্যাদা সম্পর্কে ছিলেন সচেতন। পালিয়ে গিয়ে স্বাধীন হয়ে দাসপ্রথার বিলোপ সাধন এবং যুক্তরাষ্ট্রে আফ্রিকার সন্তানের মর্যাদার উন্নয়ন ছিলো ডগলাসের সারা জীবনের সাধনা। নিজের কাহিনীতে ডগলাস শৃঙ্খল থেকে মুক্তির উদ্দেশ্যে নিরন্তর সংগ্রামের, অন্ধকার থেকে আলোর পথে, মৃত্যু থেকে জীবন অভিমুখে যাত্রার জীবন্ত কাহিনীই বিবৃত করেছেন। এই বিবরণে তিনি যে কেবল অতল কালো গহ্বর থেকে মুক্তির সোপানই সন্ধান করেন তাই নয়, কিংবা কেবল যে তিনি বহু দৃষ্টান্তের মাধ্যমে দাসত্বপ্রথার নির্মমতার কথাই প্রকাশ করেন তাও নয়, সহকর্মী দাসদের নানা কুসংস্কার, অজ্ঞতা, অসচেতনতা, এবং নির্বুদ্ধিতারও তিনি সমালোচনা করেন। সেই সঙ্গে ক্রীতদাসদের তাঁবে রাখার জন্য দাস-মালিকরা যে বিভিন্ন শঠতা, কৌশল ও ওজরআপত্তির আশ্রয় নিতো সে সবও নিজের তীক্ষ্ণ পর্যালোচনা দ্বারা পাঠককে অবহিত করেন। তবে সহকর্মী দাসদের প্রতি অপত্য ভালোবাসার জন্যই তিনি তাঁর সফল পলায়নের কোন বিশদ বিবরণ দেননি। তাঁর কাহিনী যেহেতু

দাসত্বপ্রথা প্রচলিত থাকাকালীনই প্রকাশিত হয় সেজন্য তিনি চাননি যে তাঁর গৃহীত পলায়ন-কৌশলের কথা দাস-মালিক জেনে যায় এবং এতে দাসদের পলায়নের পথ রুদ্ধ হয়।

ডগলাসের জীবন কাহিনীতে দাস নির্যাতনের ঘটনা রক্তের অক্ষরে লেখা রয়েছে। অসহায় দাসদাসীদের প্রতি মনিবের, কি মনিবের ওভারসিয়ারের আচরণের যে বর্ণনা তিনি দিয়েছেন তা কেবল একজন প্রত্যক্ষদর্শীর পক্ষেই দেওয়া সম্ভব। এরকম একটি দৃষ্টান্তে এক ক্রীতদাসের ভুল করে পার্শ্ববর্তী খামারে প্রবেশের কাহিনী বলা হয়েছে। সেই খামারের মালিক তাকে দেখামাত্রই গুলি করে হত্যা করে। আরেকটিতে বলা হয়েছে এক ওভারসিয়ার কি করে এক দাসের মাথার খুলি উড়িয়ে দিয়েছিলো বন্দুকের গুলিতে। এই দাসটির অপরাধ সে পাহাড়ের একটা খাঁড়ির জলায় কাঁধ-পানিতে ডুবে ওভারসিয়ারের চাবুক থেকে রক্ষা পেতে চেয়েছিলো। আরেকটি ঘটনার বিবরণে ডগলাস বলছেন কি করে তাঁরই এক খালাকে তাঁর মনিব অর্ধনগ্ন করে রান্নাঘরের ছাদের বর্গার সঙ্গে টানা দিয়ে বেঁধে চাবুকের পর চাবুক চালিয়েছিলো। তার অপরাধ-মনিবের অনুমতি না নিয়ে সন্ধ্যার পর সে বাইরে এক যুবক ক্রীতদাসের সঙ্গে সময় কাটিয়েছিলো। ডগলাস তাঁর যাদুকরী ভাষায় এই নির্যাতনের বর্ণনা দেন এ ভাবে : “মনিব তাকে কশাঘাত করছিলো চীৎকার করে কাঁদাবার জন্য, এবং দ্বিতীয় দফা কশাঘাত করছিলো কান্না থামানোর জন্য : নগ্ন শরীরের যে সব স্থানে রক্তের ধারা বইছিলো যত দ্রুত, সে সব স্থানে চাবুকের ঘা-ও পড়ছিলো তত জোরে।”^১ এই সব ঘটনা ডগলাসের ভাষায় এমন জীবন্ত হয়ে ওঠে যে পাঠকের মনে তা যত না ওই হতভাগ্য দাসদাসীর প্রতি করুণা কি সহানুভূতি জাগায় তার চেয়ে বেশী জাগায় অপরাধীর প্রতি ঘৃণা এবং তার তাৎক্ষণিক শাস্তি বিধানের আকাঙ্ক্ষা।

অবশ্য হতভাগ্য ক্রীতদাসের প্রতি পাঠকের সহানুভূতি জাগাতেও ডগলাস সিদ্ধহস্ত। যুক্তরাষ্ট্রের দাস-ব্যবস্থায় কয়েকটি ছোট খামার একটি বড় খামারের (Home Plantation) অধীনে পরিচালিত হতো। ছোট খামারের দাসদাসীর জন্য বরাদ্দ মাসের খাবার আনতে হতো বড় খামার থেকে। এই বরাদ্দ আনতে-যাওয়া দাসেরা যাত্রাপথে করতো গান। তাদের এই গানের অর্থ বোধহয় একজন ক্রীতদাসের পক্ষেই জানা সম্ভব। দাস-মালিক ভাবতো দাসেরা তার সুখের গান গায়। কিন্তু বাস্তব চিত্র ভিন্ন। ডগলাস লিখেছেন :

কেউ যদি দাসদের আত্মবিধ্বংসী প্রভাব সম্পর্কে জানতে চান

তো তাঁকে বলি কর্নেল লয়েডের খামারে যেতে। সেখানে যান, গিয়ে মাসো-

হারার দিন গভীর পাইন অরণ্যের মধ্য দিয়ে যে পথ সেই পথের

ধারে চুপ করে বসে থাকুন। পথে যেতে যেতে দাসেরা তখন যে গান করে তা শুনে যদি আপনার অন্তরের তন্ত্রীগুলো আলোড়িত না হয় তো বলবো আপনার পাষান হৃদয়ে নেই এক আঁশ মাংসও (৫৮)।

এই ভাবে দাসদের সঙ্গীত সম্পর্কে যে বিশ্বাস বা মিথ প্রচলিত ছিলো যে সঙ্গীতমুখর পাখির মতো গান-করা দাস তার অন্তরের আনন্দই প্রকাশ করে-সে ধারণা ডগলাস নস্যাত্ন করে দেন। তিনি পরিষ্কার ভাষায় বলেন, "ক্রীতদাস সবচেয়ে বেশী গান করে যখন সে সবচেয়ে বেশী দুঃখ পায় কারণ সে তো অন্তরের দুঃখের গীতই গায়, এবং এ ভাবে অশ্রুমোচনের মাধ্যমেই সে মন থেকে ভার লাঘব করে (৫৮)।"

ডগলাসের কাহিনী পড়লে আরো যে ব্যতিক্রমী প্রবণতা তাঁর ভেতর লক্ষ্য করি তা হলো ছেলেবেলা থেকেই তাঁর প্রচলিত আত্মসম্মান বোধ এবং জ্ঞানার্জনের অদম্য স্পৃহা।^২ যদিও .দাস হিসেবে ডগলাসের মর্যাদা অন্যান্য দাসের চেয়ে নিকৃষ্ট ছিলো না, তবু তিনি লিখেছেন যে বারো বছর বয়সেই দাসত্বের প্রতি তাঁর প্রচলিত ঘৃণা জন্মে। সমগ্র জীবন দাসত্বের গ্লানি বহন করতে হবে এই চিন্তা তাঁর অন্তরে সব সময় ভার হয়ে চেপে থাকতো। এই সময় একটু একটু করে পড়তে শেখার ফলে ফেরারী দাসের কাহিনী সংবলিত বইপত্র পেলে তিনি অদম্য আগ্রহে লুকিয়ে লুকিয়ে সে সব পড়তেন। স্বাধীনতার আকাঙ্ক্ষা অবশেষে তাঁকে দাসত্বের নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদে এবং পালানোর সুযোগ সন্ধানে নিয়োজিত করে। এই পর্যায়ে "দাস-পেটানো" এক ওভারসিয়ারের সঙ্গে ডগলাস মরণপণ লড়ে জয়লাভ করেন এবং এই ঘটনা থেকে এই বিপ্লবী শিক্ষাও অর্জন করেন যে হিংসার বিরুদ্ধে হিংসাই মোক্ষম অস্ত্র। এই শিক্ষা পেয়ে ডগলাস মনের আনন্দে লিখেছেন, "মনে হলো আমি যেন দাসত্বের কবরখানা থেকে উঠে মুক্তির খোলা আসমানে উড়াল দিলাম (১১৩)।"

তাঁর আত্মমর্যাদা বোধ, অদম্য সাহস, এবং নিজের ও সহকর্মী দাসদের মানবেতর জীবনের প্রতি যত্নবাক্ত উদ্বিগ্ন ডগলাসকে কেবল যে দাসত্বের নির্যাতনের বিরুদ্ধেই শারীরিক ও মানসিকভাবে লড়তে সাহায্য করেছে তা নয়, দাসত্ববন্ধন ছিন্ন করে মুক্তির উপায় বার করতেও সারাক্ষণ ব্যাপৃত রেখেছে। তিন তিনবার চেষ্টার পর তিনি পালিয়ে নিউ ইয়র্কের মুক্তাঞ্চলে চলে যেতে সক্ষম হন। তাঁর কাহিনীর পাতায় পাতায় উৎকীর্ণ এই সব অত্যাচার নির্যাতন, প্রতিবাদ প্রতিরোধ ও পলায়নের ঘটনা ডগলাসের স্বাধীনতার স্পৃহা এবং অবিরাম সংগ্রামের সাহস ও শক্তির কথাই প্রকাশ করে।

দাস-মালিকরা ক্রীতদাসদের বশে রাখার জন্য যে সব কৌশল অবলম্বন করতো ডগলাস সে সব সম্পর্কেও লিখেছেন। এ রকম একটি কৌশলকে তিনি “সেফটি-ভাল” কৌশল হিসেবে আখ্যায়িত করেছেন। এই কৌশলে দাস-মালিক ছুটির দিনে তার দাসদের মদ্যপানে এবং আমোদ-আহলাদে অবসর সময় কাটাতে উৎসাহিত করতো। বড়দিনের উৎসবে যদি কোন দাস অতিরিক্ত মদ পান করে মাতাল না হলো তো তাকে সবাই ঘৃণার চোখে দেখতে শুরু করলো। আর কোন দাস যদি সারা বছর একটু একটু করে অর্থ সঞ্চয় করে বড়দিনের আমোদে পানীয় সংকুলান না করতো তো তাকে অলস, অকর্মণ্য ইত্যাদি বিশেষণে বিভূষিত করা হতো। আমোদ-স্কুর্তিতে অবসর কাটানোর এই ব্যবস্থাকে ডগলাস “সেফটি-ভাল” কৌশল হিসেবে বিবৃত করে নিজের তীক্ষ্ণ পর্যবেক্ষণ ক্ষমতারই পরিচয় দিয়েছেন (১১৫)। গরম কেতলির বাষ্প বেরনোর পথ না থাকলে যেমন কেতলি ফেটে যায়, তেমনি দাসত্বপ্রথার ভেতরের দীর্ঘদিনের ক্ষোভের একটা নিয়মিত বিমোক্ষণ না ঘটলেও প্রথা ভেঙ্গে পড়তে পারে। এই বিমোক্ষণ ঘটানোর উপায়ই হলো ক্রীতদাসকে আমোদ-আহলাদে অবসর সময় যাপন ও অর্থ ব্যয় করতে উৎসাহিত করা। আরেকটি কৌশলে ওভারসিয়ার সারাদিন লুকিয়ে দাসদের কাজ পর্যবেক্ষণ করে সূর্যাস্তের পর ছুটির পূর্ব মুহূর্তে মাঠে উপস্থিত হয়ে খবরদারি করতো। ফলে দাসদের অতিরিক্ত পরিশ্রম করতো হতো। এ ভাবে ডগলাস একেবারে ভেতর থেকে দাসত্ব প্রথার যাবতীয় অভিশাপ অভিজ্ঞতায় অর্জন করে আবেগবর্জিত ও যৌক্তিক ভাষায় তাঁর কাহিনীতে বর্ণনা করেছেন। এবং এ জন্যই তাঁর বক্তব্য এতো জীবন্ত, এতো বিশ্বাসযোগ্য হতো পেরেছে।

দাসত্ব প্রথাকে সামগ্রিকভাবে দেখতে পারেননি বলে ডগলাস বিনয় করেছেন। বিনয় করে তিনি লিখেছেন “আমি তো এই চক্রের একেবারে ভেতরের লোক। এ জন্য বাইরে থেকে একে দেখার বা জানার সুযোগ আমার হয়নি (৫৭)।” কিন্তু ভেতরে থেকেও তিনি যে ভাবে দাস-মালিকদের বর্বরতা, বিভিন্ন নির্যাতনের এবং ছল, বল ও কৌশল প্রয়োগের ঘটনা প্রকাশ করেন তাতে এ সবকে তিনি বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখেন না। বরং নিপীড়নের একটা প্রতিষ্ঠানেরই যে এরা অবিচ্ছেদ্য অংশ সে কথা তিনি নিজে যেমন পরিষ্কার বোঝেন তেমনি পাঠককেও জোরালোভাবে বোঝাতে সক্ষম হন। ক্রীতদাসের মুক্তির ব্যাপারটি সাধারণীকরণ করে তা যে মানব অস্তিত্বেরই একটি মৌলিক ও অপরিহার্য শর্ত সে কথা তিনি দৃঢ়তার সঙ্গে বলেছেন। বিশেষকৈ নির্বিশেষে রূপান্তরিত করা, খণ্ডকে অখণ্ডভাবে দেখার ক্ষমতা ডগলাসকে এক মহান শিল্পী হিসেবে প্রতিষ্ঠিত করেছে। বস্তুত, অত্যাচারের এক একটি ঘটনার জন্য ব্যক্তিকে দায়ী

করার চেয়ে তিনি দাসত্ব প্রতিষ্ঠানকেই দায়ী করেন।^৩ এ জন্য মেরীল্যান্ডের দাসদের অবস্থা অন্য স্টেটের দাসদের অবস্থার চেয়ে ভালো কি খারাপ সে প্রশ্ন তাঁর কাছে আবাস্তর। মানুষের মনে দাসত্বের বোঝা যে কি নিদারুণ সে কথাই তিনি বলেছেন এবং এর বিলোপসাধনের মাধ্যমে এর একমাত্র প্রতিকারের জন্য আজীবন সংগ্রাম করেছেন। একজন সমালোচক-- বেঞ্জামিন কোয়ার্লস্ -- ডগলাসের জীবন ও কর্মের ওপর বেশ জ্ঞানগর্ভ আলোচনার পর কিছুটা সংশয় নিয়ে বলেছেন, "ডগলাস কি তাঁর ব্যাপারে কিছুটা অতিরঞ্জিত মত প্রকাশ করছেন না? যদি দাসত্বপ্রথার বিন্দুমাত্র উজ্জ্বল দিক থাকে তো ডগলাসের কাহিনীতে তা খুঁজে পাওয়া যাবে না। আর তাঁর মনিব টমাস আউন্ডেরও তো তাঁর প্রতি কিছু সদৃশ ছিলো। এর প্রতিও কি তিনি ন্যায় বিচার করলেন?"^৪ কিন্তু এমন মন্তব্যের উত্তরে এ কথাই বলা যায় যে ডগলাসের উদ্দেশ্য দাসত্ব প্রথাকেই আঘাত করা এবং ধ্বংস করা, এবং এই উদ্দেশ্যে সহকর্মী দাসদের সচেতন করে তোলা। তাহলে তিনি এই প্রথার তথাকথিত উজ্জ্বল দিক বা তাঁর মনিবের "সদৃশ্য" প্রতি দৃষ্টি দেবেন কেন? স্বাধীনতার অদম্য আকাঙ্ক্ষায় তিনি সঠিক ভাবে দাসপ্রথাকেই দাসদের তথা মানুষের প্রধান শত্রু হিসাবে চিহ্নিত করে তার বিরুদ্ধে মরনপণ সংগ্রাম করেছেন।

দাসত্বের পাশবিক প্রভাব এবং আত্ম-হস্তারক ভূমিকা সম্পর্কে ডগলাস যে এই প্রথার বাইরে অবস্থানরত কারো চেয়ে কম সচেতন ছিলেন না তা স্পষ্ট হয় যখন তিনি সহকর্মী দাসদের নানা কুসংস্কার ও নির্বুদ্ধিতার কঠোর সমালোচনা করেন। ধনী মালিকের দাসরা নিজেদের সৌভাগ্যবান মনে করে গৌরব বোধ করতো এবং অপেক্ষাকৃত গরীব মালিকের দাস সম্পর্কে কটুকাটব্য করতো। অনেকে আবার বিশ্বাস করতো যে বিশেষ এক ধরনের শেকড় সঙ্গে রাখলে তা ক্রুদ্ধ মনিবের বা ওভারসিয়ারের মনে করুণা উদ্বেক করতো, এবং এ ভাবে ক্রীতদাস নানা নিপীড়ণ থেকে রক্ষা পেতে পারতো। আবার, ক্ষেত্রের সঙ্গে ডগলাস লক্ষ্য করতেন যে নাচগানে, মদ্যপানে উচ্ছৃঙ্খল অবসর যাপনের পর দাসরা উৎফুল্ল চিত্তে যেত দাসত্বের ঘানি টানতে; গিয়ে তারা পরস্পরের সঙ্গে প্রতিযোগিতা করে ও বেশী সময়ে পরিশ্রম করে ফসল উৎপাদন করতো মনিবের প্রশংসালভের জন্য। দাসদের এইসব নির্বুদ্ধিতা, কুসংস্কার ও অসচেতনতার তীব্র সমালোচনা করেন ডগলাস, কিন্তু তাঁর সমালোচনা একজন ভুক্তভোগীর কি সহভোক্তারই সমালোচনা। দাসেরা যে অমানবিক একটি প্রতিষ্ঠানের অসহায় শিকার সে কথা বুঝতে পেরেই তাঁর যত উদ্বেগ।

দাসত্বপ্রথায় খৃষ্ট ধর্মের যে অপব্যবহার করা হয় সে সম্পর্কেও ডগলাসের পর্যবেক্ষণ অত্যন্ত সাহসী ও পুরোপুরি সত্য। তিনি বলেন যে তিনি লক্ষ্য করেছেন যে তথাকথিত ধার্মিক দাস-মালিকরাই দাসদের প্রতি সবচেয়ে বেশী নিষ্ঠুর। ক্রীতদাসদের কঠিন শাস্তি দিতে এদের জুড়ি নেই। ধর্মীয় অনুশাসনকে এরা নিজেরা পালন না করলেও দাস শ্রম শোষণের, পরজীবনের ভয়ভীতি, লোভলালসার উদ্রেকের, এবং নিবীৰ্যকরণের বা তাদের সুপ্ত ক্ষোভ অবদমনের কাজে সহজ হাতিয়ার হিসেবে ব্যবহার করতো। জীবন কাহিনীর পরিশিষ্টে অবশ্য ডগলাস ধর্ম সম্পর্কে তাঁর এই সব সত্য ও "রুঢ়" মন্তব্যের জন্য কিছুটা আপোষকামী স্বরে নিজেকে একজন খাঁটি খৃষ্টান হিসেবে জাহির করতে চেয়েছেন। কিন্তু দাস-মালিকদের ধর্মীয় ভণ্ডামি এবং স্বার্থোদ্ধারে ধর্মের অপব্যাখ্যা যে দাসদের শোষণের নামান্তর মাত্র সে বিষয়ে ডগলাসের বক্তব্য নিজের খৃষ্টান বিশ্বাসের চেয়ে বেশী জোরালো।

তাঁর কাহিনীতে ডগলাস দাস-ব্যবসা ও উপনিবেশীকরণের প্রাথমিক অবস্থা সম্পর্কেও একটি ঐতিহাসিক সত্য পর্যবেক্ষণ করেছেন। আফ্রিকায় ইউরোপীয় আগন্তুকদের সম্পর্কে তিনি এ ভাবে লিখেছেন : "ওরা হলো এক দল সার্থক ডাকাত এর বেশী ওদের সম্পর্কে আর ভাবতে পারি না; সার্থক ডাকাত, যারা নিজেদের ঘরদোর ছেড়ে আফ্রিকায় গিয়ে আমাদের বসতবাটি থেকে আমাদের চুরি করে নিয়ে এসে এই অজানা অচেনা দেশে দাসত্বের নিগড়ে বন্দি করেছে (৮৪)।" দাস-ব্যবসার এই সাদামাঠা ইতিহাসিক বোধ দৈনন্দিন অভিজ্ঞতা এবং চিন্তার অভিজ্ঞতা থেকেই সৃষ্ট।^৫ তাঁর স্বাধীনতার ধারণাও তেমনি কোন দার্শনিক চিন্তার ফল নয়, শৃঙ্খলিত মানুষ হিসেবে তিক্ত অভিজ্ঞতা থেকেই গড়ে উঠেছে তাঁর এই ধারণা।

নিজের জীবন কাহিনীর মাধ্যমে ডগলাস উত্তর পুরুষের কাছে প্রতিভাত হয়েছেন মুক্তির বীর দিশারী হিসেবে। তাঁকে খুব প্রাথমিক, বলতে গেলে একেবারে ক্যালিবানের পর্যায় থেকে দাসত্বের বিরুদ্ধে সংগ্রাম করতে হয়েছে। এ জন্য নিজের স্বাধীনতার ধারণাকে কোন দার্শনিক রূপ দান তাঁর জন্য ছিলো অবাস্তব। ইতিহাসের নিকৃষ্টতম দাস-প্রথার ভেতর একজন দাস হিসেবে বাস করে তিনি এই প্রথার মুখোমুখি দাঁড়িয়েছিলেন। মুক্তির স্পৃহা কথ্য লিখেছেন খুব আবেগভরে :

মুক্তির রূপের শিক্ষা অন্তরে আমার বেজেই চলেছিলো। আমার

আত্মাকে জাগিয়ে রেখেছিলো তা। . . . আমি আশেপাশের

প্রতিটি শব্দে শুনতাম এর ডাক, প্রতিটি দৃশ্যে একে দেখতাম।

আমার হতচ্ছাড়া অবস্থার প্রতি মুহূর্তে এই শিক্ষা ছিলো সদা বর্তমান। একে না দেখে আমার কিছুই চোখে পড়তো না, এর ডাক না শুনে আমার কিছুই কানে ঢুকতো না, একে অনুভব না করে আমি কিছুই বোধ করতাম না। আকাশের প্রতিটি নক্ষত্র থেকে স্বাধীনতা আমার দিকে চেয়ে থাকতো, যখন আবহাওয়া শান্ত-- দেখতাম স্বাধীনতা হাসছে, প্রতিটি বায়ু সঞ্চালনে আমি অনুভব করতাম এর শ্বাসবায়ু, এবং প্রতিটি ঝড়ে দেখতাম এর উন্মাতাল চলাচল (১২৩)।

স্বাধীনতার এই মৌলিক বোধ আরো লক্ষ দাস-প্রাণে জাগিয়ে তোলার শক্তি ও যোগ্যতা ডগলাসের ছিলো। তিনি করেও ছিলেন তা। পালিয়ে গিয়ে স্বাধীন হবার পর দাসত্বনিবারণকারীদের (Abolitionist) সঙ্গে মিলে তিনি দাসত্ব প্রথা বিলোপের উদ্দেশ্যে সাদাদের নানা প্রতিরোধ সত্ত্বেও জীবনের ঝুঁকি নিয়ে ব্যাপকভাবে ভ্রমণ করে বিভিন্ন স্থানে সভা সমিতিতে বক্তৃতা দিয়ে এবং পত্রপত্রিকায় লিখে এক কিংবদন্তীর মানুষে পরিণত হন। নিজে দীর্ঘদিন-- ১৮৪৭ থেকে ১৮৬৩ পর্যন্ত এক মাসিক পত্রিকা সম্পাদনা করেন, যার নাম দেন North Star। ফেরারী ক্রীতদাসেরা এই নক্ষত্রেই পেতো উত্তরের মুক্তাঞ্চলে পালানোর দিক নির্দেশনা।

যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধের সময় ডগলাস সক্রিয়ভাবে আব্রাহাম লিংকনের পক্ষে কাজ করেন। নিজের ছেলেকেও তিনি যুদ্ধে পাঠান Unionist-দের পক্ষে লড়াবার জন্য। সে সময় লিংকনকে লেখা এক চিঠিতে কি করে গৃহযুদ্ধ বন্ধ করা যায় সে সম্পর্কে তিনি লিখেছেন, "উত্তরের দাস ও মুক্ত কালো মানুষদের দক্ষিণে নিয়ে গিয়ে সেখানে তাদের মুক্তির পতাকা হাতে ধরিয়ে দিন, দেখবেন যুদ্ধ থেমে গেছে।" তিনি ব্যক্তিগতভাবে গিয়ে লিংকনের সঙ্গে দেখাও করেন এবং কালো সৈন্যদের খেতাজ সেনাদের সমান বেতন ও মর্যাদা প্রদানের অনুরোধ জানান। নীতিগতভাবে লিংকন তাঁর এই অনুরোধ মেনে নিলেও তাঁকে আরো কিছুকাল অপেক্ষা করতে বলেন কারণ জাতি তখনো কৃষ্ণাঙ্গ সেপাইদের সহজভাবে গ্রহণ করতে শেখনি।^৬ ১৮৬৩ সালে লিংকনের দাসত্বপ্রথা বাতিল বা Emancipation ঘোষণা গৃহযুদ্ধে তাঁর বিজয় নিশ্চিত করে। এ সময়, অর্থাৎ যাকে বলা হয় antebellum days, রাজনৈতিক কর্মকাণ্ডের পাশাপাশি অসংখ্য লেখায় ডগলাস প্রকাশ করেন দাসত্ব বিরোধী জোরালো বক্তব্য। মানুষ যে পণ্য নয়, পণ্ড নয়, মানুষকে শৃঙ্খলিত করে রাখা কি সম্পত্তি হিসেবে ব্যবহার করা যে একটি অস্বাভাবিক আচরণ সে কথাই

ডগলাস তাঁর জীবনে ও সাহিত্যে প্রমাণ করেছেন। তাঁকে মুক্তি দেওয়া হয়নি। তিনি দাস-মালিকের কঠিন হাত থেকে নিজের শৃঙ্খল নিজেই ছিন্ন করেছেন। অতএব স্বাধীনতার প্রকৃত অর্থ তো জানবেন তিনিই।

টীকা :

1. *Narrative of the Life of Frederick Douglass, an American Slave Written by Himself*. Ed. Houston A Baker, Jr. NY: Penguin, rpt. 1986. পরবর্তী উদ্ধৃতিগুলো এই সংস্করণ থেকে গৃহীত এবং বন্ধনী চিহ্নে ব্যবহৃত।
2. লেখাপড়াকে ডগলাস গুরুত্ব দিয়েছেন সবচেয়ে বেশী। দাসত্ববন্ধন ছিন্ন করার দশ বছর পর প্রাক্তন মনিব টমাস আউল্ডের প্রতি ২২ শে সেপ্টেম্বর ১৮৮৪-এ লেখা চিঠিতে (*The Life and Writings of Frederick Douglass vol.1*. Ed. Philips Foner. NY: New Publisher, 1950: 336-343) তাঁর সবচেয়ে বড় অভিযোগ হলো আউল্ড দাসদাসীদের (বিশেষ করে তাঁর তিন বোন এবং এক ভাইকে) লেখাপড়া না শিখিয়ে তাদের আত্মাকে বন্দি করে রেখেছে অজ্ঞতার কারাকোষ্ঠে। তিনি লিখেছেন :

আমার শরীরে মারা চাবুকের ক্ষতের চেয়েও বড় ক্ষত সৃষ্টি করেছেন আপনি আমার ভাইবোনদের আত্মায় তাদের লেখাপড়া না শিখিয়ে। এরা সম্ভবত আজো আপনার খেদমতে বহাল আছে। তাদের অমর আত্মার বিরুদ্ধে আপনি জঘন্য অপরাধ করেছেন। এ জন্য সৃষ্টিকর্তার কাছে একদিন আপনাকে জবাবদিহি করতে হবে।

3. টমাস আউল্ডকে লেখা ওই একই চিঠিতে ডগলাস ব্যক্তি হিসেবে তার মর্য়াদা রক্ষার অঙ্গীকার করে লিখেছেন :

ব্যক্তিগতভাবে আপনার প্রতি আমার কোন আক্রোশ নেই। আমার ছাদের নিচে আপনি যত নিরাপদে থাকবেন তেমনটি আর কোথাও থাকবেন না। আর আমার বাসায় এলে আপনার সুখস্বাস্থ্যের জন্য প্রয়োজন এমন কিছুই অভাব আপনাকে আমি বোধ করতে দেবো না। কারণ তখন আমার একটা সুযোগ হবে, কি করে মানুষ হয়ে মানুষের প্রতি আচরণ করতে হয় আপনাকে তার একটা দৃষ্টান্ত দেখানোর।

৪. Benjamin Quarles কৃত *Frederick Douglass. Rpt.* NY: Athencum Press 1970 গ্রন্থের "Preface" দেখুন।
৫. দাস-ব্যবসার এই ঐতিহাসিক বোধ তাঁর প্রাক্তন মনিব টমাস আউল্ডকে লেখা চিঠিতে ডগলাস আরো বিশদভাবে লিখেছেন :

আপনাকে জিজ্ঞেস করি ব্যাপারটা আপনি কি ভাবে নেবেন- ধরুন, যদি এক অন্ধকার রাতে আরো কিছু পাষাণ্ড শয়তানের যোগসাজসে আমি আপনার সুরম্য গৃহে প্রবেশ করে আপনার নিজের আদরের মেয়ে আমান্দাকে পাকড়ে ধরে তার পরিবার পরিজন, বন্ধুবান্ধব, তার যৌবনের সমস্ত ভালোবাসার পাত্র থেকে বিচ্ছিন্ন করে টেনে হিঁচড়ে নিয়ে আসি? এরপর তাকে আমার ক্রীতদাসীতে পরিণত করি-তাকে দিয়ে করাই হাজারো রকমের কাজ-এবং সে কিছু উপার্জন করলে তা নিজের পকেটস্থ করি-- তার নাম আমার লেজার খাতায় অন্যান্য পশু ও দ্রব্যের নামের সঙ্গে সম্পত্তি হিসেবে লিখে রাখি-তার ব্যক্তিগত অধিকার ইত্যাদির তোয়াক্কা না করে, তাকে লেখাপড়া না শিখিয়ে তার অবিনাশী আত্মার সব সম্ভাবনায় শেকল পরাই-তাকে খাওয়াই কচুঘেচু, পরাই ত্যানা-ন্যাকড়া-- এবং মাঝে মাঝেই তার খোলা পিঠে লাগাই চাবুক; আর এর চেয়েও ভয়াবহ কাজ করি-তাকে অরক্ষিত রাখি নরপিশাচ ওভারসিয়ারদের কাম-লালসার শিকার হতে, তার নিষ্পাপ আত্মাকে একেবারে পচিয়ে খচিয়ে ছিড়েকুঁড়ে ফেলতে, তার সমস্ত মর্যাদা ধূল্যয় লোটাতে, তার সমস্ত গুণাগুণ ধ্বংস করতে এবং নারী জীবনের যত সৌন্দর্য-সৌকর্য, যত সুসমা-মহত্ত্ব আছে সব ধূল্যয় ধূলি হতে? আপনাকে তাই জিজ্ঞেস করি আমি যদি এরকম আচরণ করতাম তো আপনি আমার সম্পর্কে কি প্রতিক্রিয়া ব্যক্ত করতেন ? হলফ করে বলতে পারি মহাবীরব নরকের বেবাক খিস্তি-খেউড়ও আপনার ক্রোধ প্রকাশের জন্য যথেষ্ট হতো না।

৬. Joanne Grant সম্পাদিত *Black Protest : History, Documents, and Analyses-1619 to the Present.* NY: Fawcett Premier, 1968: 105.

বিশ শতকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী অভিবাসনের মাত্রা ও ধারা

এ, কে, এম, নূর-উন-নবী

১. ভূমিকা :

ষোড়শ শতকের মাঝামাঝি সময় থেকে এ পর্যন্ত প্রায় ১০ কোটিরও বেশী মানুষ তাদের বাসভূমি ছেড়ে নতুন স্থানে গিয়ে বসতি স্থাপন করেছে। দৈবক্রমে হোক বা নিজেদের ইচ্ছেই হোক, এ বিশ্ব পরিভ্রমণকারীদের প্রায় অর্ধেক বসতি স্থাপন করেছে মার্কিন যুক্তরাষ্ট্রে।^১ বর্তমানে প্রতি বছর গড়ে প্রায় ৬ লক্ষ মানুষ বৈধভাবে^২ এবং সম্ভবতঃ আরো ১ লক্ষ ৫০ হাজার অবৈধভাবে^৩ যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছে। বিশ্বের মোট জনসংখ্যার ৫ শতাংশের আবাসভূমি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রায় ৫০ শতাংশ আন্তর্জাতিক স্থানান্তরকারীকে গ্রহণ করে থাকে। এর মধ্যে শরণার্থীরা অন্তর্ভুক্ত নয়।^৪ প্রতিবছর মার্কিন যুক্তরাষ্ট্রের জনসংখ্যা বৃদ্ধির প্রায় ২৫ শতাংশ আসছে অভিবাসনের মাধ্যমে।^৫ অন্যকথায়, আন্তর্জাতিক স্থানান্তরকারীদের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে কার্যতঃ একটি সংরক্ষণাগারে পরিণত হয়েছে।^৬ ব্যাপকহারে বহিরাগমন কেবল জনসংখ্যার আকারটিকেই স্ফীত করেনি, দেশের সাংস্কৃতিক উত্তরাধিকার, সামাজিক প্রতিষ্ঠানসমূহ, মিথক্রিয়া ও আত্মভবনের প্রক্রিয়াসমূহ এবং জনবৈজ্ঞানিক কাঠামোকেও পূর্ণগঠিত করেছে।

বিদেশী অভিবাসনকে মার্কিনীরা সব সময়েই যে খোলা মন নিয়ে স্বাগত জানিয়েছে তা নয়। যখন আমেরিকাবাসীরা ঐক্যবদ্ধ থেকেছে এবং নিজেদের ভবিষ্যৎ সম্পর্কে নিশ্চিত ছিল, তখন তারা অন্যদের সাথে সে ভবিষ্যৎ ভাগাভাগি করে নিতে দ্বিধা করেনি। কিন্তু যখনই তাদের মধ্যে মতদ্বৈততা দেখা দিয়েছে বা তারা ভবিষ্যৎ সম্পর্কে অনিশ্চিত হয়ে পড়েছে, তখনই তারা অভিবাসন বিরোধী আন্দোলনে নেমেছে।^৭

অনিশ্চয়তার ভিত্তি হিসেবে বিভিন্ন সময়ে জাতীয় ও আন্তর্জাতিক পটে সাংস্কৃতিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতির পরিবর্তনের ফলে সৃষ্ট বিভিন্ন ভিত্তি কাজ করেছে। বেঞ্জামিন ফ্রাংকলিনের জার্মান ভাষা ও সংস্কৃতির সর্বগ্রাসী আধিপত্যের ভয়, ফেডারেলপন্থীদের আইরিশ ও ফরাসীদের নাশকতামূলক রাজনৈতিক তৎপরতার ভয়, বিশ্ব যুদ্ধগুলোর সময় গুপ্তচর ও ধ্বংসকারীদের ঢুকে পড়ার ভয়, কাজের বাজারে সংকট সৃষ্টির ভয় ইত্যাদির কথা উল্লেখ করা যেতে পারে। এ সকল পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রের সরকারকে বিদেশী

অভিবাসনের উপর নিয়ন্ত্রণমূলক আইন প্রণয়ন করতে হয়েছে। এ নিয়ন্ত্রণের অর্থ ছিল নির্দিষ্ট রাষ্ট্রীয় উদ্দেশ্য সাধনে সহায়তা করে এমন কিছু সতর্কতার সাথে নির্বাচিত মুষ্টিমেয় অভিবাসী ছাড়া অন্যদের স্থায়ীভাবে বসবাসের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ নিষিদ্ধকরণ। নির্বাচন পদ্ধতিটি এমনভাবে করা হয়েছে যেন বিদেশী অভিবাসীরা যুক্তরাষ্ট্রের অধিবাসীদের সমাজ ও অর্থনীতিতে হুমকি হয়ে না দাঁড়ায়।^৮ ফলস্বরূপ, কখনো বিদেশী অভিবাসন কমেছে, আবার কখনো বেড়েছে, কিন্তু একেবারে বন্ধ হয়ে যায়নি কখনো।

অভিবাসনের উপর ব্যাপকভাবে বিভিন্ন রাষ্ট্রীয় নিয়ন্ত্রণগুলো আরোপিত হয়েছে মূলতঃ বিশ শতকেই, যদিও এর গুরুটি হয়েছিল উনিশ শতকের শেষার্ধ্বে ১৮৮০ সনের চীনাঙ্গের যুক্তরাষ্ট্রে প্রবেশ নিষিদ্ধকরণ আইন পাস করার মাধ্যমে। অন্যদিকে, উনিশ শতকের অভিবাসন ছিল নিয়ন্ত্রণহীন। উনিশ শতকপূর্ব অভিবাসন অবাধ থাকলেও শাসনতন্ত্র গ্রহণের পূর্ব পর্যন্ত অধিকাংশ ভাবেই তা ছিল পরাধীন প্রকৃতির। এ সব পরিবর্তন মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসনের প্রকৃতি, রূপ, মাত্রা ও ধারার সাথে সাথে অভিবাসীদের উৎস, জাতিগত, জনবৈজ্ঞানিক ও আর্থ-সামাজিক বৈশিষ্ট্যসমূহেরও পরিবর্তন ঘটিয়েছে। এ প্রেক্ষিতটি মনে রেখে এ নিবন্ধে বিশ শতকপূর্ব অভিবাসনের উপর একটি সংক্ষিপ্ত আলোচনাসহ বিশ শতকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী অভিবাসনের রূপ, মাত্রা ও ধারার উপস্থাপন করা হয়েছে।

২. বিশ শতকপূর্ব অভিবাসন :

বিশ শতকপূর্ব অভিবাসনকে দুটো ভিন্ন সময়ের প্রেক্ষিতে আলোচনা করা হবে- ঔপনিবেশিক আমল ও উপনিবেশোত্তর আমল। কারণ, এ দুটো সময়ে যুক্তরাষ্ট্রে অভিবাসনের প্রকৃতিটি ছিল ভিন্ন। ঐতিহাসিক গুরুত্বের দিক থেকে এ ভিন্নতাটি তাৎপর্যপূর্ণ। ১৭৮৭ সনে অঙ্গরাষ্ট্রগুলো কতৃক শাসনতন্ত্র গ্রহণ এ তাৎপর্যের ভিত্তি প্রস্তুত করেছে।

ক. উপনিবেশিক আমল

উপনিবেশিক আমলে মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসনের প্রকৃতি ও আকারের উপর সঠিক উপাত্তের ভিত্তিতে একটি ঐতিহাসিক ধারার উপস্থাপন বেশ কষ্টসাধ্য। কেননা, জনসংখ্যার চলাচলের বিষয়টির বিশ্ব ইতিহাসে এতই সুস্পষ্ট যে ঐতিহাসিকগণ এ বিষয়টি প্রতি অতি সাম্প্রতিক কালের পূর্বেও খুব কম মনযোগ দিয়েছেন।^৯ যুক্তরাষ্ট্রে অভিবাসনের উপর প্রথমবারের

মত উপাত্ত সংকলিত হয় ১৮২০ সনে। কাজেই ১৮২০ সন পূর্ববর্তী সময়ের অভিবাসন সম্পর্কিত তথ্যের উপস্থাপনা হবে অনুমানমূলকও বা এলাকাভিত্তিক।

১৬০৭ সনে ভার্জিনিয়ার জেমসটাউনে ১০৫ জনের প্রথম ইংরেজ বসতিটি স্থাপনের মাধ্যমে যুক্তরাষ্ট্রে অভিবাসন প্রক্রিয়াটির গোড়াপত্তন ঘটেছিল।^{১০} একেবারে শুরু দিকে যুক্তরাষ্ট্রে অভিবাসনটি ছিল পরাধীন। প্রথমতঃ বৃটিশ ফটকাবাজরা মানুষকে পাঠাতো বাধ্য করে- কখনো শাস্তিক অর্থে, আবার কখনো কোন কোন কোম্পানী বা আবাদকারীর সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে। দ্বিতীয়তঃ দস্তপ্রাপ্ত আসামীদের বৃটেন থেকে যুক্তরাষ্ট্রে প্রেরণ। প্রাক্কলিত হিসেবে দেখা গেছে যে সপ্তদশ শতকে অল্প কিছু এবং অষ্টাদশ শতকে প্রায় ৫০ হাজার দণ্ডিত অপরাধীকে বৃটেন যুক্তরাষ্ট্রে পাঠিয়েছে।^{১১} তৃতীয়তঃ দাস বানিজ্যের মাধ্যমে। প্রায় ৩ লক্ষ ৫০ হাজার আফ্রিকান ক্রীতদাস বিক্রয়ের জন্য এ সময়ে যুক্তরাষ্ট্রে এসেছিল।^{১২}

স্বাধীনভাবে অভিবাসন শুরু হয় মধ্য সপ্তদশ শতকের পর যখন মৃত্যুহারটি কমতে শুরু করেছে। তামাক বানিজ্য থেকে মুনাফা অর্জনের উদ্দেশ্যে তুলনামূলকভাবে সমৃদ্ধিশালী ব্যক্তিবর্গ ও তাদের পুত্রসন্তানেরা অল্প অল্প করে যুক্তরাষ্ট্রে অভিবাসন ঘটিয়েছে। ধর্মীয় উপনিবেশ স্থাপনের মাধ্যমে আরেকটি বিশেষ ধরণের অভিবাসন ঘটেছিল এ সময়ে।

প্রথমদিকে অভিবাসীদের মূল যোগানদার থাকলেও ১৬৮০ সনের পর ইংল্যান্ড সে আধিপত্য হারিয়েছে। আইংরেজ ইউরোপীয়রা এসেছে সপ্তদশ শতকের শেষে ও অষ্টাদশ শতকে। এ অবৃটিশ অভিবাসনের মূল যোগানদার ছিল জার্মান, স্কচ-আইরিশ, স্কটিশ, আইরিশ, ওয়েলশ্, ডাচ, ফ্রেঞ্চ ও স্প্যানিশ জাতীয়তার জনগোষ্ঠী। এ ছাড়াও অল্প সংখ্যক সুইড্ ও ইহুদী অভিবাসী এ সময়ে যুক্তরাষ্ট্রে এসেছে। স্কটিশরা ছাড়া বাকীদের অভিবাসনগুলো ছিল অধিকাংশই মুক্ত। তুলনামূলকভাবে বৃটিশদের তুলনায় উন্নততর কাজের ও জীবন ধারণের মানের অভিজ্ঞতায় সিদ্ধিত ছিল এরা। ধর্মীয় ও রাজনৈতিক ভিন্নমতাবলম্বনকারী স্কটিশদের এবং অপরাধীদের যুক্তরাষ্ট্রে নির্বাসন দেয়া হত, অন্ততঃ ১৭৩০ সন পর্যন্ত। রাজা ফ্রমওয়েল স্কটিশদের পরাজিত করার পর শত শত যুদ্ধবন্দীকে যুক্তরাষ্ট্রে পাঠিয়ে দিয়েছেন। তবে ১৭৩০- এর পরে স্বেচ্ছামূলক অভিবাসন প্রাধান্য পেয়েছে।^{১৩}

ঔপনিবেশিক আমলে ১০ লক্ষের মত অভিবাসী যুক্তরাষ্ট্রে এসে বসতি স্থাপন করেছে, যার প্রায় ৬ লক্ষ ছিল ইউরোপীয় ও সম্ভবতঃ ৩ লক্ষ ছিল আফ্রিকান। এদের মধ্যে প্রায় অর্ধেক

ইউরোপীয় ও সকল আফ্রিকানই ছিল কোন না কোনভাবে পরাধীন। অন্যকথায়, এ সময়ে স্বাধীন বা মুক্ত অভিবাসীরা ছিল নিতান্তই সংখ্যালঘিষ্ট। এ উপনিবেশ স্থাপনকারী অভিবাসীরা এ যাবৎকাল পর্যন্ত যুক্তরাষ্ট্রে আগত সকল অভিবাসীর মাত্র ২ শতাংশ হলেও যুক্তরাষ্ট্রের ইতিহাস, সংস্কৃতি ও সমাজজীবনে অপরিমেয় প্রভাব ফেলেছে।^{১৪}

খ. উপনিবেশোত্তর আমল

বিপ্লবের সময় ও তৎপরবর্তী বছরগুলোতে যুক্তরাষ্ট্রে তুলনামূলকভাবে অভিবাসন ঘটেছে। ১৭৯০ থেকে ১৮২০ সন পর্যন্ত জনসংখ্যার বৃদ্ধিটি ঘটেছে মূলতঃ প্রাকৃতিক বৃদ্ধির ফলে।^{১৫} কিন্তু ১৮২০ সনের পরে অবস্থার পরিবর্তন ঘটেছে। অভিবাসনের হার বেড়ে গিয়ে ১৮৫০ ও ১৮৮০-এর দশকগুলোতে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছিল। সারানী-১ থেকে এটি স্পষ্ট বোঝা যায় যে সাধারণভাবে ১৮২৫ সন থেকে অভিবাসনের সংখ্যা বেড়েছে প্রতিটি দশকে। যে দু'টো বিচ্যুতি পরিলক্ষিত হয় (১৮৬০ ও ১৮৯০-এর দশকে) সে দু'টো সহজেই ব্যাখ্যা করা যায়। ১৮৬০-এর দশকের হ্রাসটি ঘটেছে গৃহযুদ্ধের কারণে, এবং ১৮৯০-এর দশকে ঘটেছে সে দশকের দীর্ঘস্থায়ী মন্দার ফলে।^{১৬}

এ শতকে আইরিশ, জার্মান ও স্ক্যান্ডিনেভিয়রা (সুইডেন, নরওয়ে ও ডেনমার্ক) সবচেয়ে বেশী প্রাধান্য বিস্তার করেছে।^{১৭} ১৮২০ থেকে ১৯০০ সন পর্যন্ত সব মিলিয়ে ৪০ লক্ষেরও বেশী আইরিশ অভিবাসী যুক্তরাষ্ট্রে এসেছে। ১৮২০ থেকে ১৮৬০ সন পর্যন্ত কোন দশকেই আইরিশ অভিবাসীরা যুক্তরাষ্ট্রে আগত সকল অভিবাসীর এক তৃতীয়াংশের কম ছিল না। পরবর্তী দশকগুলোতে শতাংশের মাত্রাটি কমে গেলেও নিরংকুশ অভিবাসীর সংখ্যাটি কিন্তু উচ্চই ছিল। যেমন, ৪০ লক্ষ আইরিশ অভিবাসীর প্রায় ২০ লক্ষ এসেছে ১৮৬০ এর দশকের পূর্বে এবং বাকী ২০ লক্ষ এসেছে ১৮৬০ - ১৯০০ সন সময়কালে। মোট অভিবাসনের ক্ষেত্রে আইরিশদের শতকরা মাত্রাটি কমে যাওয়ার কারণটি ছিল অন্যান্য দেশ থেকে আরো বেশী পরিমাণে অভিবাসীর আগমন, বিশেষ করে জার্মান ও স্ক্যান্ডিনেভিয়দের আগমন।

১৮২০ - ১৯০০ সন সময়কালে সর্বমোট প্রায় ৫৩ লক্ষ জার্মান অভিবাসী যুক্তরাষ্ট্রে এসেছে। ১৮৩০ থেকে ১৮৮০-এর দশক পর্যন্ত কখনই জার্মানরা এ শতকে যুক্তরাষ্ট্রে আগত সকল অভিবাসীর এক-চতুর্থাংশের কম ছিল না। শতকের শেষ দশকে অভিবাসনের মাত্রাটি

১৩.৭ শতাংশ নেমে এলেও নিরংকুশ সংখ্যাটি ছিল ৫ লক্ষেরও বেশী। সবচেয়ে বেশী জার্মান অভিবাসীর আগমন ঘটেছে ১৮৮০- এর দশকে। সংখ্যা ১৪ লক্ষ ৫০ হাজারেরও বেশী।

স্ক্যান্ডিনেভিয় দেশভুক্ত জনগোষ্ঠীর অভিবাসনের মাত্রাটি আইরিশ ও জার্মানদের তুলনায় অনেক কম ছিল। ১৮২০ - ১৯০০ সন সময়কালে সর্বমোট প্রায় ১৪ লক্ষের বেশী স্ক্যান্ডিনেভিয় মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছে। এর মধ্যে অর্ধেকেরও বেশী (৭ লক্ষ ৭০ হাজারের কিছু বেশী) এসেছে সুইডেন থেকে, প্রায় ৪ লক্ষ ৪০ হাজার এসেছে নরওয়ে এবং ১ লক্ষ ৯০ হাজারের কিছু বেশী এসেছে ডেনমার্ক থেকে। আইরিশ ও জার্মানদের তুলনায় স্ক্যান্ডিনেভিয় অভিবাসনের মাত্রাটি কম হলেও এসব দেশের নিজস্ব জনসংখ্যার তুলনায় এ সংখ্যাগুলো বেশ বড় ছিল। স্ক্যান্ডিনেভিয়দের মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসনটি সর্বোচ্চ মাত্রায় ঘটেছিল ১৮৮০- এর দশকে।

ইউরোপ থেকে ব্যাপকহারে যুক্তরাষ্ট্রে অভিবাসনের বিভিন্ন কারণ ছিল। জার্মানরা এসেছিল নিজদেশে যুদ্ধ ও নির্যাতন থেকে নিষ্কৃতি পাবার জন্য আইরিশরা এসেছিল সরকারী নির্যাতন ও অনুপস্থিত ভূস্বামীদের দ্বারা সৃষ্ট দারিদ্র্যকে এড়ানোর জন্য। স্কটল্যান্ড ও সুইজারল্যান্ড থেকেও দারিদ্রের কবল থেকে মুক্তির জন্য মানুষ দলে দলে দেশ ত্যাগ করেছে। নরওয়েজিয়ানদের ক্ষেত্রে অত্যধিক জনসংখ্যার চাপ ও ধর্মীয় অসহনশীলতার বিষয়গুলো প্রধান ভূমিকা পালন করেছে উনিশ শতকের নরওয়েজিয় বহির্গমনে।

উনিশ শতকে বলা যায় যুক্তরাষ্ট্রে অভিবাসনের শতক। এ সময় যুক্তরাষ্ট্রে অভিবাসন ছিল অনেকাংশে অবাধ ও মুক্ত। তবে এ স্বাগতম একেবারে নিখাদ ছিল না। এ শতকে অভিবাসন বিরোধী কর্মকাণ্ডের মধ্যে ক্যাথলিক বিরোধী আন্দোলন (প্রধানতঃ আইরিশ ক্যাথলিকদের বিরুদ্ধে) ও এশীয় অভিবাসন বিরোধী আন্দোলনের (বিশেষ করে চীনা অভিবাসীদের বিরুদ্ধে যা ১৮৮২ সনের চীনা প্রবেশ নিষিদ্ধকরণ আইনের জন্ম দিয়েছে) কথা উল্লেখযোগ্য।^{১৮}

৩. বিশ শতকে অভিবাসন :

বিশ শতকে এ পর্যন্ত (১৯০১-১৯৯০ সন সময়কাল) প্রায় ৪ কোটি অভিবাসী মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছে, যা উনিশ শতকের অবাধ ও মুক্ত অভিবাসনের যুগে আগত মোট অভিবাসীর দ্বিগুণ। সংখ্যাগত দিক থেকে সাম্প্রতিক কালের অভিবাসন উনিশ শতকের তুলনায় বেশী হলেও মার্কিন যুক্তরাষ্ট্রের মোট জনসংখ্যার প্রেক্ষিতে অভিবাসনের হার তত বেশী নয়। এমন কি এ শতকের গোড়ার দিকের তুলনায় পরবর্তীকালের অভিবাসনের হার অনেক কম। যেমন, ১৯০১-

১৯১০ সন সময়কালে অভিবাসীর সংখ্যা ছিল মোট জনসংখ্যার ৯.৬ শতাংশ। ১৯৬০-৭০- এর দশকে এ সংখ্যা ছিল ১.৬ এবং ১৯৭০-৮০- এর দশকে ২.০ শতাংশ।^{১৯}

সময় ও ঘটনার তাৎপর্যের ভিত্তিতে যদি এ শতকের গত ৯০ বছরকে ঠিক সমান দুটো সময়কালে ভাগ করা যায় - দ্বিতীয় বিশ্বযুদ্ধপূর্ব সময় (১৯০১-৪৫ সন) ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময় (১৯৪৬-৯০ সন), তবে দেখা যাবে যে মোট সংখ্যার ভিত্তিতে অভিবাসনের মাত্রা দুটো সময়েই সমান রয়েছে। অর্থাৎ গত ৯০ বছরে আগত সকল অভিবাসীর ৫১ শতাংশ এসেছে প্রথম ৪৫ বছরে (দ্বিতীয় বিশ্বযুদ্ধপূর্ব সময়ে) এবং বাকী ৪৯ শতাংশ এসেছে পরবর্তী ৪৫ বছরে (দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে)। কিন্তু এত সরলভাবে দেখলে এ শতকে অভিবাসনের ধারার বৈচিত্র্যটি অনুধাবন করা যাবে না। কেন না, বিশ শতকের অভিবাসন উনিশ শতকের মত অবিচ্ছিন্ন, অবাধ ও মুক্ত নয়। যুক্তরাষ্ট্রের ইতিহাসে অভিবাসনকে সবচেয়ে বেশী নিয়ন্ত্রিত করার চেষ্টা করা হয়েছে এ শতকে। এ নিয়ন্ত্রণ প্রথমদিকে শুধুমাত্র এশীয়দের ক্ষেত্রেই প্রযোজ্য ছিল তীব্রভাবে। ইউরোপীয় ও আফ্রিকানদের উপর কিছু কিছু বিধি নিষেধ আরোপিত হয় ১৯২১, বিশেষ করে ১৯২৪ সন থেকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এশীয়দের ক্ষেত্রে নিয়ন্ত্রণটি শিথিল করা হলেও বিশ্বজনীনভাবে অভিবাসনকে আরও নিয়ন্ত্রণ করা হয়েছে। সে নিয়ন্ত্রণমূলক আইনগুলো কখনো বা যুক্তরাষ্ট্রের ভেতরের এবং কখনো বা বাইরের সাংস্কৃতিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ঘটনাসমূহের কারণে সৃষ্ট।^{২০} এ সব পরিবর্তনের আলোকে এ শতকের অভিবাসনের মাত্রা ও ধারাটিকে দেখলেই একমাত্র তার বৈচিত্র্যটি অনুধাবন করা সম্ভব হবে।

ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধপূর্ব সময়

সাধারণভাবে কোন নিয়ন্ত্রণ না থাকায় বিশ শতকের প্রথম দই দশকে (১৯১০ ও ১৯২০ - এ দশক) প্রচুর পরিমাণে বিদেশী অভিবাসী মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছে। বিশেষ করে, ১৯৯০ -এর দশকে যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্বোচ্চ হারে অভিবাসন ঘটেছে (সারণী-২ দেখুন)। বিশ শতকে ১৯৯০ সন পর্যন্ত আগত সকল অভিবাসীর ৪৪.৬ শতাংশ এসেছে এ শতকের প্রথম ২৪ বছরে (১৯০১-২৪ সন সময়কালে, অর্থাৎ ১৯২৪ সনের অভিবাসন আইন কার্যকর হবার পূর্বে)। পরবর্তী ৬ বছরে (১৯২৫-৩০ সন) এসেছে ৪.৭ শতাংশ, এবং এর পরের ১৫ বছরে (১৯৩১-৪৫ সন) এসেছে মাত্র ১.৮ শতাংশ। ১৯২৫-৩০ সন সময়কালে ব্যাপক হারে নিম্নগামী অভিবাসনের মাত্রার পেছনে কাজ করেছে ১৯২৪ সনের নিয়ন্ত্রণমূলক অভিবাসন আইনটি। ১৯৩১-৪৫ সন সময়কালে

সর্বনিম্ন মাত্রায় অভিবাসনের পেছনে দুটো কারণ প্রধান - একটি হলো ১৯৩০ - এর দশকের মহামন্দা এবং অন্যটি হলো দ্বিতীয় বিশ্বযুদ্ধ। ১৯৩০ -এর দশকে মাত্র ৫ লক্ষ ২৮ হাজার অভিবাসী এসেছে যুক্তরাষ্ট্রে। ১৯৩২-৩৫ সনে অভিবাসীর সংখ্যার তুলনায় বহির্গমনকারীর সংখ্যা ছিল বেশী। অর্থাৎ, এ ৪ বছরে ক্রমাগতভাবে প্রতি বছর যুক্তরাষ্ট্রে ঋণাত্মক অভিবাসন ঘটেছে। ২১ পুরো দশকে নিট অভিবাসন ঘটেছে মাত্র ৬৮ হাজার, যা গড়ে বছরে ৭ হাজারেরও কম। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়, অর্থাৎ ১৯৪১-৪৫ সন সময়কালে মাত্র ১ লক্ষ ৪১ হাজার অভিবাসী যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছে। তবে বহির্গমনটি কমে গিয়েছিল অনেকখানি।

আমেরিকার অন্যান্য দেশগুলো (নতুন বিশ্ব), বিশেষ করে কানাডা ও মেক্সিকো থেকে ব্যাপকহারে যুক্তরাষ্ট্রে অভিবাসনের মাধ্যমে এ সময়ে একটি নতুন ধারার সৃষ্টি হয়েছিল। সামগ্রিকভাবে, অভিবাসীদের প্রধান উৎস হিসেবে ইউরোপ তার প্রাধান্য বজায় রাখলেও ১৯২১-২৪ সন সময়কালে নতুন বিশ্বের দেশগুলো যোগান দিয়েছে ৩৭.২ শতাংশ অভিবাসীর। ২২

খ. দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর সময়

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর অভিবাসনের মাত্রা আবার বৃদ্ধি পেতে থাকে। যেখানে ১৯৪১-৪৫ সন সময়কালে এসেছিল মাত্র ১ লক্ষ ৪১ হাজার, সেখানে ১৯৪৬-৫০ সন সময়কালে এসেছে ৮ লক্ষ ৯৪ হাজার অভিবাসী। এরপর থেকে ক্রমবর্ধমান হারে অভিবাসনকারীর সংখ্যা বেড়েছে প্রতিটি দশকে। ১৯৮০ -এর দশকে মার্কিন যুক্তরাষ্ট্রে আগত অভিবাসীর সংখ্যা গিয়ে দাঁড়ায় ৭৩ লক্ষ ৩৮ হাজারে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর সময়ে অভিবাসনের মাত্রা বেড়ে যাবার পেছনে আন্তর্জাতিক রাজনৈতিক ঘটনাবলীই প্রভাব ফেলেছে বেশী, যার প্রতিফলন গিয়ে পড়েছে বিভিন্ন সময়ে প্রণীত অভিবাসন সম্পর্কিত আইনগুলোতে। বিশ্বযুদ্ধের পক্ষ-বিপক্ষের লড়াইয়ে খেসারত দিতে হয়েছে জাপানীদের। অন্যদিকে বন্ধুত্বের পুরস্কার স্বরূপ উত্তম আচরণের জন্য ১৮৮২ সনের Chinese Exclusion Act. বাতিল ঘোষণা করে ১৯৪৩ সনে একটি প্রতীকী কোটার অনুমোদন দেয়া হলো চীনাদের। ১৯৪৬ সনের আইন ফিলিপাইন ও ভারতীয় অধিবাসী জনগোষ্ঠীর জন্যও একটি ক্ষুদ্র কোটা অনুমোদন করেছে। ১৯৫২ সনের আইনের উদারনৈতিক সংস্কারগুলো ১৯৬৫ সন পর্যন্ত ১৩ বছরে ৩৫ লক্ষ বৈধ অভিবাসীকে যুক্তরাষ্ট্রে ঢুকতে সাহায্য করেছে। ইউরোপীয় অভিবাসীদের উপর কড়া বিধি-নিষেধ আরোপের ফলে ল্যাটিন আমেরিকার দেশগুলো থেকে

প্রচুর পরিমাণে অভিবাসী যুক্তরাষ্ট্রে আসতে পেরেছে। এ আইনের ফাঁক গলিয়ে এটর্নী জেনারেল Parole Power ব্যবহারের মাধ্যমে "ঠাভা লড়াই"-এর শরণার্থীদের যুক্তরাষ্ট্রে প্রবেশের সুযোগ করে দিয়েছেন।

১৯৬৫ সনের অভিবাসন আইনটি যুক্তরাষ্ট্রের অভিবাসনের ইতিহাসের ধারাটির সম্পূর্ণ পরিবর্তন ঘটালো। এ আইন এশীয়দের প্রতি বৈষম্যের শেষ চিহ্নটি দূর করে দিয়েছে। পশ্চিম গোলাার্ধের অভিবাসীদের উপর সর্বপ্রথম একটি সীমা নির্ধারণ করা হলো। এর ফলে অভিবাসনের পরিমাণ বেড়ে গেল প্রচণ্ডভাবে। এ আইনটিতে বছরে ২ লক্ষ ৯০ হাজারের একটি বিশ্বজনীন সর্বোচ্চ সীমা বেঁধে দেয়া থাকলেও আগমনকারীদের প্রকৃত সংখ্যাটি ছিল অনেক বড়। ১৯৭৬ থেকে ১৯৮৫ সন পর্যন্ত সময়কালের মধ্যে গড়ে ৫ লক্ষ ৪৬ হাজার অভিবাসী যুক্তরাষ্ট্রে এসেছে, যা ছিল ধারণাকৃত সর্বোচ্চ সীমার চেয়ে ৮৮ শতাংশ বেশী।^{২৩} পাশাপাশি ক্রমবর্ধমান হারে অবৈধ অভিবাসীর সংখ্যাও বেড়ে গিয়েছে প্রচণ্ডভাবে। এ অবৈধ অভিবাসীদের বৈধকরণের জন্য ১৯৮৬ সনে একটি অভিবাসন সংস্কার ও নিয়ন্ত্রণ আইন পাশ হয় যার মাধ্যমে ১৯৮০ - এর দশকের শেষ দুবছরে (১৯৮৯ ও ১৯৯০ সন) ১৩ লক্ষ ৫৯ হাজার অবৈধভাবে বসবাসকারী ব্যক্তিদের নাগরিকত্ব প্রদান করা হয়েছে। যার ফলে ১৯৮০-এর দশকের সংখ্যাটি হঠাৎ করে বড় হয়ে গিয়েছে। বৈধকৃত ব্যক্তিদের বাদ দিলে সে দশকের প্রকৃত অভিবাসীর সংখ্যাটি গিয়ে দাঁড়ায় ৫৯ লক্ষ ৭৯ হাজারে। এ আইনের ফলে যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাসকারীদের সংখ্যা কমলেও এমন কোন প্রমাণ পাওয়া যায়নি যাতে করে বলা যায় যে ১৯৮৬ সনের আইন অবৈধ অভিবাসীদের আগমন বন্ধ করে দিতে পেরেছে।^{২৪}

সামগ্রিকভাবে, দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর সময়ে ইউরোপীয় অভিবাসনের মাত্রা কমেছে তীব্রভাবে এবং নতুন বিশ্বের (আমেরিকার অন্যান্য দেশ সমূহ) পাশাপাশি এশীয় অভিবাসনের আরেকটি নতুন ধারার সৃষ্টি হয়েছে। জনবৈজ্ঞানিক দিক থেকে এশীয় আমেরিকান জনগোষ্ঠীর প্রবৃদ্ধিটি ছিল বিস্ময়কর। যেখানে ১৯৪০ সনে মার্কিন যুক্তরাষ্ট্রের মোট জনসংখ্যার মাত্র ০.৪ শতাংশ ছিল এশীয় আমেরিকানরা, সেখানে ১৯৮০ সনে সে সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ১.৫ শতাংশে।^{২৫} অন্যভাবে বলা যায় যে, (সারানী-৩ দেখুন) ১৯৬১-৭০ দশকে মাত্র ৪ লক্ষ ৪৫ হাজারের কিছু বেশী এশীয় অভিবাসী যুক্তরাষ্ট্রে এসেছিল ১৯৭১-৮০ দশকে সে সংখ্যা বেড়ে হয়েছিল ১৬ লক্ষ ৩৪ হাজারের মত (প্রায় ৩.৭ গুণ) এবং ১৯৮১-৯০ দশকে তা হলো ২৮ লক্ষ ১৭ হাজারেরও বেশী, যা (১৯৭১-৮০) দশকের তুলনায় ১.৭ গুণ, কিন্তু ১৯৬১-৭০ দশকের

তুলনায় ৬.৩ গুণ)। মোট অভিবাসীর প্রেক্ষিতে উল্লিখিত তিনটি দশকে এশিয়ার অংশটি ছিল যথাক্রমে ১৩.৪, ৩৬.৪ ও ৩৮.৪ শতাংশ। এশীয় অভিবাসনের মূল যোগানদার হিসেবে ফিলিপাইন, চীন, কোরিয়া, ভিয়েতনাম ও ভারতের নাম উল্লেখযোগ্য।

৪. উপসংহার :

উপরের আলোচনা থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী অভিবাসনের রূপ, মাত্রা ও ধারার একটি সাধারণ চিত্র পাওয়া যায়। যুক্তরাষ্ট্রের বর্তমান জনসংখ্যা বৃদ্ধিতে বিদেশী অভিবাসনের অবদানের পরিমাণ এক-চতুর্থাংশ হলেও ঐতিহাসিক পর্যালোচনায় এটি সুস্পষ্ট যে মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী অভিবাসী ও তাদের বংশধরদের দ্বারা গড়ে তোলা একটি জনপদ। ক্রমবর্ধমান হারে মার্কিন যুক্তরাষ্ট্র বিদেশী অভিবাসীদের কাছে অগ্রগণ্যভাবে একটি বিশেষ পছন্দের দেশ হিসেবে পরিগণিত হয়েছে।

তবে এ অভিবাসনের ধারায় পর্যায়ক্রমে একের পর অন্য দেশ, এক অঞ্চলের পরিবর্তে অন্য অঞ্চল আধিপত্য বিস্তার করেছে। ইংল্যান্ডের আধিপত্যকে খর্ব করেছে জার্মান ও আইরিশরা; উত্তর-পশ্চিম ইউরোপের আধিপত্যকে হটিয়েছে দক্ষিণ-পূর্ব ইউরোপের দেশগুলো এবং ইউরোপীয় মাত্রাটি পরাভূত হয়েছে নতুন বিশ্ব (কানাডা ও মেক্সিকো সহ আমেরিকার অন্য দেশ সমূহ) ও এশীয় অভিবাসীদের ধারাটির দ্বারা।

অভিবাসনের মাত্রা উঠা নামা করেছে বিভিন্ন সময়ে হয় প্রাকৃতিক/স্বাভাবিক, নতুবা রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের কারণে। আন্তর্জাতিক প্রেক্ষাপটে শান্তির সময় অভিবাসন বেড়েছে, আবার সংকট ও যুদ্ধের সময় কমেছে। এগুলো হয়েছে প্রাকৃতিক/স্বাভাবিক নিয়ন্ত্রণের ফলে। আমেরিকান সমাজের নিরাপত্তা ও সংহতি রক্ষার জন্য বলাহীন বিদেশী অভিবাসনকে রাষ্ট্রীয়ভাবে নিয়ন্ত্রণ করতে হয়েছে যুক্তরাষ্ট্রের সরকারকে, বিশেষ করে বিশ শতকে। যদিও এ আইনগুলোতে প্রথমদিকে বৈষম্যমূলক নীতির প্রকট প্রতিফলন ঘটেছিল, কিন্তু পরবর্তীতে তা আর তেমন স্পষ্টভাবে থাকেনি। অভিবাসন নিয়ন্ত্রণ নীতিগতভাবে সমর্থনযোগ্য কিনা সেটি ভিন্ন বিতর্কের বিষয়, তবে এটুকু বলে এ আলোচনার পরিসমাপ্তি টানা যায় যে অভিবাসনকে যদি রাষ্ট্রীয়ভাবে নিয়ন্ত্রণ না করা হতো তাহলে যুক্তরাষ্ট্রে বহিরাগত জনগোষ্ঠীর আগমনের মাত্রাটি যেখানে গিয়ে পৌঁছতো তার ফলাফলটি হতো মার্কিন সমাজের জন্য নিঃসন্দেহে ভয়াবহ।

সারণী-১ঃ মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসনের পরিমাণ ও হার, ১৮২০-১৯০০

সময়কাল	মোট অভিবাসী		বাৎসরিক হার (প্রতি হাজারে)
	সংখ্যা	শতাংশ	
১৮২০-১৮৩০	১,৫২,০০০	০.৮	১.২
১৮৩১-১৮৪০	৫,৯৯,০০০	৩.১	৩.৯
১৮৪১-১৮৫০	১৭,১৩,০০০	৯.০	৮.৪
১৮৫১-১৮৬০	২৫,৯৮,০০০	১৩.৬	৯.৩
১৮৬১-১৮৭০	২৩,১৫,০০০	১২.১	৬.৪
১৮৭১-১৮৮০	২৮,১২,০০০	১৪.৭	৬.২
১৮৮১-১৮৯০	৫২,৪৭,০০০	২৭.৪	৯.২
১৮৯১-১৯০০	৩৬,৮৮,০০০	১৯.৩	৫.৩
১৮২০-১৯০০	১,৯১,২৪,০০০	১০০.০০	

উৎস : U.S Bureau of the Census. 1993. Statistical Abstract of the United States 1993. 113th Edition. U.S. Department of Commerce. P.10. Table No. 5

সারণী-২ঃ মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসনের পরিমান ও হার, ১৯০১-১৯৯০

সময়কাল	মোট অভিবাসী		বাৎসরিক গড়	বাৎসরিক হার (প্রতি হাজারে)
	সংখ্যা	শতাংশ		
১৯০১-১৯৯০	৩,৭৮,৬৯,০০০ (৩,৬৫,১০,০০০)ক	১০০.০০	৪,২১,০০০ (৪,০৬,০০০)ক	
১৯০১-১৯৪৫	১,৯৩,০৭,০০০	৫১.০০	৪,২৯,০০০	
১৯৪৬-১৯৯০	১,৮৫,৬২,০০০ (১,৭২,০৩,০০০)ক	৪৯.০০	৪,১২,০০০ (৩,৮২,০০০)ক	
১৯০১-১৯১০	৮৭,৯৫,০০০	২৩.২০	৮,৭৯,৫০০	১০.৪
১৯১১-১৯২০	৫৭,৩৬,০০০	১৫.১০	৫,৭৩,৬০০	৫.৭
১৯২১-১৯৩০	৪১,০৭,০০০	১০.৮০	৪,১০,৭০০	৩.৫
১৯৩১-১৯৪০	৫,২৮,০০০	১.৪০০	৫২,৮০০	০.৪
১৯৪১-১৯৫০	১০,৩৫,০০০	২.৭০০	১,০৩,৫০০	০.৭
১৯৫১-১৯৬০	২৫,১৫,০০০	৬.৬০০	২,৫১,৫০০	১.৫
১৯৬১-১৯৭০	৩৩,২২,০০০	৮.৮০	৩,৩২,২০০	১.৭
১৯৭১-১৯৮০	৪৪,৯৩,০০০	১১.৯০	৪,৪৯,৩০০	২.১
১৯৮১-১৯৯০	৭৩,৩৮,০০০ (৫৯,৭৯,০০০)ক	১৯.৪০	৭,৩৩,৮০০ (৫,৯৭,৯০০)ক	৩.১
১৯০১-১৯২৪	১,৬৮,৭৫,০০০	৪৪.৬০	৭,০৩,১০০	
১৯০১-১৯২০	১,৪৫,৩১,০০০	৩৮.৪০	৭,২৬,৫০০	
১৯২১-১৯২৪	২৩,৪৫,০০০	৬.২০	৫,৪৬,২০০	
১৯২৫-১৯৩০	১৭,৬৩,০০০	৪.৭০	২,৯৩,৮০০	
১৯৩১-১৯৩৫	২,২০,০০০	০.৬০	৪৪,০০০	
১৯৩৬-১৯৪০	৩,০৮,০০০	০.৮০	৬১,৬০০	
১৯৪১-১৯৪৫	১,৪১,০০০	০.৪০	২৮,২০০	
১৯৪৬-১৯৫০	৮,৯৪,০০০	২.৪০	১,৭৮,৮০০	
১৯৩১-১৯৪৫	৬,৬৯,০০০	১.৮০	৪৪,৬০০	

ক. Immigration Reform and Control Act of 1986 এর বৈধকরণ কর্মসূচীর অধীনে অনুমোদিত নাগরিকত্ব প্রাপ্ত ব্যক্তিদের বাদ দিয়ে।

উৎসঃ U.S. Bureau of the Census. 1993. **Statistical Abstract of the United States 1993**. 113th Edition. U.S Department of Commerce. P.10 Table No. 5; and Daniels, Roger. 1990. **Coming to America: A History of Immigration and Ethnicity in American Life**. New Delhi: Affiliated East-West Press Pvt. Ltd. P. 288.

সারণী-৩ঃ নির্বাচিত উৎস দেশসমূহের ভিত্তিতে অভিবাসনের বিন্যাস, ১৮২০-১৯৯০

উৎস দেশ /এলাকা	সময়কাল			শতাংশ		
	মোট সংখ্যা (হাজার)					
	১৯৬১-৭০	১৯৭১-৮০	১৯৮১-৯০	১৯৬১-৭০	১৯৭১-৮০	১৯৮১-৯০
সকল দেশ	৩৩.২১.৭	৪৪.৯৩.৩	৭৩.৩৮.১	১০০.০	১০০.০	১০০.০
ইউরোপ	১২.৩৮.৬	৮.০১.৩	৭.০৫.৬	৬৩.৩	৩৭.৩	৯.৬
এশিয়া	৪.৪৫.৩	১৬.৩৩.৮	২৮.১৭.৪	১৩.৪	৩৬.৪	৩৮.৪
ফিলিপাইন	১.০১.৪	৩.৬০.২	৪.৯৫.৩	৩.১	৮.০	৬.৭
চীন	৯৬.৭	২.০২.৫	৩.৮৮.৮	২.৯	৪.৫	৫.৩
কোরিয়া	৩৫.৮	২.৭২.০	৩.৩৮.৮	১.১	৬.১	৪.৬
ভিয়েতনাম	৪.৬	১.৭৯.৭	৪.০১.৪	০.১	৪.০	৫.৫
জাপান	৩৮.৫	৪৭.৯	৪৩.২	১.২	১.১	০.৬
ভারত	৩১.২	১.৭৬.৮	২.৬১.৯	০.৯	৩.৯	৩.৬
পাকিস্তান	৪.৯	৩১.২	৬১.৩	০.১	০.৭	০.৮
বাংলাদেশ	-	-	১৫.২	-	-	০.২
অন্যান্য এশীয় দেশসমূহ	১.৩২.১	৩.৬৩.৫	৬.১১.৫	৩.৯	৮.১	১১.১
উত্তর আমেরিকা	১৩.৫১.১	১৬.৪৫.০	৩১.২৫.০	৪০.৭	৩৬.৬	৪২.৬
কানাডা	২.৮৬.৭	১.১৪.৮	১.১৯.২	৪.৬	২.৬	১.৬
মেক্সিকো	৪.৪৩.৩	৬.৩৭.২	১৬.৫৩.৩	১৩.৩	১৪.২	২২.৫
কিউবা	২.৫৬.৮	২.৭৬.৮	১.৫৯.২	৭.৭	৬.২	২.২
অন্যান্য ক্যারিবীয় দেশসমূহ	২.৬২.৭	৪.৮৩.০	৭.৩৩.৫	৭.৯	১০.৭	১০.০
সেন্ট্রাল আমেরিকা	৯৭.৭	১.৩২.৪	৪.৫৮.৭	২.৯	২.৯	৬.২
দক্ষিণ আমেরিকা	২.২৮.৩	২.৮৪.৪	৪.৫৫.৯	৬.৯	৬.৩	৬.২
আফ্রিকা	৩৯.৩	৯১.৫	১.৯২.৩	১.২	২.০	২.৬
অন্যান্যদেশ সমূহ	১৯.১	৩৭.৩	৪১.৯	০.৬	০.৮	০.৬

উৎস : U.S. Bureau of the Census. 1993. **Statistical Abstract of the United States 1993**. 113th Edition. U.S. Department of Commerce. P.11. Table No.7

তথ্যানির্দেশ

১. Yans-McLaughlin, Virginia. 1990. Introduction. In Yans-McLaughlin (ed.) 1990. *Immigration Reconsidered: History, Sociology and Politics*. New York: Oxford University Press. p. 3.
২. এ বাৎসরিক গড়টির মধ্যে ১৯৮৬ সনে Immigration Reform and Control Act এর অধীনে অবৈধভাবে অবস্থানকারীদের বৈধকরণ কর্মসূচীর মাধ্যমে অনুমোদিত নাগরিকত্বপ্রাপ্ত ব্যক্তিদের ধরা হয়নি। সেটি হিসেবের মধ্যে এলে গড়টি বেড়ে গিয়ে দাঁড়াবে প্রায় ৭ লক্ষ ৩৪ হাজারে। সারণী-২ দেখুন।
৩. মার্কিন যুক্তরাষ্ট্রে কতজন অবৈধ অভিবাসী রয়েছে তার সঠিক হিসেব পাওয়া মুশকিল, তবে ১৯৮০ সনের আদমশুমারীতে ২০ লক্ষ দেখানো হয়েছে। অনেকে প্রাক্কলন করেন যে এ সংখ্যাটি প্রায় ৬০ লক্ষ হতে পারে। দেখুন Young, David R. 1986. *America in Perspective: Major Trends in the United States through the 1990s*. Boston: Houghton Mifflin Company. p. 20.
৪. পূর্বোক্ত, পৃষ্ঠা ২০।
৫. Hoffman, Mark S. 1993. *The World Almanac and Book of Facts*. New York: Pharos Books. p. 383.
৬. United Nations. 1973. *Determinants and Consequences of Population Trends*. New York: United Nations. p. 225.
৭. Daniels, Roger. 1990. *Coming to America: A History of Immigration and Ethnicity in American Life*. New Delhi: Affiliated East West Press Pvt. Ltd. p. 265-66.
৮. Zopf, Paul E. Jr. 1984. *Population: An Introduction to Social Demography*, California: Nayfield Publishing Company. p. 237
৯. Curtin, Philip D. 1990. *Migration in the Tropical World*. In Yans-McLaughlin (ed.) 1990. p. 21.

১০. এর পর থেকে আলোচনাটির জন্য অধিকাংশভাবে সাহায্য নেয়া হয়েছে উধসরবষং ১৯৯০-এর। পাঠকের সুবিধার্থে গুরুত্বপূর্ণ স্থানগুলোতে পৃষ্ঠা নম্বর উল্লেখ করা হবে।
১১. পূর্বোক্ত, পৃষ্ঠা ৩২-৩৫
১২. পূর্বোক্ত, পৃষ্ঠা ৬১
১৩. পূর্বোক্ত, পৃষ্ঠা ৬৬-১০০
- ১৪., পূর্বোক্ত, পৃষ্ঠা ৩০
১৫. পূর্বোক্ত, পৃষ্ঠা ১১৭
১৬. পূর্বোক্ত, পৃষ্ঠা ১২৪
১৭. এ শতকের উত্তর-পশ্চিম ইউরোপীয় অভিবাসনের প্রধান উৎসগুলোর জন্য দেখুন, পূর্বোক্ত, পৃষ্ঠা ১২৬-১৮৩।
১৮. পূর্বোক্ত, পৃষ্ঠা ২৬৫
১৯. Simon, Julian L. 1989. *The Economic Consequences of Immigration*. Cambridge, Massachusetts: Basil Blackwell, Inc. p. 338.
২০. অভিবাসন আইনসমূহের প্রবর্তন ও এগুলোর পরিবর্তনের পটভূমির জন্য দেখুন উধসরবষং ১৯৯০. পূর্বোল্লিখিত পৃষ্ঠা ২৬৫-২৬৮, ৩২৮-৩৪৯ ও ৩৮৮-৪০৮
২১. পূর্বোক্ত, পৃষ্ঠা ২৮৮, সারণী-১১.১
২২. পূর্বোক্ত, পৃষ্ঠা ২৮৯-২৯১
২৩. পূর্বোক্ত, পৃষ্ঠা ৩৪৩
২৪. *New York Times*. Junes 18, 1989
২৫. Daniels, 1990. পূর্বোল্লিখিত, পৃষ্ঠা ৩৫০

মার্কিন যুক্তরাষ্ট্রের রেল ব্যবস্থা

নুরুল হুদা আবুল মনসুর

আজ থেকে প্রায় দু'শ বছর আগে টমাস জেফারসন তাঁর দেশকে "শত কিংবা হাজার প্রজন্মের জন্যে" একটি কর্মক্ষেত্রে রূপান্তরিত করার স্বপ্ন দেখেছিলেন। তিনি লিখেছিলেন। "While we have land to labor, let us never wish to see our citizens occupied at a work bench or twirling a distaff. for those who labor in the earth are the chosen people of god." জমি এবং নাগরিকের এই কর্মযাজ্ঞে আমেরিকায় (মার্কিন যুক্তরাষ্ট্র অর্থে ব্যবহৃত হয়েছে) যে দেশ গড়ে উঠবে জেফারসন তাকে উল্লেখ করেছিলেন "a great agrarian democracy" হিসেবে। কিন্তু জেফারসনের মৃত্যুর দুই প্রজন্মের মধ্যেই আমেরিকায় কৃষি উৎপাদিত পণ্যের তুলনায় শিল্প উৎপাদিত পণ্যের মোট মূল্য বেড়ে গেল তিনগুনেরও বেশী এবং ১৯১০ সালের মধ্যেই আমেরিকা বিশ্বের প্রধান শিল্পউৎপাদনকারী শক্তির একটিতে রূপান্তরিত হল। ফলে জেফারসনের "great agrarian democracy" নয় বরং আমেরিকা হয়ে উঠল অলেকজান্ডার হ্যামিলটনের 'great industrial democracy'তে। আমেরিকার ইতিহাসে এই পরিবর্তনকে "Economic Revolution" হিসেবে অভিহিত করা হয়েছে এবং এর সময়কাল নির্ধারণ করা হয়েছে ১৮৬৫ থেকে ১৯১৯ সাল পর্যন্ত। এই অর্থনৈতিক বিপ্লবের পিছনে অসংখ্য কারনকে একত্রে গেঁথে যে একটি প্রধান কারনকে চিহ্নিত করা হয়েছে অর্থনীতির ভাষায় তা হচ্ছে, "the creation of a national market"। আর এই জাতীয় বাজার সৃষ্টি করার পেছনে অনুঘটক বা 'Catalyst' হিসেবে কাজ করেছিল একটি ব্যাপক যোগাযোগ এবং পরিবহণ মাধ্যম। ১৮৬৫-১৯১৯ পর্যায়ের যোগাযোগ এবং পরিবহণের এই দায়িত্বটি পালন করেছিল আমেরিকার রেলওয়ে। বর্তমান প্রবন্ধে আমেরিকার ইতিহাসের একটি বিশাল অর্থনৈতিক কর্মযাজ্ঞে আমেরিকার রেলওয়ের ভূমিকা এবং উনিশ শতকের শুরুতে তার উদ্ভব থেকে শুরু করে তার বিবর্তনকে চিহ্নিত করার চেষ্টা করা হয়েছে। তবে বিষয়ের ব্যাপকতার কারণে এবং একটি বিশাল সময়কে ধারণ করার কারণে বিশ্লেষণের চেয়ে তথ্যকে অধিক গুরুত্ব দেয়া হয়েছে এবং তুলনামূলকভাবে গুরুত্বপূর্ণ বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১৬০৭ সালে ভার্জিনিয়ার জেমসটাউনে প্রথম শ্বেতাঙ্গ বসতি স্থাপন থেকে শুরু করে ১৭৭৬ সালে স্বাধীনতা ঘোষণা পর্যন্ত সময়কালে আমেরিকার সুবিশাল ভূমি, ইউরোপ থেকে নিয়ে আসা চাষাবাদ ও কুটির শিল্প-উৎপাদন পদ্ধতি, ব্যাপক ইউরোপীয় অভিবাসন, আফ্রিকা থেকে বিশাল সংখ্যক দাসদের আগমন, একটি শক্তিশালী ভূমিমালিক, ব্যবসায়ী, পেশাজীবী এবং বুদ্ধিজীবী শ্রেণীর বিকাশ, প্রয়োজনীয় সরকার ও রাজনৈতিক কাঠামো নির্মাণ, ইত্যাদি বিভিন্ন প্রক্রিয়ায় প্রায় দেড়শত বছরেরও অধিক সময়ধরে আমেরিকায় একটি অর্থনৈতিক প্রক্রিয়া এবং উৎপাদন ও বাণিজ্য ব্যবস্থা স্থিতিলাভ করেছিল এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রেই এই প্রক্রিয়াকে পারস্পরিকভাবে সংযুক্ত করা হয়েছিল। তবে এই অর্থনৈতিক প্রক্রিয়ার তুলনামূলকভাবে দুর্বল অংশ ছিল এর যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা। পূর্বাঞ্চলের উপনিবেশগুলি বা স্বাধীনতা পরবর্তী পর্যায়ে অঙ্গরাজ্যগুলি আয়তনের দিক থেকে তুলনামূলকভাবে ছোট হওয়াতে প্রাথমিক পর্যায়ে তাদের অভ্যন্তরীণ ও পারস্পরিক যোগাযোগ ব্যবস্থায় তেমন সমস্যা হয়নি, যদিও সেই ব্যবস্থা তেমন উন্নত ছিলনা। কিন্তু পশ্চিমে সীমানা সম্প্রসারণের ফলে সার্বিকভাবে যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের প্রশ্ন দেখা দেয়। এই সমস্যার সমাধানের জন্যে প্রথমে স্টেজকোচ বা ঘোড়ারগাড়ী চলাচল উপযোগী সড়ক ব্যবস্থা বা 'Turnpikes Road' এবং পরে নৌপরিবহনের জন্যে নৌপথ, বাষ্পীয় নৌযান এবং ক্যানেল উন্নয়নের প্রচেষ্টা চালান হয়েছিল। ১৭৯৪ থেকে ১৮৩০ সাল পর্যন্ত সময়কালে পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে ৭,০০০ মাইলের উপর সড়ক এবং ১৮৪০ সাল নাগাদ প্রায় ৩,৩০০ মাইল ক্যানেল নির্মাণ করা হয়েছিল। তবে 'Turnpikes' রোডসমূহ যোগাযোগ ব্যবস্থা গড়ে তুললেও এর পরিবহন ব্যয় ছিল অত্যধিক। তাছাড়াও এর সুযোগও ছিল সীমিত। অন্যদিকে নৌযোগাযোগ ব্যবস্থা এবং বাষ্পীয় ইঞ্জিনের ব্যবহার একটি সুলভ পরিবহন ব্যবস্থা গড়ে তুললেও এর সুযোগ কেবল নদী ও ক্যানেল তীরবর্তী শহর ও জনপদগুলিই লাভ করেছিল। আরো পশ্চিমে রুক্ষ ও শুষ্ক এলাকাগুলিকে এই ব্যবস্থায় সংযুক্ত করা সম্ভব হচ্ছিল না। উপরন্তু এই ব্যবস্থায় দুটি অসুবিধা ছিল: প্রথমতঃ পণ্য পরিবহনে, বিশেষতঃ ক্যানেলগুলিতে পণ্য পরিবহনে দীর্ঘ সময় ব্যয় হচ্ছিল এবং দ্বিতীয়তঃ ঐগুলি সারা বছর ব্যবহার করা সম্ভব ছিলনা। শীতের সময়ে এই ক্যানেল ও নদীগুলি অধিকাংশই বরফে আবৃত থাকত। সুতরাং তৃতীয় বিকল্প হিসেবে ধীরে ধীরে একটি রেল ব্যবস্থা গড়ে উঠতে শুরু করে।

রেলব্যবস্থাঃ প্রথম পর্যায়ঃ ১৮৩০-১৮৬০ :

প্রকৃতপক্ষে রেললাইনের আবিষ্কার দুটি ভিন্ন ধরনের অগ্রগতির সমন্বয় সাধন করেছিল। ইংরেজ খনিমালিকেরা ষোল শতক থেকেই বিশাল ভার পরিবহণের জন্যে কাঠের রেললাইন ব্যবহার করে আসছিল। অন্যদিকে আঠার শতকের শেষদিক থেকেই বাষ্পচালিত সড়কযানের পরীক্ষা-নিরীক্ষা চলছিল। পরবর্তীতে এই দুটি ব্যবস্থাকে সমন্বয় করে রেলের উপর বাষ্পীয়যানের পরীক্ষা শুরু হয়। ইংল্যান্ডে জর্জ স্টিফেনসন প্রথম সফলভাবে বাষ্পীয় ইঞ্জিনের উদ্ভব ঘটাতে সক্ষম হন এবং এই ইঞ্জিন ১৮২৫ সালে স্টকটন এবং ডার্লিংটনের মধ্যে প্রথম রেললাইনের সূচনা করে। চার বছর পরে ১৮২৯ সালে লিভারপুল ও ম্যানচেস্টারের মধ্যেও রেলযোগাযোগ প্রতিষ্ঠিত হয়। আমেরিকায় রেললাইন প্রতিষ্ঠার প্রথম সফল উদ্যোগ গ্রহণ করে মেরীল্যান্ড রাজ্যের একটি ছোট শহর বাল্টিমোর। বাল্টিমোর থেকে ওহায়য়ো নদী পর্যন্ত প্রায় ২৫ মাইলের একটি রেললাইন তৈরীর উদ্দেশ্যে ১৮২৭ সালে 'Baltimore and Ohio Rail Road' প্রতিষ্ঠা করা হয় এবং ১৮৩০ সালে এই পথে সমাপ্ত ১৩ মাইল লাইনে প্রথম যাত্রী পরিবহণ করা হয় ঘোড়ায় টানা গাড়ীর সাহায্যে। একই বছরে পিটার কুপার এই লাইনে তাঁর ছোট বাষ্পীয় ইঞ্জিন 'এণ্ডস এন্সন' এর সফল পরীক্ষা চালায়। তবে বাষ্পীয় ইঞ্জিনের সুবিধা প্রথম গ্রহণ করে আরেকটি কোম্পানী। ১৮৩১ সালের জানুয়ারী মাসে 'South Carolina Rail Road' আমেরিকায় নির্মিত বাষ্পীয় ইঞ্জিন দিয়ে প্রথম নিয়মিত পরিবহণ শুরু করে। বাল্টিমোর-ওহায়য়ো রেলকোম্পানীকে পিছে ফেলে সাউথ ক্যারোলাইনা রেলকোম্পানী ১৮৩৩ সালে তাঁর লাইনের পরিমাণ চার্লসটন থেকে হামবুর্গ পর্যন্ত ১৩৬ মাইলে বৃদ্ধি করে।

১৮৩১ সালে নিউইয়র্কে প্রথম ১৬ মাইলের মোহক-হাডসন লাইন চালু হয় এবং দ্রুত স্বল্প দূরত্বের বিভিন্ন লাইন তৈরী হতে থাকে। ১৮৩৫ সালের মধ্যে বোস্টনের সাথে পার্শ্ববর্তী শহরগুলির রেলযোগাযোগ গড়ে উঠে। নিউইয়র্ক ও ফিলাডেলফিয়ার মধ্যেও রেলযোগাযোগ গড়ে উঠে নিউ জার্সীর উপর দিয়ে পথ তৈরীর মাধ্যমে। পেনসিলভেনিয়ায় ১৮৪০ সালের মধ্যেই প্রায় ১,০০০ মাইল লাইন গড়ে উঠে। ফলে ফিলাডেলফিয়া প্রথম গুরুত্বপূর্ণ রেলকেন্দ্রগুলির একটিতে পরিণত হয়। দক্ষিণের রাজ্যগুলিও রেলব্যবস্থার অন্তর্ভুক্ত হতে থাকে এবং ১৮৩০ এর দশকের শেষের দিকে ভার্জিনিয়ায় ৩৬৩ মাইল, আলাবামায় ৩০৮ মাইল এবং উত্তর ক্যারোলাইনায় ২৪৬ মাইল রেললাইন গড়ে উঠে। ১৮৪০ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে মোট রেললাইনের পরিমাণ দাঁড়ায়

২৮,০০০ মাইল, যা ছিল এই সময়ের সমগ্র ইউরোপের মোট রেলদৈর্ঘ্যের চেয়েও ১,০০০ মাইল বেশী। আরো দুই দশক পরে ১৮৬০ সালে মোট রেললাইনের পরিমাণ দাঁড়ায় ৩০,৬২৬ মাইলে। ইতিমধ্যেই মিসিসিপির পূর্বাঞ্চলে প্রায় ব্যাপক একটি রেলযোগাযোগ ব্যবস্থা তৈরী হয়ে গেছে। কেবল দক্ষিণের রাজ্যগুলিতে এই ব্যবস্থা ধীরে ধীরে বিকাশ লাভ করছিল।

চল্লিশ ও পঞ্চাশের দশকের বিভিন্ন কারিগরী অগ্রগতি রেলের অবস্থানকে আরো শক্তিশালী করে তোলে। ১৮৪৪ সালে স্যামুয়েল মোর্সের ইলেকট্রিক টেলিগ্রাফ আবিষ্কার এবং ১৮৫১ সালে রেলব্যবস্থায় এর ব্যবহার, ১৮৪০ এর দশকের মাঝামাঝি সময় থেকে কার্ঠের বদলে সম্পূর্ণভাবে লোহার রেলের ব্যবহার, ১৮৫২ সালে পেনসিলভেনিয়া রাজ্যে একটি স্ট্যান্ডার্ড গেজ (৪ ফুট ৮.৫ ইঞ্চি) এর ব্যবহার, ইত্যাদি বিষয় রেলের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছিল। ১৮৬০ সালে মোট রেললাইনের পরিমাণ দাঁড়ায় ৩০,৬২৬ মাইলে এবং এ পর্যন্ত এর নির্মাণ ব্যয় ছিল ১ বিলিয়ন ডলারের উপরে। কয়েকটি প্রধান উৎস থেকে এই বিপুল পরিমাণ অর্থ সংগ্রহ এবং বিনিয়োগ করা হয়। এর মধ্যে ছিল বিভিন্ন অঙ্গরাজ্য এবং নগর, মিউনিসিপ্যালিটি বা কাউন্টিসমূহের বিনিয়োগ, ফেডারেল সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ সাহায্য, বিদেশী পুঁজি বিনিয়োগ এবং ব্যক্তিমালিকানাধীন পুঁজি। ব্যক্তিমালিকানাধীন পুঁজির একটি কৌতুহলী দিক ছিল যে, সাধারণ বিনিয়োগকারীদের একটি বড় অংশের কাছে লাভের চেয়ে রেললাইন তৈরীতে অংশগ্রহণের উৎসাহ এবং আকাঙ্খাই ছিল প্রবল। ১৮৫০ এর দশকে ব্যাংক এবং অন্যান্য অর্থলগ্নী প্রতিষ্ঠানগুলি রেলওয়েতে বিনিয়োগ করতে শুরু করে। ১৮৬০ এর দশকের শেষের দিকে 'New York Stock Exchange'এ রেলওয়ে কোম্পানীসমূহের শেয়ার ও বড অন্তর্ভুক্ত হয়।

রেল ব্যবস্থাঃ দ্বিতীয় পর্যায়ঃ ১৮৬০-১৯১৯ঃ

১৮৬০ সালে আমেরিকায় রেললাইনের পরিমাণ ৩০,০০০ মাইলের উপরে হলেও সমগ্র দেশের আয়তনের সাথে তা সামঞ্জস্যপূর্ণ ছিলনা। ১৭৮৩ সালে স্বাধীনতালগ্নে আমেরিকার যে আয়তন ছিল, ১৮০৩ সালে জেফারসনের আমলে লুইজিয়ানা ক্রয়ের ফলে তা দ্বিগুন হয়ে গিয়েছিল। ১৮৪৬ সালে মেক্সিকোর সাথে যুদ্ধের পর মার্কিন যুক্তরাষ্ট্রের সীমানা আরো সম্প্রসারিত হয়। এই পর্যায়ে লুইজিয়ানা ক্রয়ের চেয়েও বেশী পরিমাণ এলাকা মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে সংযুক্ত হয়। ফলে ১৮৪০ এর দশকের প্রথম দিকে যেখানে মার্কিন সীমানা রকি

পর্বতমালার পাদদেশ পর্যন্ত বিশাল সমতল এলাকা জুড়ে বিস্তৃত ছিল সেখানে চল্লিশ এর দশকের শেষ দিকে মার্কিন সীমানা একলাফে ১,৫০০ মাইল বিস্তৃত হয়ে প্রশান্ত মহাসাগরের তীর পর্যন্ত ছড়িয়ে পড়ল। এই বিশাল এলাকা জুড়ে নতুন যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার প্রয়োজন ছিল। এই অঞ্চলে ক্রমবর্ধমান নতুন আবাস স্থাপনকারীদের উৎসাহ প্রদান ও টিকে থাকার স্বার্থে বিশেষতঃ তাদের উৎপন্ন ফসল বাজারজাতকরণের প্রয়োজন ছিল। এই লক্ষ্য থেকেই ১৮৬০ এর দশক থেকে রেলব্যবস্থা আরো সম্প্রসারিত হয়ে উঠল: যদিও ১৮৬০-৬৫র গৃহযুদ্ধ এই অগ্রগতিকে সাময়িকভাবে বাধাগ্রস্ত করেছিল।

১৮৬৫-১৯১৯ পর্যায়কে আমেরিকার ইতিহাসে 'Railway Era' হিসেবে অভিহিত করা হয়। এ সময়ে একদিকে যেমন রেলওয়ের আকারগত এবং গুণগত পরিবর্তন সাধিত হয়, অন্যদিকে তেমন রেলওয়ে প্রতিটি নতুন শহরের কাছে গিয়ে পৌঁছায়। নতুন কয়লার ও ডিজেল ইঞ্জিন, স্টীলের বগী, অধিক ক্ষমতা সম্পন্ন মালবাহী বগী, স্প্রিং কার, রিফ্রিজারেটর গাড়ী, তেলবাহী গাড়ী, নতুন টাইম-জোন, বিশাল বিনিয়োগ, এসবই রেলব্যবস্থায় ব্যাপক পরিবর্তন আনে। ১৯০০ সালের মধ্যে প্রায় ২ লক্ষ মাইল নিয়ে আমেরিকার রেলওয়ে ইউরোপের দেশগুলির একত্রিত রেললাইনকে ছাড়িয়ে যায়। এ সময় রেলব্যবস্থা আমেরিকানদের ব্যাপক অংশের জীবনকে বিভিন্ন দিক থেকে প্রভাবিত করতে শুরু করে। রেলওয়ে পশ্চিমে অভিবাসন প্রক্রিয়াকে ব্যাপকভাবে সাহায্য করে: একদিকে লোহা, স্টীল, কয়লা ও তেলের মত খনিজদ্রব্য এবং উৎপাদিত শিল্পপণ্য, অন্যদিকে কৃষিপণ্যের উৎপাদন ও বাজারজাতকরণে ভূমিকা রাখে: সুবৃহৎ ব্যবসা এবং বিরাট অংকের বিনিয়োগের সূচনা করে: সরকারী নীতি ও বিভিন্ন সাংবিধানিক আইন সৃষ্টির পিছনে ভূমিকা রাখে। এসবই সামগ্রিকভাবে একটি অর্থনৈতিক বিপ্লবের সূচনা করে।

১৮৬৩ সালের ডিসেম্বর মাসে কংগ্রেসের আইন বলে প্রথম 'Transcontinental Railroad' এর নির্মাণ কাজ শুরু হয় এবং প্রায় ৬ বছর পর ১৮৬৯ সালের ১০ই মে এই কাজ সমাপ্ত হয়। দুটি রেলকোম্পানী 'Union Pacific Rail Road' আইওয়া থেকে পশ্চিম দিকে এবং 'Central Pacific Rail Road' ক্যালিফোর্নিয়া থেকে পূর্বদিকে একই সাথে অগ্রসর হয়ে মাঝপথে সংযোগ স্থাপন করে। ১,৮০০ মাইল দীর্ঘ এই পথ নির্মাণে এক পর্যায়ে প্রতিদিন প্রায় ২০,০০০ শ্রমিককে ব্যবহার করা হয় যার প্রায় অর্ধেকই ছিল চীনা শ্রমিক। পরবর্তী কয়েক

বহুরের মধ্যেই কংগ্রেস আরো তিনটি ট্রান্সকন্টিনেন্টাল রেললাইন প্রতিষ্ঠার উদ্যোগ নেয়। ১৮৮৩ সালের মধ্যে এর সবকটির নির্মাণ সমাপ্ত হয়। পরের দশকে আরেকটি রেলপথ 'Great Northern Rail Road' তৈরী হয় মিনেসোটা রাজ্য থেকে ওয়াশিংটন রাজ্যের সিয়েটল পর্যন্ত। সুতরাং গৃহযুদ্ধের তিন দশকের মধ্যেই পাঁচটি সুবৃহৎ রেলপথ আমেরিকার দুই প্রান্তকে সংযুক্ত করতে সক্ষম হয়। এই নির্মাণের ফলে ফেডারেল সরকারের কাছ থেকে 'Northern Pacific Rail Road' প্রায় ৪ কোটি ২০ লক্ষ একর, 'Southern Pacific' ২ কোটি ৪০ লক্ষ একর, 'Union Pacific' ২ কোটি একর এবং 'Santa Fe' প্রায় ১ কোটি ৭০ লক্ষ একর ভূমি লাভ করে। রেলকোম্পানীগুলি এই জমির কিয়াদাংশ পশ্চিমে নতুন বসতিস্থাপনকারীদের মধ্যে স্বল্পমূল্যে বিক্রি করে। ফলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং নতুন কৃষি পদ্ধতি পশ্চিমাঞ্চলে একটি লাভজনক কৃষি অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তোলে এবং নগরায়নে সাহায্য করে।

বস্তুতঃ আমেরিকার নগরায়ন প্রক্রিয়ায় পূর্ব অথবা পশ্চিম সর্বত্রই, রেলওয়ে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। ১৭৯০ সালে আমেরিকায় ফিলাডেলফিয়া, নিউইয়র্ক, বোস্টন, চার্লস্টন এবং বাল্টিমোর মাত্র এই পাঁচটি শহরে ৮,০০০ অথবা তার বেশী জনসংখ্যা ছিল। ১৮৩০ এ রেললাইন প্রবর্তিত হওয়ার পর একটি নতুন অর্থনৈতিক কর্মউৎপাদন শুরু হয়। গ্রামাঞ্চল থেকে উৎপাদিত কৃষি এবং পশু-পণ্য শহরগুলিতে সমগ্র বছর ধরে এবং সস্তায় পরিবহণের সম্ভাবনা খুলে গেল। অন্যদিকে শহর থেকে উৎপাদিত তৈরী পণ্য গ্রামাঞ্চলে নিয়ে যাওয়া সহজসাধ্য হয়ে উঠল। পরিবহণ ব্যয় এবং সময় কমে যাওয়ায় এবং উভয় দিক থেকে বাজার ব্যবস্থা আরো সম্প্রসারিত হওয়ার ফলে উভয় দিকের অধিবাসীদের ক্রয়-ক্ষমতা বেড়ে উঠল, ফলে তা আরো নতুন বাজার সৃষ্টিতে সাহায্য করল। উভয় দিকের এই পণ্য পরিবহণের প্রক্রিয়ায় রেলকোম্পানীগুলি বিস্তৃত রেলপথে বিভিন্ন কেন্দ্র স্থাপন শুরু করেছিল। এসব কেন্দ্রগুলিতে রেলস্টেশন ছাড়াও রেলের গুদাম এবং ক্রয়-বিক্রয় কেন্দ্র গড়ে উঠেছিল। এর প্রত্যেকটি ধীরে ধীরে শহরে রূপ নেয়। অনেক ক্ষেত্রেই তুলনামূলকভাবে অপরিচিত অঞ্চল বিভিন্ন সাহায্য প্রদানের মাধ্যমে রেলপথ নির্মাণের আবেদন জানিয়ে রেলকোম্পানীগুলিকে ডেকে নিয়েছিল। কালক্রমে এই অঞ্চলগুলি নগরে পরিণত হয়। রেল ব্যবস্থা গড়ে উঠার ফলে পশ্চিমে এবং দক্ষিণে একটি বাণিজ্যিক কৃষির সূত্রপাত হয়। এই কৃষির শ্রমের একটি বড় অংশের যোগান আসে ব্যাপক অভিবাসন থেকে। ১৮২০ সালে যেখানে অভিবাসীর সংখ্যা ছিল ৮,৩৮৫, সেখানে

১৮৬০ সালে এই সংখ্যা বেড়ে যায় ১,৫৩,৬৪০ জনে। ১৮৬০-১৯১৭ পর্যায়ের রেললাইন পশ্চিমে বাণিজ্যিক কৃষির যে সম্ভাবনা খুলে দেয় তাতে অভিবাসীদের পরিমাণ আরো বেড়ে যায়। ১৮৬১ থেকে ১৯১০ পর্যন্ত সময়কালে প্রায় ২৩ মিলিয়ন অভিবাসী আমেরিকায় প্রবেশ করে এবং এদের মাধ্যমে পশ্চিমে একটি নগরায়ন প্রক্রিয়া গড়ে উঠে। ১৯১০ সালে ৮,০০০ বা তার অধিক জনসংখ্যা অধ্যুষিত শহরের সংখ্যা দাঁড়ায় ৭৭৮ টি। ১৮৬০-১৯১০ পর্যায়ের ১ লক্ষ বা তার অধিক জনসংখ্যার শহরের সংখ্যা ৯ টি থেকে ৫০ টিতে দাঁড়ায়। এর পরের দশকেই ১৯২০ সালের জনসংখ্যা জরীপে প্রথম আমেরিকার জনসংখ্যার ৫১.২ ভাগকে শহরবাসী হিসেবে চিহ্নিত করা হয়। তবে নগরায়নের এই পুরো প্রক্রিয়ায় পূর্বাঞ্চলের কৃষি অঞ্চল, পশ্চিমের অপেক্ষাকৃত অনূর্বর অঞ্চল এবং দক্ষিণের কৃষি অঞ্চল থেকে জনসংখ্যার শহরে অভিবাসনের একটি প্রক্রিয়াও চালু ছিল। এক্ষেত্রেও শহরে শিল্প-কারখানাগুলির ক্রমবর্ধমান সম্প্রসারণ এবং রেলওয়ে একটি ভূমিকা রেখেছিল।

৬০ এর দশক থেকে সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও এসময়ে রেলওয়ে ব্যবসায়ীদের বিরুদ্ধে ক্রমাগত প্রতিবাদ গড়ে উঠছিল। এর প্রধান কারণ ছিল ভাড়ার ক্ষেত্রে বৈষম্য এবং দুর্নীতি। রেলকোম্পানীগুলি ছিল ভাড়া নির্ধারণের ক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন। ফলে পশ্চিমের কৃষকেরা তাদের কৃষিপণ্যের উচ্চ পরিবহণ জন্য রেলকোম্পানীগুলিকে দায়ী করে। স্বল্প এবং দীর্ঘ পথের ভাড়ার মধ্যে কোন সামঞ্জস্য ছিলনা। তাছাড়াও কোম্পানীগুলি ব্যবসার স্বার্থে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন ধরনের গোপন চুক্তি বজায় রেখেছিল। রেল-পাস, রিবেট, ইত্যাদির মাধ্যমে কোম্পানীগুলি যে অসম প্রতিযোগিতা বজায় রেখেছিল তাকে অভিহিত করা হয়েছিল "competitive anarchy" হিসেবে। পরবর্তিতে এই ব্যবস্থার অবসানকল্পে তারা নিজেদের মধ্যে বিভিন্ন ধরনের বন্টন ব্যবস্থা গড়ে তোলার চেষ্টা করে। এর ফলে চূড়ান্তভাবে ১৮৯০ এর দশকে 'Consolidation' নামে এক ধরনের একচেটিয়া ব্যবসার সূত্রপাত হয়। এক্ষেত্রে ছোট ছোট অসংখ্য রেলকোম্পানী বৃহৎ কোম্পানীগুলির সাথে সংযুক্ত অথবা একীভূত হয়ে যায়। চূড়ান্তভাবে ১৯০৬ সালের দিকে আমেরিকার সমগ্র রেলব্যবস্থা ছয়টি প্রধান গোষ্ঠীতে ভাগ হয়ে যায়।

তবে Consolidation রেলওয়ের অব্যবস্থাকে দূর করলেও রেলভাড়ার অনিয়ম বা রেলের একচেটিয়া ব্যবসায়িক অবস্থানকে দূর করতে পারেনি। ফলে সরকারী হস্তক্ষেপের পক্ষে

চাপ আসতে থাকে। ইতিপূর্বে রাজ্যগুলির স্ব স্ব এলাকার কোম্পানীগুলির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করার প্রচেষ্টা ব্যর্থ হয়। ১৮৮৭ সালে কংগ্রেস 'Interstate Commerce Act' পাস করে এবং 'Interstate Commerce Commission' (ICC) গঠন করে। এর ফলে ফেডারেল সরকারের অধীনে এই প্রথম একটি স্থায়ী প্রশাসনিক বোর্ড স্থাপিত হয়। কমিশনকে প্রয়োজনীয় আইন প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু ১৮৮৯ সালের এক রায়ে সুপ্রীম কোর্ট কমিশনের ভাড়া নির্ধারণ করার কোন ক্ষমতা নেই বলে ঘোষণা করে। ফলে কমিশনের ক্ষমতা সীমিত হয়ে পড়ে। কংগ্রেস কমিশনকে জোরদার করার লক্ষে ১৯০৬ সালে 'Hepburn Act' পাশ করে। এই আইনে কমিশনকে সর্বোচ্চ এবং সর্বনিম্ন ভাড়া নির্ধারণ করার এবং গোপন চুক্তির অবসানের লক্ষে রেলকোম্পানীগুলির আয় পরীক্ষা করার অধিকার প্রদান করা হয়। ১৯১১ সালের মধ্যে কমিশন এই আইনের বলে প্রায় ১ লক্ষ কেসের নিষ্পত্তি ঘটায় এবং এসব ক্ষেত্রে রেলের ভাড়া কমিয়ে আনে। ১৯১৭ সালের ডিসেম্বর মাসে যুদ্ধকালীন প্রয়োজনে সৈন্য ও রসদ পরিবহণের উদ্দেশ্যে ফেডারেল সরকার রেলব্যবস্থার নিয়ন্ত্রণ গ্রহণ করে। অবশ্য যুদ্ধের পরে তা পুনরায় মালিকদের কাছে ফিরিয়ে দেয়া হয়। ১৯২০ সালে প্রেসিডেন্ট উইলসন 'Transportation Act' পাশ করেন। এই আইনে ICC কে দেশের সমস্ত রেল ব্যবস্থাকে ২০ থেকে ৩৫ টি নেটওয়ার্কে সমন্বয় করার দায়িত্ব দেয়া হয়। ১৯২৯ সালে কমিশন রেললাইনগুলিকে ২১ টি নেটওয়ার্কে সমন্বয় করার একটি পরিকল্পনা পেশ করে। কিন্তু প্রবল বিতর্কের কারণে এটি বাতিল হয়ে যায়। অন্যদিকে উইলসনের সরকার জাতীয় হাইওয়েগুলিকে ভর্তুকি প্রদানের সিদ্ধান্ত নেয়। ফলে রেলওয়ে ব্যবস্থা ক্রমাগতভাবে নতুন সমস্যার সম্মুখীন হতে থাকে।

রেল ব্যবস্থাঃ তৃতীয় পর্যায়ঃ ১৯১৯-১৯৮০ :

প্রথম মহাযুদ্ধের পর রেলওয়ে ব্যবস্থা মোটরগাড়ী শিল্পের সাথে প্রবল প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হয়। যদিও ইতিমধ্যে রেললাইনের পরিমাণ বেড়ে ২৯৬,০০০ মাইলে দাঁড়িয়েছিল তা সত্ত্বেও এই দশকেই মোটরগাড়ীর উৎপাদন বেড়ে যায় অবিশ্বাস্যগতিতে। ১৯০০ সালে যেখানে মোটরগাড়ীর সংখ্যা ছিল ৮,০০০ সেখানে ১৯২০ সালে তা দাঁড়ায় ৮০ লক্ষ গাড়ী এবং ১১ লক্ষ ট্রাকে। অন্যদিকে ১৯০৬ সালের পর থেকে রেলওয়ের মোট মাইলের পরিমাণ বাড়লেও নতুন লাইন তৈরীর পরিমাণ কমতে থাকে। ১৯০৬ থেকে ১৯১৬ সালের মধ্যে পরিবহণের হার প্রায় ৬০% কমে যায়। মোটরগাড়ীর প্রতিযোগিতার পাশাপাশি রেলওয়ের অভ্যন্তরীণ সমস্যাও

এক্ষেত্রে ভূমিকা রেখেছিল। প্রকৃতপক্ষে আমেরিকায় রেলওয়ে তার বিকাশের সর্বোচ্চ পর্যায়ে গিয়ে পৌঁছেছিল। বেশ কিছু লাইন গড়ে উঠেছিল পরিকল্পনাবিহীনভাবে অথবা অলাভজনকভাবে। রেলওয়ে কোম্পানীগুলির প্রশাসনিক সমস্যাও উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছিল এবং রেলযাত্রীদের অসন্তোষ বাড়ছিল দ্রুত। আগের শতকের আশির দশকে শহর ও শহরতলীতে অনেক বেশীসংখ্যক যাত্রীকে আরো দ্রুত পরিবহণের জন্যে 'Electric Street Rail', 'Overhead Trolley Line', 'Elevated Train', ইত্যাদি ব্যবস্থা চালু করা হয়েছিল। ১৮৯৫-৯৭ সালে বোস্টন শহরে প্রথম 'বঁনধি' চালু করা হয় এবং পরে নিউইয়র্কে ও অন্যান্য প্রধান শহরে তা প্রবর্তিত হয়। ১৮৯০ থেকে ১৯১০ এর মধ্যে শহর ও শহরতলীকে ঘিরে এই ধরনের 'Commuter' সার্ভিসের পরিমাণ দাঁড়িয়েছিল প্রায় ২০.০০০ মাইল। তাছাড়াও যাত্রীসেবার মান বাড়ানোর উদ্দেশ্যে বিশ শতকের ত্রিশের দশকে দূরপাল্লার ভ্রমণে ডিজেল ইঞ্জিন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে ইলেকট্রিক ইঞ্জিন, শীতাতপ নিয়ন্ত্রিত বগী, আরামদায়ক হালকাগাড়ী, ইত্যাদি চালু করা হয়; কিন্তু যাত্রী পরিবহণের হার কমতে থাকে। ১৯৫৩ সালে সমগ্র পরিবহণ ব্যবসার মাত্র ৬% যাত্রী রেললাইনগুলি বহন করে। ১৯৬৬ সালে ফেডারেল সরকার 'Department of Transportation' এর সৃষ্টি করে অন্যান্য সকল পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার পাশাপাশি রেল ব্যবস্থাকেও এর অন্তর্ভুক্ত করে। ১৯৭০ সালে কয়েকটি বৃহৎ রেলকোম্পানী দেউলিয়া ঘোষিত হলে ফেডারেল সরকার 'Rail Passenger Service Act' এর অধীনে সকল আন্তঃনগর রেললাইনে চলাচলের জন্যে প্রথম 'National Railroad Passenger Corporation'ev 'Amtrak' প্রতিষ্ঠা করে। ১৯৭১ সালে প্রথম বছরে Amtrak আন্তঃনগর যাত্রীবাহী রেলপথের প্রায় অর্ধেক বন্ধ করে দেয় এবং ৩০০ টি শহর জুড়ে ১৮০ টি পথে চলাচল শুরু করে। অবশ্য ধীরে ধীরে এর কার্যক্রম সম্প্রসারিত হয় এবং আশির দশকে এটি প্রধান লাভজনক রেলকোম্পানীগুলির একটিতে পরিণত হয়।

রেল ব্যবস্থাঃ বর্তমান পর্যায়ঃ ১৯৮১ পরবর্তী :

১৯৮০র দশকের শুরুতে আন্তঃনগর যাত্রী পরিবহণের প্রায় ৮৪% দখল করে নেয় ব্যক্তিগত মোটরগাড়ী এবং এতে রেললাইনের অংশ ছিল এক ভাগেরও কম মাত্র ০.৭% ভাগ। তবে পণ্য পরিবহণের ক্ষেত্রে রেলের ভূমিকা ছিল তখনও গুরুত্বপূর্ণ। ১৯৭৫ সালে যেখানে রেলে ১৬.৫ বিলিয়ন ডলারের পণ্য পরিবহন করা হয়। সেখানে ১৯৯১ সালে এটি বেড়ে দাঁড়িয়েছে

২৯.৯ বিলিয়ন ডলার। আশি এবং নব্বই এর দশকে আমেরিকা অন্যান্য উন্নত দেশের তুলনায়ও রেল পরিবহণের দিক থেকে পিছিয়ে গেছে। ব্রিটিশ রেলপথ ১০.৭০৬ মাইল দৈর্ঘ্য নিয়ে ১৯৮৫ সালে যেখানে ১৮.৭ বিলিয়ন যাত্রী-মাইল ভ্রমণে সক্ষম হয়েছে এবং ফ্রান্স ২১.৪৯৩ মাইল রেলপথ নিয়ে এর প্রায় দ্বিগুণ যাত্রী-মাইল ভ্রমণে সমর্থ হয়েছে সেখানে মার্কিন রেলপথ ১৯৮৫ সালে ব্রিটেনের চেয়ে প্রায় ১৭ গুণ বড় হয়েও যাত্রী পরিবহণ করেছে মাত্র ১০.৯ বিলিয়ন যাত্রী-মাইল। রেলগবেষণার দিক থেকেও আমেরিকা বর্তমানে পিছিয়ে গেছে। ফ্রান্সের TGV বা জাপানের বুলেট ট্রেন দ্রুতগতির দিক থেকে আমেরিকার ট্রেনগুলিকে অনেক আগেই ছাড়িয়ে গেছে। ১৯৯১ সালে আমেরিকার মোট রেলদৈর্ঘ্য দাঁড়িয়েছে ১৪০.০০০ মাইল। আগের দুই দশক থেকে এই দৈর্ঘ্য কমে গেছে মোট ৬৬.০০০ মাইল। কর্মচারী সংখ্যা ১৯৭০ সালের তুলনায় ৩৬০.০০০ জন কমে ১৯৯১ সালে দাঁড়িয়েছে ২০৬.০০০ জনে। Amtrak এর বাইরে অন্যান্য রেললাইনগুলিতে ১৯৯১ সালে যেখানে আয় হয়েছে ২৭.৮৪৫ মিলিয়ন ডলার সেখানে ব্যয় হয়েছে ২৮.০৬১ মিলিয়ন ডলার। কেবল Amtrak এর গড় আয় যাত্রী প্রতি ৩১ ডলার থেকে ১৯৯১ সালে বেড়ে ৪৪ ডলারে দাঁড়িয়েছে।

সুতরাং আমেরিকার রেলওয়ের বিবর্তন সমগ্র রেলওয়ে ব্যবস্থার ইতিহাসে সম্ভবতঃ একমাত্র ব্যতিক্রম যেখানে রেলওয়ে একটি চূড়ান্ত পর্যায়ে বিকাশ লাভ করেও পরবর্তীতে শেঁচনীয়ভাবে অলাভজনক অবস্থায় নেমে এসেছিল। বস্তুতঃ আমেরিকায় রেলওয়ে কোন ব্যাপক পরিকল্পনার ভিত্তিতে গড়ে উঠেনি বরং অসংখ্য স্থানীয় এবং আঞ্চলিক ব্যবস্থা ও চাহিদার মধ্যে সংযোগ ও সমন্বয়ের মাধ্যমেই তার উদ্ভব এবং বিকাশ ঘটেছিল। উনিশ শতকেই প্রথম একটি ব্যাপক যোগাযোগ ব্যবস্থার কৌশলগত গুরুত্ব সম্বন্ধে পৃথিবীর সর্বত্র সকলে সচেতন হয়ে উঠেছিল। রেলওয়ের আবিষ্কার এবং মানুষের জীবনে ও অর্থনৈতিক কর্মকাণ্ডে এর ব্যাপক অংশগ্রহণ ছিল সেই সচেতনতারই ফসল। আমেরিকাতেও রেলওয়ে সেই উদ্দেশ্য সাধনেই নির্মিত হয়েছিল। ওয়াশিংটনের আমলের তুলনামূলকভাবে সরল অর্থনীতি ধীরে ধীরে পরিবর্তিত হয়ে একটি বাণিজ্যিক কৃষি এবং যন্ত্রনির্ভর শিল্পে রূপান্তরিত হচ্ছিল। পরিবর্তনের এই প্রক্রিয়ায় জাতীয় অগ্রগতির স্বার্থে রেলওয়ের মত একটি উন্নত, দ্রুত, এবং সহজ পরিবহণ ব্যবস্থা ছিল অপরিহার্য। রেলওয়ে প্রথমে পূর্বাঞ্চলে এবং পরে দক্ষিণ ও পশ্চিমাঞ্চলে একটি বাণিজ্যিক কৃষির বিকাশে; আমেরিকায় ব্যাপক অভিবাসনে; পশ্চিমে বসতি স্থাপনে; পূর্বে একটি বিশাল শিল্প ব্যবস্থার বিকাশে; লোহা, ষ্টীল, কয়লা, তেল, প্রভৃতি বৃহৎ শিল্প ও খনিজদ্রব্যের বিকাশে;

ক্রমবর্ধমান শিল্প-পণ্যের বাজার সৃষ্টিতে; একটি সুলভ, সহজ ও সার্বক্ষনিক যোগাযোগ ব্যবস্থা তৈরীতে; শহর ও নগরের উদ্ভব ও বিকাশে, ইত্যাদি প্রতিটি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিল। সামগ্রিকভাবে রেলওয়ে একটি ব্যাপক অর্থনৈতিক কর্মকাণ্ডের সূচনা ও বিকাশে ভূমিকা রেখেছিল। ষাটের দশকে Walt Rostow তাঁর 'Stages of economic growth' তত্ত্বে মন্তব্য করেন যে, রেলওয়ে আমেরিকার অর্থনীতিকে তার প্রথম পর্যায় "preconditions for growth" থেকে পরবর্তী "take-off" পর্যায়ে নিয়ে গিয়েছিল যেখানে একটি সমাজের জন্যে উন্নয়ন ছিল একটি স্বাভাবিক ও স্বতঃপ্রবৃত্ত প্রক্রিয়া। পরবর্তীতে Robert Fogel রস্টোর ধারণার বিরোধিতা করেন। মজার ব্যাপারে যে, ফোগেল প্রথম আমেরিকার ইতিহাসে রেলওয়ের অবদান তেমন গুরুত্বপূর্ণ নয় বলে মন্তব্য করেন। ষাটের দশকে আমেরিকার রেলওয়ের উপর ফোগেলের এই গবেষণা এবং তাঁর বক্তব্য পণ্ডিত মহলে একটি প্রবল বিতর্কের সৃষ্টি করে। ফোগেল মত দেন যে, রেললাইন না হলেও ১৮৪০-৫৯ পর্যায়ে তৈরী পণ্যের চাহিদার ২৩০% ভাগ বৃদ্ধি ঘটত যেখানে রেললাইন হওয়াতে তা হয়েছিল ২৪০% ভাগ। একই ধরনের বিশ্লেষণ ফোগেল পরের পর্যায়েও করেছেন। তাঁর মতে রেলওয়ে না হলে আমেরিকার অর্থনৈতিক উন্নয়নের গতি মাত্র তিন থেকে চার মাস পিছিয়ে যেত। বলাবাহুল্য ফোগেলের বক্তব্য প্রবল বিরোধিতার সৃষ্টি করলেও তা রেলওয়ের অবদান সম্বন্ধে আমেরিকার অর্থনীতিবিদদের নতুন মূল্যায়ন করতে সচেষ্ট করে তুলেছে।

সহায়ক গ্রন্থ তালিকাঃ

Morison, Commager & Leuchtenburg, *A Concise History of the American Republic*, Vol. I & 2 (Oxford University Press, New York, USA, 1977).

Jack Allen, *The American People* (American Book Company, USA, 1982).

Nelson Manfred Blake, *A Short History of American Life* (Mcgraw-Hill Inc., New York, USA, 1952).

Martin L. Primack & James F. Willis, *An Economic History of the United States* (Benjamin/Cummings Pub., California, USA, 1980).

Charles N. Glabb & Theodore Brown, *A History of Urban America* (Macmillan Pub. Co., New York, USA, 1983).

Gerald Gunderson, *A New Economic History of America* (Mcgraw-Hill Inc., New York, USA, 1976).

Walt W. Rostow, *The Stages of Economic Growth* (Cambridge University Press, England, 2nd ed., 1971).

Robert W. Fogel, *Railroads and American Economic Growth: Essays in Econometric History* (Johns Hopkins University Press, Baltimore, USA, 1964).

